গীতগোবিন্দ।

জয়দেব-কবি-বিরচিত।

বাঙ্গালা অনুবাদ সমেত।

শ্রীহরিমোহন বিদ্যাভূষণ

কর্ত্তৃক

অনুবাদিত।

কলিকাতা।

টাউন্ প্রেসে

শ্রীযোগেন্দ্রনাথ বসু দ্বারা মুদ্রিত

ও

পাথুরিয়াঘাটা ৭ নং ব্রজদুলাল ষ্ট্রীট্ হইতে

অনুবাদক কর্ত্তৃক প্রকাশিত।

সন ১২৯৩ সাল।

অশেষশাস্ত্রাধ্যাপক

পণ্ডিতবর শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রি মহোদয়

শ্রদ্ধাস্পদেষু।

শাস্ত্রি মহাশয়! আপনি অগ্রজের ন্যায় স্নেহার্দ্রহৃদয়ে মাদৃশ অনেক হতভাগাকে লিখিতে ও পড়িতে শিখাইয়াছেন, উহাদের উপকারের জন্য নিজের গুরুতর স্বার্থে জলাঞ্জলি দিয়া স্বীয় উদারতার ভূরি ভূরি পরিচয় প্রদান করিয়াছেন। আপনি কাব্যপ্রিয়, বিশেষতঃ বাঙ্গালা সাহিত্যের অকৃত্রিম সুহৃৎ; তাই আজ আপনাকে কৃতজ্ঞতাচিহ্নস্বরূপ এই সামান্য উপহার প্রদান করিলাম।

অনুবাদকস্য।

বিজ্ঞাপন।

——oo——

জয়দেব কবির গীতগোবিন্দ সংস্কৃত-সাহিত্য-সংসারে এক অদ্ভুত পদার্থ। পদ রচনার মাধুর্য্য, হৃদয়গত কোমল ভাবাবলীর অভিব্যক্তি প্রভৃতি গুণে ভারতীয় কাব্য সমূহের মধ্যে ইহার তুলনা নাই। সংস্কৃতে গীতিকাব্য অনেক আছে, অন্য ভাষায়ও গীতিকাব্য অনেক আছে; কিন্তু জয়দেব কি ভাব, কি ভাষা, কি সুর, সকল অংশেই গীতিকাব্য সমূহের রাজা। ভারতীয় সাহিত্য সংসারে জয়দেবের স্থান যত উচ্চ, বঙ্গীয় সাহিত্য-সংসারে তাঁহার স্থান তদপেক্ষা আরও অধিক উচ্চ। জয়দেব বাঙ্গালী, বাঙ্গালী কবিগণের আদিগুরু, তাঁহার ভাষা প্রায় বাঙ্গালা, আর তাঁহার ভাবেই আজিও বাঙ্গালা বিভোর হইয়া আছে, বাঙ্গালী সুগায়কগণ আজিও জয়দেবের গীত গুলি গান করে এবং তাঁহার সুরের অনুকরণ করিতে চেষ্টা করে। এই সকল কারণে জয়দেব কবি ও গীতগোবিন্দ কাব্য বাঙ্গালীর বড় আদরের ধন।

অনেকেই জয়দেব পাঠ করিতে আগ্রহ প্রকাশ করিয়া থাকেন কিন্তু সংস্কৃত না জানায় পারিয়া উঠেন না। তাঁহাদের জন্য অনুবাদ আবশ্যক। অনুবাদও অনেকবার হইয়াছে; কিন্তু দুঃখের বিষয় সে অনুবাদে কাহারও মন উঠে নাই। ঐ সকল অনুবাদে মূলভাবের ব্যত্যয় ঘটিয়াছে, অনুবাদকগণ অনুবাদ করিতে গিয়া মূল ত্যাগ করত টীকার ভাবও তাহাতে প্রবিষ্ট করিয়া দিয়াছেন। এরূপ অনুবাদকে অনুবাদই বলা যায় না। আর যে ভাষার যে রচনা প্রণালী অনুসরণ করিয়া সেই প্রকার অনুবাদ হইয়াছে তাহা অনুবাদের সম্পূর্ণ অযোগ্য।

জয়দেব অনুবাদ করা অতীব কঠিন কার্য্য। জয়দেবের পদাবলী

ভাঙ্গিতে ও ভাষান্তরিত করিতে গেলে উহার অনেক ভাব কর্পূরের ন্যায় উপিয়া যায় ; সে ভাব ধরিয়া রাখার উপায় অতি অল্প। উহার ভাষায় লালিত্য একেবারেই থাকে না এবং উহার সুরও বদলাইয়া কর্কশ হইয়া উঠে। টীকার ভাব অনুবাদ মধ্যে সংগ্রহ করার প্রলোভন অতিক্রম করা অনুবাদকের পক্ষে কঠিন হইয়া উঠে। ইহার উপর আবার যদি পদ্যে অনুবাদ হয় তবে আর কিছুই থাকে না।

এই জন্য আমরা পদ্যত্যাগ করিয়া গদ্যে মূলের অনুবাদ করিলাম। সাধ্যমত টীকার ভাব গ্রহণ করি নাই। মূল হইতে টীকাকারগণ যে সকল ভাব সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন আমাদের অনুবাদ হইতেও পাঠকগণ যাহাতে সেই সকল ভাব সংগ্রহ করিতে পারেন সেই রূপে অনুবাদ করিতে চেষ্টা করিয়াছি। আমরা অনুবাদ করিতে গিয়া একটী বড়ই সুবিধা পাইয়াছি। এখনকার যে পদ্য-প্রায় গদ্য চলিত হইয়াছে, উহার ন্যায় জয়দেব অনুবাদের ভাষা বা রচনা প্রণালী আর নাই। যে গদ্যে বঙ্কিম বাবুর 'কমলাকান্তের দপ্তর' লিখিত হইয়াছে, হরপ্রসাদ শাস্ত্রীর 'বাল্মীকির জয়' লিখিত হইয়াছে ; বিশেষত, চন্দ্রশেখর মুখোপাধ্যায় মহাশয়ের 'উদ্ভ্রান্ত প্রেম' লিখিত হইয়াছে, সে গদ্য জয়দেব অনুবাদের সম্পূর্ণ উপযোগী। জয়দেবের ন্যায় না হউক, উহাতে ভাষার লালিত্য ও সুর রক্ষিত হয়, এবং চেষ্টা করিলে সকল প্রকার সূক্ষ্ম ভাবই ব্যক্ত করা যায়। এই ভাষায় অনুবাদ করিলে ভাব "উপিয়া" যায় না। আমরা অনুবাদ কালে এই ভাষাই অবলম্বন করিয়াছি।

গীতগোবিন্দের চারিখানি হস্তলিখিত প্রাচীন টীকা পাওয়া গিয়াছে। প্রথম খানির নাম বালবোধিনী, টীকাকার নিজের নাম দেন নাই। কিন্তু প্রসিদ্ধি আছে যে, জয়দেবের প্রতিষ্ঠিত শ্রীরাধামাধব বিগ্রহের পূজারি শ্রীমৎ পূজারি গোস্বামীই এই টীকার প্রণেতা। লোকে যাহাতে গুরু সাহায্য ব্যতিরেকে শুদ্ধ টীকা দেখিয়াই জয়দেবের অর্থ গ্রহণ করিতে পারে ইনি সেই অভিপ্রায়ে টীকা রচনা করিয়াছেন। টীকাকার ব্যাকরণাদি লইয়া অধিক

আড়ম্বর করেন নাই, এবং যদিও নিজেই প্রচুর পরিমাণে ভাবার্থ প্রদান করিয়াছেন তথাপি ভাবার্থ বোধের জন্য "ভাবার্থ দীপিকা" পাঠ করিবার নিমিত্ত পাঠক বর্গকে অনুরোধ করিয়াছেন। অস্মদ্দেশে এই টীকাই সমধিক আদৃত; তজ্জন্য আমরা সংশোধিত করিয়া এই টীকাই মুদ্রিত করিলাম। ইহাই বৈষ্ণব সমাজে প্রামাণিক টীকা বলিয়া পরিগণিত আছে।

দ্বিতীয় টীকার নাম গঙ্গা। মিথিলা নিবাসী কবি কৃষ্ণ দত্ত ইহার রচয়িতা। কৃষ্ণ দত্ত যখন কাশীতে বাস করেন, তখন তিনি পুরুষোত্তম শর্ম্মা নামে অভিহিত হন। তিনি মিথিলার যে চতুঃসীমা দিয়াছেন তাহা এই—উত্তরে হিমালয়; দক্ষিণে গঙ্গা; পূর্ব্বে কৌশিকী; পশ্চিমে গণ্ডকী। তাঁহার মতে মিথিলাই দেশ সমূহের মধ্যে শ্রেষ্ঠ, এবং মৈথিলগণ বুদ্ধি, পুণ্য, সিদ্ধি ও আভিজাত্যে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। কৃষ্ণ দত্তের পিতার নাম ভবেশ, মাতার নাম ভগবতী, তাঁহার আর দুইটী জ্যেষ্ঠ ভ্রাতা ও দুইটী ভগিনী ছিল। বৈষ্ণবেরা শিবকে মানেন না এবং শৈবেরা বিষ্ণুকে মানেন না; এই জন্য শৈব ও বৈষ্ণবের মধ্যে পরস্পরের দ্বেষভাব আছে। এই দ্বেষভাব নিবারণের জন্য শ্রীমধুসূদন নামক টীকাকার মহিম্নস্তোত্রের কৃষ্ণপক্ষে অর্থ করিয়াছিলেন। ইনিও মধুসূদনের অনুবর্ত্তী হইয়া শিবপক্ষে সমগ্র গীতগোবিন্দের ব্যাখ্যা করিয়াছেন। ইঁহার ব্যাখ্যা প্রথমতঃ কৃষ্ণপক্ষে পরে শিবপক্ষে। শিবপক্ষে অর্থ করিতে গিয়া টীকাকার অনেকস্থলেই কষ্টকল্পনা করিয়াছেন। রাধা শব্দের অর্থ আদ্যাশক্তি দুর্গা, অর্থাৎ "রাধয়তি সৃষ্ট্যাদিকমিতি, রাধ্নোতি স্বয়ং সিধ্যতীতি, রাধ্যতি জননীত্বাৎ জগতঃ শুভাশুভং পর্য্যালোচয়তি ইতি, রাধ্যতে প্রাপ্যতে কাঙ্ক্ষিতমনয়া ইতি রাঃ শব্দঃ তং দধাতি আদধাতি বা। রাকারো দেবমাতা দেবানাং ব্রহ্মাদিত্রয়াণাং কারণত্বাৎ জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিত্রয়ং তদাধানভূতেতি বা।" দেখুন রাধা শব্দের দুর্গা অর্থ করিতে গিয়া টীকাকার কত কষ্ট কল্পনা করিয়াছেন। নন্দ শব্দে নন্দী অর্থ করিতে গিয়া টীকাকার লিখিয়াছেন নন্দঃ অস্মিন্ অস্তীতি নন্দো নন্দী

তদানীমাদরৌৎসুক্যবশাৎ নন্দীতি বক্তব্যে নন্দ ইতি শিবেন ব্যাহরণাৎ তথা ব্যবহারঃ, লোকেঽপি তথা দৃশ্যতে। অর্থাৎ শিব নন্দীকে আদর করিয়া ডাকিবার সময় নন্দ বলিয়া ডাকিতেন।

তৃতীয় টীকা খানি নারায়ণ পণ্ডিত বিরচিত। টীকা খানির নাম পদ্যোতনিকা বলিয়া লেখা আছে, বোধ হয় পদদ্যোতনিকা হইবে। এখানি অতি সংক্ষিপ্ত টীকা; টীকাকার ইহাকে টীপ্পনী বলিয়া উল্লেখ করিয়াছেন।

চতুর্থ টীকার নাম সারদীপিকা। টীকাকারের নাম জগৎহরি। জগৎহরি প্রণীত মালতিমাধবের টীকা প্রসিদ্ধ আছে, এবং ঐ টীকা অতি প্রামাণিক বলিয়া সর্ব্বত্র বিখ্যাত। এই টীকার শেষের কয়েকটী শ্লোকের ব্যাখ্যা নাই। এখানিও সংক্ষিপ্ত টীকা।

আমাদের দেশের প্রাচীন গীতগোবিন্দ গ্রন্থে যেরূপ পাঠ আছে, আমরা এই পুস্তকে তদনুসারে মূলের পাঠ গ্রহণ করিয়াছি। বিশেষ আবশ্যক স্থল ব্যতীত পাশ্চাত্য পণ্ডিতগণের মুদ্রিত পুস্তক-স্থিত পাঠের অনুসরণের জন্য কোনরূপ পরিবর্ত্তনের চেষ্টা করি নাই।

জয়দেবের জীবনী।

পূর্ব্বেই জয়দেবকে আমরা বাঙ্গালী বলিয়া উল্লেখ করিয়াছি। তাঁহার গীতগোবিন্দে লিখিত আছে যে, কেন্দুবিল্ব গ্রাম তাঁহার নিবাস স্থান। বীরভূমের অন্তর্গত অজয় নদীর তীরবর্ত্তী কেন্দুলী নামক গ্রামে বহুকালাবধি মাঘ মাসের মকর সংক্রান্তির দিনে জয়দেব গোস্বামী নামক একজন পরম ভাগবত ভক্ত বৈষ্ণবের তিরোভাব স্মরণার্থ বৎসর বৎসর একটি মেলা হইয়া থাকে। এইজন্য অনেকে কেঁদুলিকে কেন্দুবিল্বের অপ্রভ্রংশ মনে করিয়া উহাকেই জয়দেবের নিবাস স্থান বলিয়া স্থির করেন। আমরা তাঁহাদের কথার বিরুদ্ধে কোন প্রমাণই দেখিতে পাই না। যে স্থলে এরূপ বৎসর বৎসর মেলা হইয়া থাকে সে স্থলে কেমন করিয়া বলিব যে এ মেলা জয়দেবের স্মরণার্থ নহে। তবে এক কথা বলিতে পারা যায়, মেলার জয়দেব গীতগোবিন্দের জয়দেব কি না। কিন্তু কেন্দুবিল্ব নাম সে সংশয় অপনোদন করিতেছে। অতএব আমরা যতদিন বিশেষ বিরোধী প্রমাণ না পাই, ততদিন জয়দেবকে এই কেন্দুলি নিবাসী বলিয়া বিশ্বাস করিব। কেন্দুলিতে তাঁহার সমাধি স্থান ও প্রতিমূর্ত্তি আছে। মেলাতে প্রতিবৎসর বিস্তর বৈষ্ণবের সমাগম হইয়া থাকে।

জয়দেব যে বাঙ্গালী ছিলেন তাহার আর একটি প্রমাণ এই যে তিনি নিজ গ্রন্থ মধ্যে যে কয়েক জন প্রতিদ্বন্দ্বী কবির নাম করিয়াছেন তাঁহাদের মধ্যে উমাপতিধর গৌড়াধিপতি মহারাজ লক্ষ্মণসেনের তাম্রশাসন সমূহ রচনা করিতেন। ঐ সকল তাম্র শাসনে তাঁহার নাম আছে। গোবর্দ্ধনাচার্য্য আর্য্যাসপ্তশতী নামক কাব্যের প্রণেতা। তিনি উক্ত কাব্য মধ্যে আপনাকে সেন বংশীয়দিগের আশ্রিত বলিয়া বর্ণনা করিয়াছেন। ইহা দ্বারা আর কিছু প্রমাণ না হউক জয়দেবের

যে এই সকল কবির সহিত বিশেষ ঘনিষ্ঠ সংস্রব ছিল তাহা প্রমাণ হইতেছে। লক্ষ্মণসেন বঙ্গদেশের রাজা ছিলেন অতএব উমাপতি-ধর, গোবর্দ্ধনাচার্য্য এবং তাঁহাদের প্রতিদ্বন্দ্বী জয়দেবও সম্ভবতঃ বঙ্গদেশেই বাস করিতেন। কথিত আছে মহারাজ লক্ষ্মণসেন জয়দেবের কাব্যে মোহিত হইয়া তাঁহাকে "কবিরাজ" এই উপাধি প্রদান করিয়াছিলেন।

পূর্ব্বে যাহা লিখিত হইয়াছে তাহাতেই বোধ হইবে যে জয়দেব লক্ষ্মণসেনের সময়ের লোক। খ্রীষ্টীয় ১১০৮ অব্দ হইতে লক্ষ্মণ-সেনের নামে এক অব্দ প্রচলিত আছে। মিথিলার পণ্ডিতগণ এই অব্দ অনুসারে গণনা করিয়া থাকেন। ইহার নাম লক্ষ্মণসম্বৎ। জয়দেব লক্ষ্মণসেনের সময়ের লোক হইলে তিনি খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর প্রথমে বর্ত্তমান ছিলেন একথা আমরা বিশ্বাস করিতে পারি। খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর শেষ ভাগে যখন পৃথ্বীরাজের সহিত মহম্মদ ঘোরীর যুদ্ধ হয় তখন চাঁদ কবি পৃথ্বীরাজের সভাসদ্ ছিলেন। তিনি স্বপ্রণীত পৃথ্বীরাজ চৌহান রাসৌ গ্রন্থের প্রথমেই প্রাচীন কবিগণের নাম কীর্ত্তন করিতে গিয়া সর্ব্বশেষে জয়দেবের নাম উল্লেখ করিয়াছেন। সুতরাং জয়দেব যে চাঁদকবির কিঞ্চিৎ পূর্ব্ব সময়ের লোক তাহা এক প্রকার স্থিরীকৃত হইল।

জয়দেবের জীবনী ও সমালোচনা লিখিতে গিয়া অনেকেই অনেক কথা লিখিয়াছেন। কিন্তু তাঁহাদের লিখিত কথার বিশেষ প্রমাণ প্রয়োগ না পাওয়ায়, আমরা পাঠকবর্গকে তাহা উপহার দিতে অক্ষম হইলাম। আমরা জয়দেবের জীবনীসম্বন্ধে যে সকল বিষয়ের বিশেষ প্রমাণ পাইলাম সেই সকল কথাই লিখিতে সাহসী হইলাম। প্রাচীন বৈষ্ণব গ্রন্থ ও প্রচলিত বৈষ্ণবধর্ম্ম পর্য্যালোচনা করিয়া আমা-দের যেরূপ ধারণা হইয়াছে সমালোচনাও তদনুসারেই করা হই-য়াছে।

ভক্তমাল গ্রন্থে জয়দেবের জীবনীসম্বন্ধে এইরূপ লিখিত আছে :—

পরম ভাগবত জয়দেব মহাশয় কেন্দুবিল্বগ্রামে জন্মগ্রহণ করেন।

তিনি সুপণ্ডিত, ভক্তিমান্ ও বিনয়ী ছিলেন। তিনি বৈরাগ্যব্রত অবলম্বন পূর্ব্বক কন্থা ও কমণ্ডলু মাত্র সমভিব্যাহারে শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে গমন করিয়া বৃক্ষতলে অবস্থান করিতে লাগিলেন। শ্রীশ্রীজগন্নাথ প্রভু প্রেমগুণে তাঁহাকে কৃপা করিলেন।

এই সময়ে একজন ব্রাহ্মণ আসিয়া একটী বিবাহযোগ্যা কন্যা লইয়া দাসীস্বরূপে জগন্নাথ দেবকে সমর্পণ করিলেন। পূর্ব্বে ঐ ব্রাহ্মণের সন্তান হয় নাই, তিনি জগন্নাথদেবের নিকট এই বলিয়া সন্তান প্রার্থনা করিয়াছিলেন যে, তাঁহার প্রথম সন্তান প্রভুর সেবার্থে অর্পণ করিবে। তজ্জন্য এই প্রথম জাত কন্যাটীকে প্রভুকে সমর্পণ করিতে আনিয়াছিলেন। জগন্নাথদেব ব্রাহ্মণকে আদেশ করিলেন যে কন্যাটী আমারই গ্রহণ করা হইল, এই স্থানে জয়দেব নামে আমার একজন ভক্ত অবস্থান করিতেছে তুমি তাহার সহিত ইহার বিবাহ দিলে আমি অত্যন্ত সুখী হইব। প্রভুর এই আজ্ঞা লাভে ব্রাহ্মণ জয়দেবের নিকট যাইয়া বলিলেন যে, জগন্নাথদেবের আজ্ঞা, তুমি আমার এই কন্যাটীকে গ্রহণ কর, তাঁহার আদেশ অবজ্ঞা করিও না। জয়দেব ইহা শুনিয়া স্তম্ভিত হইয়া বলিলেন—প্রভুর এ আদেশ আমি পালন করিতে পারিব না। আপনি কন্যা লইয়া চলিয়া যান ; বরঞ্চ আমি তাঁহার দেশ ছাড়িয়া পলায়ন করিব, তথাপি বিবাহ করিব না। আমার প্রতি ইহা কৃপা নহে, ইহাকে অকৃপা বলিতে হইবে। ব্রাহ্মণ বলিলেন আপনাকে তাঁহার আজ্ঞা অবশ্যই পালন করিতে হইবে। এইরূপে বাগবিতণ্ডা উপস্থিত হওয়ায় ব্রাহ্মণ উঠিয়া চলিয়া গেলেন, গমনকালে কন্যাকে এই কথা বলিলেন যে ইনিই তোমার স্বামী বলিয়া জানিও। কন্যার নাম পদ্মাবতী, তাঁহার রূপ পদ্মিনীর ন্যায় ; তিনি জয়দেবের সন্নিধানে বসিয়া রহিলেন, জয়দেব তাঁহাকে চলিয়া যাইতে বলিলেন। তাহাতে ঐ কন্যা করুণস্বরে রোদন করিয়া বলিতে লাগিলেন—জগন্নাথদেবের আজ্ঞানুসারে পিতা আমায় আপনাকে সমর্পণ করিয়া চলিয়া গেলেন ; অতএব আমি প্রতিজ্ঞা করিয়া বলিতেছি যে, আপনিই আমার স্বামী, আপনি আমাকে

পরিত্যাগ করেন করুন, আমি আপনাকে পরিত্যাগ করিব না, কায়-মনোবাক্যে আপনার চরণ সেবা করিব। অনন্তর জয়দেব অনেক বিবেচনা করিয়া এই সিদ্ধান্ত করিলেন যে জগন্নাথদেবের আজ্ঞা কখনই মিথ্যা হয় না, আমাকে তাহা পালন করিতে হইতেছে, বুঝিলাম সংসারবন্ধনে বদ্ধ হইতে হইল। জগন্নাথদেব জগতের কর্ত্তা, তিনি যখন এরূপ আদেশ করিলেন তখন আমার আর উপায় নাই। এই সকল ভাবিয়া তিনি পদ্মাবতীর পাণিগ্রহণ করিলেন।

তৎপরে জয়দেব একটি কুটীর নির্ম্মাণ পূর্ব্বক তন্মধ্যে শ্রীরাধামাধব নামক বিগ্রহ সংস্থাপন করিয়া পদ্মাবতীকে তাঁহার পরিচর্য্যায় নিযুক্ত করিলেন।

এই সময়ে শ্রীরাধামাধব মূর্ত্তি অনবরত অবলোকন করিয়া ভক্তি-পরায়ণ জয়দেবের অন্তঃকরণে তাঁহার লীলা বর্ণনা করিতে একান্ত আগ্রহ জন্মিল। তিনি গীতগোবিন্দ নামক দ্বাদশ সর্গাত্মক একখানি অপূর্ব্ব ও চমৎকার গ্রন্থ রচনা করিলেন। অদ্যাবধি ত্রিসন্ধ্যা এই গীত গোবিন্দের গান না শুনিলে জগন্নাথদেব সেবা ও পূজা গ্রহণ করেন না।

এই গ্রন্থের মহিমা বর্ণনা করা সাধ্যাতীত, শ্রীকৃষ্ণ স্বহস্তে লেখনী ধারণ পূর্ব্বক উহাতে অক্ষর যোজনা করিয়াছিলেন। জগতে ইহা প্রসিদ্ধ আছে যে, খণ্ডিতা নায়িকা রাধিকার মধুর-রস বর্ণনা করিতে শ্রীকৃষ্ণ তাঁহার চরণে পতিত হইয়া থাকেন। কিন্তু জয়দেবের মনে এ বিষয়ে অত্যন্ত সন্দেহ উপস্থিত হইল, তিনি কুসুম-কোমল-শরীর শ্রীকৃষ্ণের লাঞ্ছনা বর্ণন করিতে পারিলেন না, দুঃখিত মনে পুস্তক রাখিয়া স্নানার্থে সাগরে গমন করিলেন। ইতিমধ্যে শ্রীকৃষ্ণ জয়দেবের রূপ ধারণ করতঃ তাহার গৃহে আগমন করিয়া পুস্তক মধ্যে "দেহি পদপল্লবমুদারং" এই কয়েকটি কথা লিখিয়া শীঘ্র চলিয়া গেলেন। কিয়ৎক্ষণ পরেই জয়দেব সমুদ্র হইতে স্নান করিয়া প্রতিনিবৃত্ত হইলে পদ্মাবতী সন্দিগ্ধ হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, আপনি এইমাত্র পুস্তক লিখিবার নিমিত্ত ফিরিয়া আসিয়াছিলেন এত অল্প সময়ের

মধ্যে স্নান সমাপন করিয়া আবার কিরূপে প্রত্যাগত হইলেন। বুদ্ধিমান্ জয়দেব গোস্বামী ইহার গূঢ় মর্ম্ম অবগত হইয়া শীঘ্র গ্রন্থ উদ্‌ঘাটন পূর্ব্বক ভগবান্ লিখিত অপ্রাকৃত সদক্ষর পংক্তি অবলোকন করিয়া প্রেমাবেশে উন্মত্ত হইলেন। তাঁহার নয়নে জল ধারা বিগলিত হইতে লাগিল, পুলকে সর্ব্বাঙ্গ কম্পিত হইতে লাগিল। তিনি পদ্মাবতীর চরণ ধারণ করিয়া বলিলেন—পদ্মাবতী তুমিই ধন্যা, তোমারই জীবন সার্থক। আমার ভাগ্যে প্রভুর দর্শন লাভ হইল না, তোমার জীবন সার্থক হইল, তুমি যাঁহাকে অদ্য দর্শন পাইলে তিনিই তোমার প্রকৃত স্বামী।

এই গীতগোবিন্দ কাব্যের যশঃসৌরভ চতুর্দ্দিকে ব্যাপ্ত হওয়ায় পুরুষোত্তমের রাজার মনে কিঞ্চিৎ ঈর্ষার উদয় হইল। তিনি গীতগোবিন্দ নামে আর একখানি পুস্তক রচনা করিয়া অমাত্যগণকে তাহার প্রচারার্থ অনুরোধ করিলেন। সভাসদ্ ব্রাহ্মণ পণ্ডিতগণ হাস্য করিয়া বলিলেন যে, জয়দেবকৃত গ্রন্থ প্রভুর অত্যন্ত প্রিয়বস্তু, এরূপ গ্রন্থ থাকিতে আপনার গ্রন্থ চলিবে না। অনন্তর উক্ত পুস্তক দুইখানি পরীক্ষার জন্য জগন্নাথ দেবের নিকট সংস্থাপন করা হইলে, জগন্নাথদেব কবিরাজকৃত গ্রন্থ হৃদয়ে ধারণ করিলেন, এবং নৃপ-কৃত গ্রন্থ চরণে প্রক্ষেপ করিলেন। ইহাতে রাজার মনে অত্যন্ত অভিমানের উদয় হইল। তিনি জল-মগ্ন হইয়া প্রাণত্যাগ করিবার জন্য সমুদ্রে গমন করিলেন। রাজা প্রভুর ভক্ত ছিলেন, অতএব পরম কারুণিক জগন্নাথ দেবের মনে দয়ার আবির্ভাব হইল, তিনি তাঁহাকে আদেশ করিলেন, জলমধ্যে নিমগ্ন হইয়া প্রাণ বিসর্জ্জন করিও না, তোমার গ্রন্থ আমি অঙ্গীকার করিলাম।

হরি-পরায়ণ জয়-দেবের সৌভাগ্যের সীমা ছিল না। তিনি এক দিন আপন ঘরের চাল ছাইতে ছিলেন, তাঁহাকে রৌদ্রে ক্লান্ত দেখিয়া শ্রীকৃষ্ণের মনে দুঃখ জন্মিল, তিনি পদ্মাবতীর রূপ ধারণ করিয়া ঘরের ভিতর হইতে গিরা কুড়িয়া দিতে লাগিলেন। এই সময়ে পদ্মাবতী কোন কার্য্যের নিমিত্ত দূরদেশে থাকাতে সাধু বিস্মিত হইয়া চিন্তা

করিতে লাগিলেন তবে ঘরের ভিতর হইতে কে আমায় গিরা ফুড়িয়া দিতেছে? অনুসন্ধান করিয়া দেখিলেন শ্রীরাধামাধবের হস্তে ঝুল ও মলা রহিয়াছে। ইহাতে সাধু মনে বড় কষ্ট পাইলেন। তিনি হাহাকার করতঃ চীৎকার করিয়া বলিলেন, এমন সুকুমার তনু ননির পুতুলি আমার নিমিত্ত কেন এত পরিশ্রম করিলেন? আর এক দিন শ্রীকৃষ্ণ জয়দেবের রূপ ধারণ করিয়া পদ্মাবতীর হস্তে অন্ন ভোজন করিয়াছিলেন।

এক সময়ে জয়দেব স্বীয় বিগ্রহের সেবার জন্য বিদেশ হইতে অর্থ সংগ্রহ করিয়া স্বদেশে প্রত্যাগত হইতেছিলেন। পথিমধ্যে দস্যুগণ সর্ব্বস্ব অপহরণ পূর্ব্বক তাঁহার হস্ত ও পদ ছেদন করিয়া তাঁহাকে কূপ মধ্যে নিক্ষেপ করিল। সাধু কূপমধ্যে কৃষ্ণ নাম জপ করিতে করিতে অবস্থান করিতে লাগিলেন। এই ঘটনার দুই তিন দিবস পরে কোন রাজা মৃগয়ার্থে গমন করিয়া সূর্য্য-সম-তেজস্বী জয়দেবকে দেখিতে পাইলেন। রাজা তাঁহাকে কূপ হইতে উত্তোলন করিয়া এইরূপ দুরবস্থার কারণ জিজ্ঞাসা করিলে তিনি উত্তর করিলেন—কৃষ্ণের ইচ্ছাই ইহার এক মাত্র কারণ। অনন্তর রাজা তাঁহাকে শিবিকার আরোহণ পূর্ব্বক স্বগৃহে লইয়া গিয়া বলিলেন, প্রভু! আজ্ঞা করুন, আপনার কোন্ সদনুষ্ঠানে অভিলাষ আছে? তিনি বলিলেন, আমি বৈষ্ণব সেবা করিতে ইচ্ছা করি। তদনুসারে রাজা প্রতিদিবস উৎকৃষ্ট খাদ্য দ্রব্য সংগ্রহ করিয়া বৈষ্ণবগণকে ভোজন করাইতে লাগিলেন। ইহাতে সাধুর আনন্দের আর সীমা রহিল না। ঐ সময় দস্যুগণ ছদ্ম-বেশ ধারণ করিয়া রাজার গৃহে আতিথ্য স্বীকার করিল। মহামতি জয়দেব তাহাদিগকে দেখিবামাত্রই বুঝিতে পারিলেন যে দুষ্টমতি দস্যুগণ রাজাকে প্রতারণা করিতে আসিয়াছে। কিন্তু তিনি রাজাকে সম্বোধন করিয়া বলিলেন যে, নবাগত বৈষ্ণবগণকে সর্ব্বাপেক্ষা অধিক শুশ্রূষা ও পরিচর্য্যা করিবে। রাজা তাঁহার আজ্ঞানুসারে তাহাদিগকে নানামতে সেবা করিতে লাগিলেন। কিন্তু দস্যুগণের চিত্ত ভয়ে চঞ্চল হইতে লাগিল। তাহারা

দেখিল যে আমরা যাহার হস্ত পদ ছেদন করিয়া কূপে নিক্ষেপ করিয়াছিলাম সেই ব্যক্তিই এই রাজগৃহে অধিকারী। বোধ হয় ছল করিয়া রাখিয়া দিয়াছে, হয় আমাদিগকে শূলে দিবে, না হয় আমাদিগের মস্তক ছেদন করিবে। এই সকল ভাবিয়া তাহাদিগের মনে কিছুতেই সুখ হইল না। অন্য স্থানে গমন করিবার জন্য প্রতিদিবস রাজার নিকট বিদায় প্রার্থনা করিতে লাগিল; রাজা সাধুর অনুমতি ব্যতিরেকে বিদায় দিতে স্বীকৃত হইলেন না। তৎপরে উহারা ভয়ে পলায়ন করিতে চেষ্টা করিলে সাধু এই আদেশ করিলেন যে বিদায়কালে ইহাদিগকে প্রচুর অর্থ প্রদান করুন ও বহনের জন্য সঙ্গে লোক পাঠাইয়া দিন। অনন্তর রাজা অর্থ ও লোক সঙ্গে দিয়া তাহাদিগকে সাদরে বিদায় প্রদান করিলে কিয়দ্দূর গমন করিয়া সেই দুষ্টমতি দস্যুগণ রাজার ভৃত্যগণকে ফিরিয়া যাইতে বলিল। নৃপতির এরূপ আজ্ঞা না থাকায় ভৃত্যগণ উহাতে স্বীকার পাইল না, এবং তাহাদিগকে জিজ্ঞাসা করিল সাধু অন্যান্য বৈষ্ণব অপেক্ষা আপনাদিগকে কি জন্য এত সম্মাননা করিলেন। দস্যুগণ এই সুযোগ পাইয়া তাহাদিগকে এই বুঝাইয়া দিবার চেষ্টা করিল যে আমরা সকলে পূর্ব্বে কোন রাজগৃহে ভৃত্য ছিলাম। কিন্তু কোন গুরুতর অপরাধে নৃপতি সাধুর প্রাণবধের আজ্ঞা করেন। কিন্তু আমরা দয়া পূর্ব্বক উঁহার প্রাণবধ না করিয়া হস্তপদ ছেদন করিয়া ছাড়িয়া দিয়াছি। এক্ষণে পাছে আমরা পূর্ব্ব কথা প্রকাশ করিয়া দিই সেই ভয়ে অথবা আমরা তাঁহার প্রাণ রক্ষা করিয়াছিলাম বলিয়া তিনি আমাদিগকে সম্মানের সহিত প্রচুর অর্থ প্রদান করিয়াছেন। এই কথা বলিবামাত্র পৃথিবী বিদীর্ণ হইয়া দস্যুগণকে মৃত্তিকা মধ্যে প্রোথিত করিল। এই ব্যাপার অবলোকন করিয়া রাজভৃত্যগণ অবাক্ হইয়া গেল। তাহারা রাজার নিকট প্রত্যাগত হইয়া এই কথা নিবেদন করিলে রাজা সাধুকে আহ্বান করিয়া যত্ন-পূর্ব্বক জিজ্ঞাসা করায় জয়দেব তাঁহাকে আদ্যোপান্ত বলিলেন। রাজা তাহাতে উত্তর করিলেন, তবে আপনি কেন ইহাদিগকে এত সমাদর করাইলেন কেনই বা এত অর্থ

প্রদান করাইলেন? সাধু উত্তর করিলেন, অর্থ অথবা সম্মান দ্বারা সকলের অন্তঃকরণে সুখ প্রদান করাই কর্ত্তব্য কার্য্য, বিশেষত যাহারা দস্যু-বৃত্তি-অবলম্বী তাহাদিগকে প্রচুর পরিমাণে অর্থ প্রদান করা উচিত; এরূপ করিলে তাহারা আর পরহিংসা করিবে না। এই কথা বলিতে বলিতে তিনি পূর্ব্বমত হস্ত পদ লাভ করিলেন। সাধু ও অসাধুর এই রূপ গতি হইয়া থাকে!

এই ঘটনার পর রাজা জয়দেবের পত্নী পদ্মাবতীকে তথায় আনাইলেন। ঐ সময়ে রাণীর ভ্রাতার মৃত্যু হইয়াছিল, ঐ সঙ্গে তাহার সহধর্ম্মিণীও অনুগমন করিতেছিলেন। ইহাতে রাণী অত্যন্ত দুঃখিত হওয়ায় পদ্মাবতী তাঁহাকে এই বলিয়া সান্ত্বনা করিতে লাগিলেন, রমণীগণ প্রেম বন্ধনে বদ্ধ হইয়া সহমৃতা হয়, স্ত্রীলোকের প্রাণ পতির অধীন, যে স্ত্রী পতি-বিয়োগে প্রাণ পরিত্যাগ না করে সে স্ত্রী প্রেমিকা নহে। রাজ-মহিষী, পদ্মাবতীর এই বাক্য প্রকৃত হৃদয়ের কথা কি না পরীক্ষা করিবার জন্য এক দিবস তাঁহাকে মিথ্যা করিয়া বলিলেন জয়দেব গোস্বামীর মৃত্যু হইয়াছে। পতি-পরায়ণা সাধ্বী পদ্মাবতী তাহা শুনিয়া তৎক্ষণাৎ প্রাণ পরিত্যাগ করিলেন। তাহার পর জয়দেব এই সকল ব্যাপার অবগত হইয়া কৃষ্ণ-নাম-রূপ মৃত-সঞ্জীবনী মন্ত্র দ্বারা তাঁহার প্রাণসমা ভার্য্যাকে পুনর্ব্বার জীবিত করিলেন।

পদ্মাবতী পুনর্জ্জীবিত হইলে জয়দেব রাজাকে সঙ্গে লইয়া শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে গমন করিলেন। তাঁহার মুখ-বিনিঃসৃত মধুর গীতগোবিন্দ পদাবলী শ্রবণ করিয়া তত্রত্য পাষণ্ড ও বিষয়াসক্ত ব্যক্তিগণও ভক্তিরসে আর্দ্র হইতে লাগিল। এই সময়ে একজন মালাকারের দুহিতা বার্ত্তাকু ক্ষেত্রে বার্ত্তাকু তুলিতে তুলিতে আনন্দে জয়দেবের পদাবলী গান করিতেছিল। জগন্নাথ প্রভু নিজ লীলা শ্রবণে মালিনীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন, হায় তাঁহার কোমল পাদপদ্মে কণ্টক বিদ্ধ হইতে লাগিল, শ্রীঅঙ্গের বস্ত্র কণ্টকে ছিন্ন হইল, উত্তরীয়ে কণ্টকিত পত্র সমূহ বিদ্ধ হইয়া রহিল, প্রভু

শ্রীমন্দিরে ছিন্ন ভিন্ন বেশে প্রত্যাগত হইলেন। পাণ্ডাগণ দ্বার উদ্ঘাটন করিয়া দেখিল প্রভুর শ্রীঅঙ্গের বস্ত্র ও মাল্যাদি আভরণ ছিন্ন হইয়া গিয়াছে, সর্ব্বাঙ্গে বার্ত্তাকু কণ্টক বিদ্ধ হইয়াছে। তৎক্ষণাৎ তাহারা রাজাকে এই সংবাদ প্রদান করিলে, রাজা আসিয়া বিবর্ণবদনে প্রভুর স্তব করিতে লাগিলেন। বলিলেন, প্রভো, জগতে আপনার কোন্ বস্তু অলভ্য আছে ; হায় ! আপনি কিজন্য স্থানান্তরে গমন করিয়াছিলেন। আহা, আপনার শ্রীঅঙ্গে কত বেদনা হইয়াছে ; কোন্ মূঢ় আপনাকে এরূপ ক্লেশ দিয়াছে। আপনার সম্মুখ-স্থিত দাসকে আজ্ঞা করুন এখনই আকাশের চন্দ্র সূর্য্য আনিয়া দিব, ব্রহ্মাদি দেবগণকে বন্ধন করিয়া শ্রীচরণে অর্পণ করিব, সুমেরু পর্ব্বতের সহিত ব্রহ্মাণ্ড চূর্ণ করিয়া ফেলিব। জানি না, কি অভাবে পদব্রজে অন্য স্থানে গমন করিয়াছিলেন। রাজা বিকল হইয়া নয়নজলে সর্ব্বাঙ্গ সিক্ত করিলে জগন্নাথ দেব তাঁহাকে প্রত্যাদেশ করিলেন যে, মালাকার দুহিতার গীতগোবিন্দ পাঠ শ্রবণ করিবার জন্য বার্ত্তাকু ক্ষেত্রে গমন করিয়াছিলাম। আমি তাহার প্রতি অত্যন্ত প্রীত হইয়াছি, তাহাকে আমার নিকট আনয়ন কর। যেস্থানে গীতগোবিন্দ পাঠ হয় তথায় আমি নিশ্চয় গমন করিয়া থাকি। রাজা তৎক্ষণাৎ মালিনীকে শিবিকাযানে জগন্নাথ দেবের সন্নিধানে আনয়ন করিলেন। সে পরম আহ্লাদে প্রভুর সমীপে গান করিল। অদ্যাপিও তাহার সন্তানগণ প্রত্যহ সন্ধ্যাকালে জগন্নাথ দেবের সন্নিধানে গীতগোবিন্দ পদাবলী গান করিয়া থাকে।

যে স্থানে গীতগোবিন্দ গান করা হয় তথায় জগন্নাথ দেব গমন করেন ইহা অবগত হইয়া রাজা সর্ব্বত্র ঘোষণা করিলেন যে, কেহ কুৎসিত স্থানে ও পথিমধ্যে গীতগোবিন্দ গান করিবে না। একজন মোগল এই কথা শুনিয়া ঘোটকোপরি গমন কালে গীতগোবিন্দ পাঠ করিতে লাগিল। প্রভু তৎক্ষণাৎ ঐ যবনের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন ; কিন্তু মোগল তাহাকে দেখিতে পাইল না। তখন সে ব্যথিত হৃদয়ে মনে মনে ভাবিতে লাগিল, বুঝি যবন বলিয়া প্রভু

আমাকে উপেক্ষা করিলেন। তখন শ্যামল সুন্দর মূর্ত্তি তাহার নয়ন পথে পতিত হইল, অমনি সে প্রেমাবেশে অধীর হইয়া ভূমিতে মূর্চ্ছিত হইয়া পড়ল। প্রভুর কাছে যবন, চণ্ডাল বিচার নাই; যে ভজনা করে সেই গুণের সাগর হরিকে লাভ করে।

জয়দেব গোস্বামী মহাশয় বৃন্দাবন গমনকালে মনে মনে ভাবিতে লাগিলেন, স্থুল মূর্ত্তি শ্রীরাধামাধব বিগ্রহকে কি প্রকারে সঙ্গে লইয়া যাইব। প্রভু তাঁহাকে এই আদেশ করিলেন তুমি আমাকে ঝুলির মধ্যে রাখিয়া লইয়া চল, আমি আমার মূর্ত্তি ছোট করিব, তোমাকে ভার লাগিবে না। বিগ্রহের আজ্ঞানুসারে জয়দেব বৃন্দাবনে গমন করিয়া কেশিঘাট সন্নিধানে আনন্দে বাস করিতে লাগিলেন। কোন মহাত্মা ব্যক্তি শ্রীরাধামাধবের কিশোর মূর্ত্তি অবলোকন করিয়া মন্দির নির্ম্মাণ করিয়া দিলেন।

জয়দেব গোস্বামীর তিরোভাব হইলে পর রাজা জয়পুরে বিগ্রহকে লইয়া গিয়াছিলেন, অদ্যাবধি তথায় ঘাটি নামক মনোরম স্থানে ভুবনমোহন রাধামাধব বিগ্রহ বিরাজ করিতেছেন।

জাহ্নবী কেন্দুবিল্ব গ্রাম হইতে অষ্টাদশ ক্রোশ দূরে অবস্থিত ছিলেন। তথায় ভক্তশ্রেষ্ঠ জয়দেব প্রতিদিবস গঙ্গাস্নানে গমন করিতেন। একদিন তিনি কোন কার্য্য বশতঃ যাইতে না পারায় অত্যন্ত ক্ষুব্ধ হইলেন। সাধুর দুঃখে দুঃখিত হইয়া ভাগীরথী তৎক্ষণাৎ কলকল স্বরে কেন্দুবিল্বে জয়দেবের আসন সমীপে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন;—তোমার স্পর্শার্থে আমি আগমন করিয়াছি, তুমি অবগাহন কর। ত্রিজগতে গঙ্গাই তীর্থ মধ্যে শ্রেষ্ঠ। ভবানীপতি তাঁহাকে মস্তকে ধারণ করিয়াছিলেন, তাঁহার মহিমা কে বর্ণনা করিতে পারে। সেই গঙ্গাদেবী কৃষ্ণভক্ত জয়দেব গোস্বামীর অঙ্গ স্পর্শ করিয়া আপনাকে ধন্য ও সৌভাগ্যবতী মনে করিয়াছিলেন।

সমালোচনা।

——oo——

জয়দেব যে সময় বঙ্গদেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন, বাঙ্গালার সে অতি শুভ সময়। তখন দিগ্বিজয়ী লক্ষ্মণসেন বঙ্গদেশের রাজা। সেন বংশীয়েরা নানারূপে বিদ্যার উৎসাহ প্রদান করিতেছেন, বৌদ্ধ দিগকে বিদূরিত করিয়া ব্রাহ্মণ ধর্ম্ম পুনঃস্থাপনের চেষ্টা করিতেছেন। হলায়ুধ, পশুপতি প্রভৃতি মহামহোপাধ্যায়গণ ব্রাহ্মণদিগের ক্রিয়া-পদ্ধতি সকল সংশোধিত করিতেছেন। ব্রাহ্মণগণের মধ্যে আচার বিশুদ্ধি রক্ষার জন্য কৌলীন্য প্রথা স্থাপিত হইতেছে। বৌদ্ধ পাল-বংশীয় নৃপতিগণের সময় জাতি-সম্বন্ধে যে সকল বিপ্লব ঘটিয়া ছিল তাহার পুনরুদ্ধার হইতেছে। বৌদ্ধগণ যদিও রাজ্যের প্রধান প্রধান স্থানে অপদস্থ হইয়াছেন, তথাপি অন্যান্য স্থানে তাঁহাদের প্রভাব তখনও অপনীত হয় নাই। বাঙ্গালা ও মিথিলার উত্তরাঞ্চলে তখনও বৌদ্ধগণ মঠে বসিয়া "কুটিল" নামক অক্ষরে নানা গ্রন্থ প্রতি-লিপি করিতেছেন। এইরূপে যখন হিন্দু-সূর্য্য উদয়োন্মুখ; এবং বৌদ্ধ-চন্দ্র অস্তমিত-প্রায় হইয়াছে, সেই সময় একদল ভক্ত ভক্তিমার্গ প্রদ-র্শনে একাগ্রচিত্ত হইয়াছেন। ব্রাহ্মণের জ্ঞান ও কর্ম্মমার্গে এবং বৌদ্ধ-গণের বিনয় মার্গে তাঁহাদের পরিতৃপ্তি হয় নাই—তাঁহারা এই উভয় মার্গই ত্যাগ করিয়া শাণ্ডিল্য প্রদর্শিত ভক্তি পথের পথিক হইয়া-ছেন; তাঁহারা হিন্দু ও বৌদ্ধদিগের কঠোর ব্রতসকল অকিঞ্চিৎকর বোধে পরিত্যাগ করতঃ দাস্য, বাৎসল্য, সখ্য ও মধুর এই চারি ভাবে বিভোর হইয়া শ্রীকৃষ্ণে আত্ম সমর্পন করিতেছেন। যে নৃত্যবাদ্যাদি ব্রাহ্মণের পক্ষে অত্যন্ত নিষিদ্ধ, ভক্তগণ সেই নৃত্য ও বাদ্যে প্রমত্ত হইয়া উঠিতেছেন। ব্রাহ্মণেরা ঈশ্বরকে মহান্, ও জীবকে অতি নিকৃষ্ট বলিয়া বর্ণনা করিয়াছেন; ভক্তেরা বলিতেছেন, কৃষ্ণকে হয় আপ-নার সমান, না হয় আপনা হইতে নিকৃষ্ট ভাবিয়া প্রেম করিতে না

পারিলে কখনই কৃষ্ণ লাভ হইবে না। ব্রাহ্মণেরা বৈদিক ও তান্ত্রিক মার্গ অবলম্বন করিয়া মুক্তির প্রয়াসী হইতেছেন, কিন্তু ভক্তগণ মুক্তিকে অতি তুচ্ছ মনে করিয়া বলিতেছেন "সকলের সার ভক্তি মুক্তি তার দাসী।" ভক্তগণ নিশ্চিন্ত নহেন তাঁহারা এই সময় ভক্তিরসাত্মক ভক্তিরসোদ্দীপক ভূরি ভূরি গ্রন্থ প্রণয়নে সময়াতিপাত করিতেছেন। পরিণামে চৈতন্য শিষ্যগণ এই সকল গ্রন্থ হইতে প্রমাণ প্রয়োগ সংগ্রহ করিয়া বঙ্গদেশে নূতন ভক্তিযুগের আবির্ভাব করিয়া গিয়াছেন।

এই সময়ে জয়দেব আবির্ভূত হন। তিনিই পূর্ব্বোক্ত ভক্তবৃন্দের প্রধান। তিনি সুবিদ্বান্, সুগায়ক, পরমপ্রেমিক ও প্রেমভক্তি-প্রচারে একান্ত দৃঢ়-সংকল্প। তিনি কেবল কাব্য লিখিবার জন্য কবি নহেন, কেবল শিল্প নৈপুণ্য প্রদর্শনের জন্য শিল্পী নহেন, কেবল লোক সকলকে স্বরে মুগ্ধ করিবার জন্য গায়ক নহেন, তিনি আপনার বিদ্যাবত্তা প্রদর্শনের জন্য পণ্ডিত নহেন; অথচ তিনি উৎকৃষ্ট কবি, উৎকৃষ্ট শিল্পী, উৎকৃষ্ট গায়ক, উৎকৃষ্ট পণ্ডিত। তাঁহার কাব্য, তাঁহার শিল্প, তাঁহার সংগীত বিদ্যা ও তাঁহার পাণ্ডিত্য এবং তাঁহার শরীর ও তাঁহার মন সকলেরই এক উদ্দেশ্য। সে উদ্দেশ্য কৃষ্ণভক্তিপ্রচার। ব্রাহ্মণগণ যেরূপ পুষ্প-চন্দনাদিদ্বারা ষোড়শোপচারে পূজা করিয়া আপনাদের ভক্তি প্রকাশ করেন জয়দেবের ভক্তি সে ভক্তি নহে। যে ভক্তিতে ঈশ্বর জগতের স্রষ্টা মনুষ্য সৃষ্ট পদার্থ মাত্র, সে ভক্তি জয়দেবের ভক্তি নহে; যে ভক্তিতে ঈশ্বর প্রভু, ভক্ত তাঁহার দাস, তাঁহার সেবার জন্য ভক্তের জীবন, সে ভক্তি জয়দেবের ভক্তি নহে। যে ভক্তিতে ভক্ত ঈশ্বরকে আপনার পুত্র মনে করিয়া নন্দ যশোদার ন্যায় তাঁহার প্রতি বাৎসল্য ভাবে ভক্তি করে জয়দেবের ভক্তি সে ভক্তি নহে। যে ভক্তিতে ভক্ত ঈশ্বরকে বন্ধুভাবে শ্রীদাম সুদামের ন্যায় ভক্তি করে, জয়দেবের ভক্তি সে ভক্তি নহে। যে ভক্তিতে বা প্রেম ভক্তিতে রমণী মনোমত নায়কের প্রতি অনুরক্ত হয় জয়দেবের ভক্তি

সেই ভক্তি। ইহাতেও বিশেষ আছে। পরিণীতা ভার্য্যা যে ভক্তিতে ধর্ম্মকামার্থ লাভের উদ্দেশে আপন স্বামীকে আত্ম সমর্পণ করে সে ভক্তি জয়দেবের ভক্তি নহে। রমণী যে রূপ প্রেম চাঞ্চল্যের বশীভূত হইয়া পরপুরুষের প্রতি অনুরক্ত হয়, ভক্ত যদি সেইরূপ প্রেমচাঞ্চ-ল্যের সহিত শ্রীকৃষ্ণে আত্ম-সমর্পণ করিতে পারে তাহা হইলেই জয়দেবের ভক্তি কিঞ্চিৎ বুঝিতে পারিবে।

প্রধান প্রধান বৈষ্ণবগণ বলিয়া গিয়াছেন যে ভক্ত শ্রীকৃষ্ণকে হয় আপনার সমান ভাবিয়া অথবা আপনা অপেক্ষা নিকৃষ্ট ভাবিয়া যদি তাঁহার প্রতি প্রেম করে তাহা হইলেই শ্রীকৃষ্ণের আনন্দ হয়। এবং কামরহিত প্রেমিক ভক্তের আনন্দ শ্রীকৃষ্ণের আনন্দ হেতু তাঁহার আনন্দ অপেক্ষা সহস্রগুণে বর্দ্ধিত হয়। যে ভক্ত প্রেমচাঞ্চল্য পরায়ণা নব-যুবতীর ন্যায় শ্রীকৃষ্ণে অনুরক্ত হয় সে যদি প্রেমাবেশ বশে শ্রীকৃষ্ণকে কটু বলে, ঈর্ষাপরায়ণ হইয়া তাঁহার প্রতি কুব্যবহার করে, ক্রোধে অন্ধ হইয়া তাঁহাকে প্রহার করে, মানভরে তাঁহার নানাবিধ লাঞ্ছনা করে তাহাতে শ্রীকৃষ্ণের ক্রোধের উদ্রেক না হইয়া আনন্দই বর্দ্ধিত হইতে থাকে। ঋষিগণের প্রগাঢ় ভক্তিযোগ সমন্বিত দীর্ঘকালব্যাপী উপা-সনায় কৃষ্ণের যে তৃপ্তি না হয় একটি অভিমানী ভক্তের মান ভঞ্জনে তাহা অপেক্ষা শত সহস্রগুণে অধিক আনন্দ বোধ হয়। কারণ প্রেমিক ভক্ত যাহাই কিছু করুক, সে নিজের স্বার্থ সাধনের জন্য করে না। প্রেমভাজন শ্রীকৃষ্ণের আনন্দবর্দ্ধনই তাহার সকল কার্য্যের উদ্দেশ্য। ইহাই শ্রীকৃষ্ণের শ্রীকৃষ্ণত্ব, ইহাই বৈষ্ণব প্রেমের গূঢ়তত্ত্ব, ইহারই নাম রাধাতত্ত্ব।

পরম ভাগবত জয়দেব গোস্বামী এই রাধাতত্ত্বের অদ্বিতীয় কবি। তাঁহার রাধা কামনা বিরহিত, প্রেমোন্মত্ত, ভগবৎ ভক্তের সর্ব্বশ্রেষ্ঠ প্রতিকৃতি। সেই জন্যই মহাকবি এই রাধার নিকট শ্রীকৃষ্ণের শত শত লাঞ্ছনা বর্ণনেও কুণ্ঠিত হন নাই। তিনি দেখাইয়াছেন শ্রীকৃষ্ণ-লাভের জন্য ভক্তের মনে কত প্রকার ভাবের উদয় হইতে পারে, কত আশ-ঙ্কায় তাঁহার মন আশঙ্কিত হইতে পারে, কত ভাবনায় তাহাকে

আচ্ছন্ন করিতে পারে। তিনি আরও দেখাইয়াছেন ভক্তের মনে ভাবনা, আশঙ্কা, মান, ঈর্ষা প্রভৃতি ভাবের উদয় হইলে শ্রীকৃষ্ণের আনন্দের কিরূপ ন্যূনাতিরেক হইয়া থাকে। রাধাই প্রধান ভক্ত। জয়দেব নায়িকা রাধার প্রেম বর্ণনাচ্ছলে ভক্তের প্রেম বর্ণনা করিয়াছেন।

বৈষ্ণবদিগের মতে ভক্ত নায়িকা ও শ্রীকৃষ্ণ নায়ক। ইহাঁদের যে প্রেম তাহারই নাম কৃষ্ণপ্রেম। এই জন্য বৈষ্ণব অলঙ্কার-গ্রন্থে অন্যান্য অলঙ্কার-গ্রন্থ অপেক্ষা মধুর রস বর্ণনার অত্যন্ত আধিক্য দৃষ্ট হয়। কোন একটি রসের বর্ণনা করিতে গেলে, আলঙ্কারিকেরা তাহার আলম্বন, উদ্দীপন, বিভাব, স্থায়ী ও সঞ্চারী ভাব বর্ণনা করিয়া কিরূপে এই সকলের সাহায্যে স্থায়ী ভাব পরমাস্বাদ্য রসরূপে পরিণত হয় তাহার বর্ণনা করিয়া থাকেন। বৈষ্ণব আলঙ্কারিকগণ মধুর রসের বিভাবাদি বর্ণনাতেই প্রায় আপনাদের গ্রন্থ পরিপূর্ণ করিয়াছেন। মধুর রসের আলম্বন স্বরূপ নায়ক নায়িকার নানাবিধ ভেদ বর্ণনার্থ তাঁহারা প্রত্যেকে অনেকগুলি করিয়া অধ্যায় লিখিয়া গিয়াছেন। এই সকল বৈষ্ণব অলঙ্কার গ্রন্থে নায়ক নায়িকার যে সকল সূক্ষ্মভেদ প্রদর্শিত হইয়াছে তাহা অবৈষ্ণব অলঙ্কার গ্রন্থে অতি বিরল। অবৈষ্ণবগণ মধুর রসকে একটি রসমাত্র বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু বৈষ্ণবদিগের মতে মধুর রসের অনুধ্যানই ধর্ম্মসাধনের সর্ব্বশ্রেষ্ঠ উপায়। সুতরাং মধুর রসের সবিস্তার বর্ণনাতেই তাঁহারা অধিকতর মনোযোগ করিয়াছেন।

জয়দেবের গীতগোবিন্দ সম্পূর্ণ বৈষ্ণবদিগের অলঙ্কার গ্রন্থ সম্মত। তাঁহার গ্রন্থে মধুর রসোন্মত্ত নায়ক নায়িকার কয়েকটি চরম অবস্থা মাত্র বর্ণিত হইয়াছে। মধুর রসের যে অবস্থাগুলি সর্ব্বাপেক্ষা হৃদয়-গ্রাহী, সর্ব্বাপেক্ষা আস্বাদ-মধুর, যে অবস্থা নায়ক নায়িকার অসামান্য হৃদয়োন্মাদ-প্রদর্শক, শ্রীজয়দেব কবি সেই অলৌকিক অবস্থা বর্ণনায় ব্যাপৃত।

গীতগোবিন্দ গ্রন্থ উদ্ঘাটন করিয়া আমরা দেখিতে পাই, পরম

পুরুষ শ্রীকৃষ্ণ ভক্তবৃন্দের মনোবাঞ্ছা পরিপূরণার্থ রাসলীলায় ব্যাপৃত। তিনি কোন গোপীকে আলিঙ্গন করিতেছেন, কাহাকেও চুম্বন করিতেছেন, কাহাকেও বা সস্মিত বদনে সুন্দর অবলোকন করিতেছেন, কোন রামাকে আনন্দিত করিতেছেন এবং অনুরাগভরে অপর কোন রামার অনুসরণ করিতেছেন। ব্রজসুন্দরীগণ চারিদিক্ হইতে স্বচ্ছন্দে তাঁহার প্রতিঅঙ্গে আলিঙ্গন করিতেছে; তিনি মূর্ত্তিমান্ প্রেমরসের ন্যায় ক্রীড়া করিতেছেন। বসন্তকাল;—মলয় সমীর ললিত-লবঙ্গ-লতাগুলিকে আলিঙ্গন করিতেছে;—মধুকর-নিকরের ঝঙ্কারের সহিত কোকিলের কুহুরব মিশ্রিত হইতেছে; বকুলাবলী পুষ্পভরে অবনত হইয়া পড়িতেছে;—কেতকী-কুসুম-সমূহ বিরহি-হৃদয়ভেদী বর্ষা-ফলকের ন্যায় শোভা পাইতেছে।

গোপিকাগণের প্রধানা, কৃষ্ণ-ভক্তির চরমোৎকর্ষ-স্বরূপিণী শ্রীমতী কোন অব্যক্ত কারণে রাস লীলায় অনুপস্থিতা। তিনি মদনপীড়া-জনিত প্রবল চিন্তায় আকুল হইয়া বনে বনে কৃষ্ণের অন্বেষণ করিতেছেন। তাঁহার সখী দূর হইতে তাঁহাকে গোপীগণের সহিত শ্রীকৃষ্ণের রাসলীলা দেখাইয়া দিতেছেন। তাহা দেখিয়া শ্রীরাধিকার মনে ঈর্ষার উদ্রেক হইল, তিনি আর সহ্য করিতে পারিলেন না, তথা হইতে প্রস্থান করিয়া কোন নিভৃত লতাকুঞ্জে প্রবেশ করিলেন। কিন্তু শ্রীকৃষ্ণ নয়নের অন্তরাল হইবা মাত্রই তাঁহার সেই রাসবিহারী, স্মিত-মনোহারী, উল্লাস-ময় রূপ শ্রীরাধার হৃদয় মন্দিরে বিরাজ করিতে লাগিল। তিনি বলিলেন, আজি প্রাণনাথ যুবতিগণের সহিত বিহার করিতেছেন, তিনি আমায় পরিত্যাগ করিয়াছেন তথাপি অবোধ মন তাঁহার মিলন কামনায় ব্যাকুল হইতেছে, তাঁহার গুণের কথাই মনে পড়িতেছে, তাঁহার দোষের কথা ভ্রমেও মনে আসিতেছে না। তিনি সখীকে সম্বোধন করিয়া বলিলেন, সখি, আজ আমার উদার প্রিয়তম কেশিমথনকে আনিয়া আমার সহিত মিলন করিয়া দাও। আমি প্রথম সমাগমে লজ্জিত হইব, কৃষ্ণ কত প্রিয় বচনে আমার আনুকূল্য করিবেন। তাঁহাকে না আনিয়া দিলে কিছুতেই আমার

সুখবোধ হইতেছে না। পুষ্প-স্তবক-ভূষিত অশোক-লতা, উপবন সরোবরের শীতল সমীরণ কিছুই আমার পরিতৃপ্তি সাধন করিতে পারিতেছে না।

রাধিকার প্রেম অন্য গোপিকার প্রেম অপেক্ষা উৎকৃষ্ট কেন? দেখ, শ্রীকৃষ্ণ তাঁহাকে না ডাকিয়াই রাসলীলায় প্রবৃত্ত হইয়াছেন। বসন্ত কালে প্রবল মদন বেদনায় প্রপীড়িত হইয়া রাধা বনে বনে ভ্রমণ করিয়া রাসকেলীমত্ত শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন। তাঁহার ঈর্ষা হইল। আপনার প্রণয়ের বস্তু অন্য হস্তগত হইলে কাহার না ঈর্ষা হয়? কিন্তু সে ঈর্ষার ফল কি হইল? ব্যাপিকা হইলে তিনি রাসস্থলে যাইয়াই শ্রীকৃষ্ণের সহিত কলহ করিতেন। মানিনী হইলে অন্তত সপ্তাহ কাল শ্রীকৃষ্ণের কথা মনেও করিতেন না। রাধিকা ঈর্ষাবশতঃ কেবল সরিয়া গেলেন। কিন্তু শ্রীকৃষ্ণ নয়নের অন্তরাল হইবা মাত্র তাঁহার ঈর্ষা অন্তরিত হইল, তিনি জগৎ কৃষ্ণময় দেখিতে লাগিলেন, এবং মিলনের জন্য ব্যাকুল হইয়া উঠিলেন।

রাধিকার প্রেম এইরূপ নিঃস্বার্থ, আত্মজ্ঞান-শূন্য ও অলৌকিক বলিয়াই রাধিকা বৈষ্ণবগণের পরমারাধ্যা।

আর পরম পুরুষ শ্রীকৃষ্ণ ভিন্ন এরূপ নিঃস্বার্থ প্রেমের সম্মান রক্ষা করিতে কোন লৌকিক পুরুষ সমর্থ হইতে পারেন?

যখন তিনি রাসোন্মাদে উন্মত্ত, তখন কোন অলৌকিক বৈদ্যুতিক বলে রাধিকার এই অবস্থা মানস চক্ষে দেখিতে পাইলেন। তিনি অমনি বিষণ্ণ হইয়া ব্রজ-সুন্দরীগণকে পরিহার করতঃ রাধিকার অন্বেষণে প্রবৃত্ত হইলেন। তাঁহার আশঙ্কা হইতে লাগিল;—হয়ত আদর করিলাম না বলিয়া রাধিকা কুপিত হইয়া চলিয়া গিয়াছেন। তিনি মনে মনে রাধিকার নিকট অপরাধ স্বীকার, ও ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন। পূর্ব্বাবস্থা সকল স্মরণ করিয়া তাঁহার বিরহ যন্ত্রণা বর্দ্ধিত হইয়া উঠিল।

এই সময়ে রাধিকার সখী তাঁহার নিকট আসিয়া শ্রীমতীর বিরহ বেদনা বর্ণনা করিলেন। সখী বলিলেন, সায়ংকালে পাণ্ডুবর্ণ শশিকলা

পাটলবর্ণ মেঘে আমগ্ন হইয়া যেমন নিশ্চল ভাবে অবস্থান করে, প্রিয় সখীর কপোল স্থলীও তেমনি পাটল-বর্ণ পাণিতলে লগ্ন হইয়া রহিয়াছে। রাধিকা তোমার বিরহে প্রাণত্যাগ করিবেন স্থির করিয়াই যেন অবিরত হরিনাম জপ করিতেছেন। প্রিয় সখীর জ্বর এত বৃদ্ধি পাইয়াছে যে তাঁহার ঘন ঘন রোমাঞ্চ হইতেছে। তিনি ক্ষণে ক্ষণে শীৎকার করিতেছেন, বিলাপ করিতেছেন, কম্পিত হইতেছেন, খিন্ন হইতেছেন ধ্যান করিতেছেন, ভ্রান্ত হইতেছেন, তন্দ্রাচ্ছন্ন হইতেছেন, পতিত হইতেছেন, উঠিতেছেন এবং মূর্চ্ছিত হইতেছেন।

শ্রীকৃষ্ণ রাধিকার বিরহ যন্ত্রণার কথা শুনিয়া কাতর হইয়া রাধিকাকে তাঁহার নিকট আনয়ন করিবার জন্য সখীকে প্রেরণ করিলেন। সখী রাধিকার নিকট গিয়া শ্রীকৃষ্ণের বিরহ বর্ণনা করিয়া তাঁহাকে অভিসারার্থ সুসজ্জিত হইবার জন্য অনুরোধ করিলেন এবং অবিলম্বে কৃষ্ণের উদ্দেশে গমন করিবার জন্য প্রার্থনা করিলেন। কিন্তু তিনি দেখিলেন, রাধিকা গমনে অশক্তা, সুতরাং তাঁহাকে পুনরায় শ্রীকৃষ্ণের নিকট ফিরিয়া যাইতে হইল। তিনি শ্রীকৃষ্ণকে বলিলেন,—হে কৃষ্ণ! রাধা বাসগৃহে অবসন্ন ভাবে অবস্থান করিতেছেন, তিনি একচিত্তে যেদিকে অবলোকন করিতেছেন সেই দিকেই দেখিতেছেন, যেন তুমি তাঁহার মধুর অধর সুধাপানে অগ্রসর হইতেছ। তোমায় অভিসার করিবেন এই উৎসাহে বল লাভ করিয়া দুই চারি পা চলিতেছেন; আবার পড়িয়া যাইতেছেন। তিনি কেবল তোমার মিলন আশায় বাঁচিয়া আছেন। কখন তোমার ন্যায় বেশভূষা করিয়া আমিই কৃষ্ণ এরূপ ভাবনা করিতেছেন। আবার কিয়ৎক্ষণ পরে তুমি তাঁহার নিকট গমন করিয়াছ এই মনে করিয়া মেঘ তুল্য গাঢ় অন্ধকারকে আলিঙ্গন ও চুম্বন করিতেছেন। বার বার অঙ্গে আভরণ পরিতেছেন, তরু পত্র নড়িলেও তুমি আসিয়াছ মনে করিয়া শয্যা প্রস্তুত করিতেছেন, এবং অনেকক্ষণ তোমার ধ্যানে লগ্ন হইয়া রস সমুদ্রে নিমগ্ন হইয়া আছেন। রাধিকা অভিসারে অশক্তা: তিনি বাসকসজ্জা হইয়া নিজ শরীর ও বাসগৃহ সুসজ্জিত করিয়া তোমার অপেক্ষায় রহিয়াছেন।

কৃষ্ণ প্রেমে উন্মাদিনী রাধার এই বিরহ বর্ণনা কিরূপ হৃদয়গ্রাহী তাহা পাঠকগণ পড়িলেই অনুভব করিতে পারিবেন। রাধা যে কৃষ্ণ প্রেমে বিক্রীত হইয়াছিলেন, কৃষ্ণই যে তাঁহার প্রাণ, কৃষ্ণই যে জীবন, কৃষ্ণের অস্তিত্বই যে তাহার অস্তিত্ব তাহা এই বিরহ বর্ণনাই প্রকাশ করিয়াছে। রাধার প্রেম যে অকৃত্রিম ও নিঃস্বার্থ, তাঁহার ন্যায় কৃষ্ণ প্রেমিকা যে জগতে অতি দুর্ল্ভ, তিনি যে পরম পুরুষ শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠ ভক্ত তাহা কোন পাষণ্ড অস্বীকার করিতে পারে?

যখন সখীর চেষ্টায় শ্রীকৃষ্ণ ও রাধিকা পরস্পরের জন্য সাকাঙ্ক্ষ ও উৎকণ্ঠিত হইয়াছেন তখন কিরণ মালায় বৃন্দাবনের মধ্যস্থল আলোকিত করিয়া সুধাংশু গগনমণ্ডলে উদিত হইলেন। রাধিকা দারুণ বিরহাবস্থায় চন্দ্রোদয় দর্শনে একান্ত অশরণা হইয়া ভাবিতে লাগিলেন;—আমি আর কেন অচেতনা হইয়া দারুণ বিরহ বেদনা সহ্য করি! আমার মরণই ভাল। তিনি এইরূপ ভাবিতেছেন এমন সময়ে সখী একাকী ফিরিয়া আসিল; রাধিকা মনে করিলেন শ্রীকৃষ্ণ বোধ হয় আমা অপেক্ষা অধিক গুণশালিনী কোন যুবতীর সহিত বিলাস করিতেছেন। এই কথা মনে হইবামাত্র রাধিকার মানসপটে অন্য গোপিকা কর্ত্তৃক আলিঙ্গিত শ্রীকৃষ্ণ-মূর্ত্তি উদিত হইল। তিনি মানস-চক্ষে দেখিতে লাগিলেন, হরির আলিঙ্গনলাভে সেই রমণী রোমাঞ্চিত হইতেছে, অলকাবলী বিচলিত হওয়াতে তাঁহার মুখচন্দ্র কেমন শোভা পাইতেছে, সে প্রিয়তমকে বিলোকন করিয়া কখন লজ্জিত হইতেছে, কখন হাস্য করিতেছে, কখন রতি-রসে মগ্ন হইয়া বহুবিধ কূজন করিতেছে। অমনি তাঁহার মনে হইল, তবে আর কেন আমি বনমধ্যে বৃথা বিরস হৃদয়ে অবস্থান করি? তিনি সখীকে দুঃখিত হইতে নিবারণ করিলেন, এবং যে রমণী শ্রীকৃষ্ণের সহিত বিহার করিতেছেন তাঁহার সৌভাগ্যের কথা স্মরণ করিতে লাগিলেন।

জয়দেব গোস্বামী যে সর্গে রাধিকার এই প্রকার মনোভাব বর্ণন করিয়াছেন তাহার নাম নাগর নারায়ণ অর্থাৎ নারায়ণ এই সর্গে

রাধিকার সহিত শঠ নাগরের ন্যায় ধূর্ত্ততা করিয়াছেন। কিন্তু তথাপি শ্রীকৃষ্ণের প্রতি রাধিকার অন্যভাব নাই। তিনি আপনারই মরণ কামনা করিতেছেন, কৃষ্ণের সেবা করিতে পাইলেন না বলিয়া দুঃখিত হইতেছেন। কিন্তু কৃষ্ণের কোন অমঙ্গল কামনা করিতেছেন না। রাধিকার ন্যায় প্রেমিকা জগতে দুর্ল্লভ।

প্রভাত হইবামাত্র রাধিকা দেখিলেন প্রাণকান্ত আসিয়া তাঁহার সম্মুখে বসিয়া অনুনয় বিনয় করিতেছেন; দেখিয়া তাঁহার অসূয়া উদয় হইল। তিনি বলিলেন, মাধব, যাও যাও; কেশব, আর কপটতা করিও না; কমললোচন, যে কামিনী তোমার মনের বিষাদ হরণ করে তাহারই নিকট যাও। বাহিরের ন্যায় তোমার অন্তরও অত্যন্ত মলিন, নহিলে মদনশর-পীড়িতা অনুগত দাসীকে কেন বঞ্চনা করিতেছ? বাল্যকাল হইতেই তুমি স্ত্রীবধে দক্ষ। পূতনাই তোমার নির্দ্দয় স্বভাবের পরিচয় দিতেছে।

অনেকেই মনে করিতে পারেন শ্রীকৃষ্ণের প্রতি এরূপ রূঢ় বাক্য প্রয়োগ রাধাপ্রেমের উপযুক্ত নহে। কিন্তু শ্রীকৃষ্ণের পক্ষে গোপীগণের ভর্ৎসনা গর্ব্বিত বাক্য যেরূপ রুচিজনক, বেদ ও অন্যান্য পুরাণ স্তুতি সকল সেরূপ রুচিজনক নহে। বোধ হয়, সকলেই কৃষ্ণভক্তির গূঢ়মর্ম্ম প্রকাশক নিম্নোক্ত পয়ারটী অবগত আছেন।

"প্রিয়া যদি মান করি করয়ে ভর্ৎসন।
বেদ স্তুতি হৈতে সেই হরে মোর মন॥"

রাধিকার ভর্ৎসনায় শ্রীকৃষ্ণের মন বিচলিত হইল না। ভক্ত যখন ভক্তি-ভাজনের জন্য চঞ্চল, অধীর, অস্থির, ও ব্যাকুল হইয়া উঠে, তখন সে যদি কিছু অন্যায় কার্য্য করিয়া থাকে তাহা কি ধর্ত্তব্য করা উচিত? শ্রীকৃষ্ণ একথা বুঝিয়াছিলেন, সখী বুঝে নাই। তাই সে রাধিকাকে কলহান্তরিত দেখিয়া বিষাদ ভরে বলিতে লাগিল, অয়ি মানিনি, তুমি মাধবের প্রতি মান করিও না; হরি তোমার অভিসারে আসিয়াছেন, মন্দ মন্দ সমীরণ বহিতেছে, সখি! ইহা অপেক্ষা গৃহে আর কি সুখ আছে? তুমি যদি প্রণতের প্রতি ঔদাস্য প্রদর্শন কর,

অনুরক্তের প্রতি দ্বেষ কর, প্রণয়োৎসুক প্রিয়তমের প্রতি বিমুখ হও, চন্দন বিলেপন কেন তোমার পক্ষে বিষ বোধ হইবে না?

এইরূপে নানা কথায় দিবস অতিবাহিত করিয়া প্রদোষকালে হরি আসিয়া রাধিকার নিকট উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিবামাত্র রাধিকা সলজ্জভাবে সখীর বদনের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেন। কৃষ্ণ আনন্দ গদ্গদ বচনে তাঁহাকে বলিতে লাগিলেন;—প্রিয়ে চারুশীলে! আমার প্রতি অকারণ মান পরিত্যাগ কর। দেখ, তোমার দর্শন মাত্রেই মদনানল আমার মানস দগ্ধ করিতেছে. আমায় মুখকমলের মধু পান করিতে দাও; অয়ি! যদি প্রসন্ন হইয়া আমার প্রতি একটি বাক্যও প্রয়োগ কর, তবে তোমার দশন-জ্যোতি-রূপ জ্যোৎস্নায় আমার ঘোরতর ভয়রূপ তিমির বিনষ্ট হইবে, তোমার বদন চন্দ্রমা আমার লোচন চকোরকে মনোহর অধর সুধাপানে প্রলোভিত করিতেছে। তিনি পুনরায় বলিতে লাগিলেন তুমিই আমার জীবন, তুমিই আমার পক্ষে সংসার সমুদ্রের রত্ন স্বরূপ। আমার হৃদয়ের একান্ত অভিলাষ যে তুমি সতত আমার প্রতি অনুরাগবতী হও। স্মরগরলের খণ্ডনকারী তোমার এই উদার পদপল্লব আমার মস্তকে প্রদান কর, উহা আমার শিরোদেশের ভূষণস্বরূপ হউক। দারুণ মদনানল আমার দেহকে সন্তপ্ত করিতেছে, তোমার চরণ কৃপায় সে সন্তাপ দূর হউক।

কৃষ্ণ এই সকল বাক্যে রাধিকার মান ভঞ্জন করিতে লাগিলেন। বৈষ্ণবেরা বলেন, ভক্তের প্রতি কৃষ্ণের অদেয় কিছুমাত্র নাই; অতএব তিনি যে পরমপ্রেমিকা রাধার পায়ে ধরিতে চাহিবেন ইহাতে বিচিত্র কি? প্রিয়া মানবতী হইয়া ভৎর্সনা করিলে যাঁহার বেদস্তুতি অপেক্ষা অধিক আনন্দ হয়, সেই মানভঞ্জন করিতে পারিলে তাঁহার কত আনন্দ হইবে তাহার ইয়ত্তা নাই। এই মানভঞ্জনে তাঁহার যতই অপমান হয়, ততই তাঁহার সুখের বৃদ্ধি হয়; তাই শ্রীকৃষ্ণ পায়ে ধরিয়াও শ্রীমতীর মান ভঞ্জন করিতে প্রস্তুত।

এইরূপে মানভঞ্জন করিয়া শ্রীকৃষ্ণ কুঞ্জশয্যায় গমন করিলেন। রাত্রি একটু অন্ধকার হইয়া আসিলে সখীগণ অনুগত মধুসূদনকে

অনুসরণ করিবার জন্য রাধিকাকে বার বার অনুরোধ করিতে লাগিলেন। তাঁহাদের অনুরোধে রাধিকা কুঞ্জগৃহের দ্বারদেশে উপস্থিত হইলে, রাধিকার প্রফুল্ল মুখপদ্ম দর্শনে সখীগণ আনন্দে বিভোর হইয়া তাঁহাকে বলিলেন ;—সখি, কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও, এবং রতিভরে ললিত গীত গান কর, তুমি রমণীয় কটাক্ষের কণামাত্র প্রদান করিলে ইনি ক্রীত হইয়া যান, ও দাসের ন্যায় তোমার চরণ কমল সেবা করেন। ইঁহাকে দেখিয়া আবার সম্ভ্রম কি ?

অনন্তর রাধিকা ভয়ে ও আনন্দে জড়িত হইয়া সস্পৃহলোচনে গোবিন্দের প্রতি দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক মনোহর নূপুরধ্বনি করিতে করিতে কুঞ্জগৃহে প্রবেশ করিলেন। কবি এইরূপে রাধাকৃষ্ণের মিলন করিয়া কাব্য সমাপ্ত করিয়াছেন।

এই গীতিকাব্য রচনায় জয়দেবের কি উদ্দেশ্য ছিল তাহা জানিবার জন্য আমাদিগকে অধিক প্রয়াস পাইতে হয় না। সকলের হৃদয়োন্মাদক রতিকেলি বর্ণনায় লোকের মন আর্দ্র করিয়া উহাকে কৃষ্ণ-প্রেমপথের পথিক করাই জয়দেবের উদ্দেশ্য। এই উদ্দেশ্য সাধনের জন্যই জয়দেব মঙ্গলাচরণ, ভণিতা, সর্গভঙ্গ ও গ্রন্থশেষ, সমস্ত স্থলেই কেলিপরায়ণ নারায়ণকে নমস্কার করিয়াছেন। কোথায়ও বলিয়াছেন, রাধাকৃষ্ণের বিজনকেলি জয়লাভ করুক। কোথায়ও বলিয়াছেন, রাসকালে মনোহর বেশধারী হরি তোমাদিগকে রক্ষা করুন। কোথায়ও বলিয়াছেন, গোপীগণের ললাটস্থিত সিন্দুরচিহ্নিত বাহুদ্বয় তোমাদের মঙ্গল করুক। তিনি নিজেই গ্রন্থের উদ্দেশ্য এইরূপে বর্ণনা করিয়াছেন। যদি মন হরি স্মরণে সরস করিতে চাও, যদি বিলাসকলায় কুতূহল থাকে তাহা হইলে মধুর, কোমল, কমনীয়, পদাবলীময় জয়দেবের বাণী শ্রবণ কর।

গ্রন্থের দোষগুণ বিচার করিতেও আমাদিগকে বিশেষ প্রয়াস পাইতে হইবে না। জয়দেব গোস্বামী যে শুদ্ধ কবি ছিলেন, এরূপ নহে, তিনি একজন অতি বিশুদ্ধ সম্প্রদায়ের সামাজিক ছিলেন।

বিশেষত কাব্য নির্ম্মাণ দ্বারা যশোলাভ করা তাঁহার উদ্দেশ্য ছিল না। ভক্তদিগের ভক্তি উদ্দীপনই তাঁহার কাব্য রচনার উদ্দেশ্য, তাই তিনি নিজে কাব্য রচনা করিয়া নিজেই তাহার মহিমা বিস্তার করিতে কুণ্ঠিত হন নাই। তাঁহার ধারণা ছিল, গীতগোবিন্দের মহিমা প্রচার করিলে গোবিন্দেরই মহিমা প্রকাশ করা হইবে। তিনি নিজের সম্বন্ধে কখনই বলেন নাই যে আমি বড় কবি, নিজের সম্বন্ধে তিনি যখনই বলিয়াছেন তিনি কেবল নিজের কৃষ্ণপ্রেমের কথাই বলিয়াছেন। কিন্তু গীতগোবিন্দের সুখ্যাতি তাঁহার মুখে ধরে নাই। যদি তিনি একজন বিশুদ্ধ সামাজিক না হইতেন, যদি কৃষ্ণপ্রেম-বিস্তার তাঁহার কাব্যের উদ্দেশ্য না হইত, যদি তিনি আপনার মহিমা খ্যাপনের জন্য গীতগোবিন্দের দোষগুণ বিচার করিতে বসিতেন, তাহা হইলে অন্য সামাজিক লোকে অন্য ভক্তে গীতগোবিন্দের দোষ গুণ সম্বন্ধে তাঁহার সহিত একমত হইবে কেন? আটশত বৎসর হইল তাঁহার ভক্তিময়, প্রেমময় জীবন অতিবাহিত হইয়াছে। কিন্তু তাঁহার নিজ কাব্য মধ্যে তিনি যাহা লিখিয়া গিয়াছেন, কি স্বদেশীয় কি বিদেশীয় পণ্ডিতগণ সকলেই তাহার সম্বন্ধে একই কথা বলিতে-ছেন। সকলেই তাঁহার সহিত একবাক্যে স্বীকার করিবে;—যতদিন পর্য্যন্ত জয়দেবের বচন পরম্পরা শৃঙ্গারসারস্বত ভাব বিতরণ করি-তেছে, ততদিন হে মধু, তোমার চিন্তায় আর মধুরতা নাই; হে শর্করা, তুমি কঙ্কর হইয়াছ; হে দ্রাক্ষা, তোমায় আর কে দেখিবে? হে অমৃত, তুমি মৃত হইয়াছ; হে ক্ষীর, তোমার রস নীরের ন্যায় হইয়া গিয়াছে, হে সহকার, তুমি ক্রন্দন কর; হে কান্তাধর, তুমি ধরণিতলে গমন কর।

কলিকাতা,
ইউনিবর্ষিটী কালেজ,
সম্বৎ ১৯৪৩। } শ্রীহরিমোহন শর্ম্মা।

শ্রীগীতগোবিন্দম্

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃকেলয়ঃ। ১।

'দেখ রাধিকা, আকাশ মেঘে স্নিগ্ধ হইয়া উঠিল ; এই সকল নিবিড় তমালবন সহজেই অন্ধকার, কৃষ্ণ বড় ভীরু, রাত্রিতে একাকী বাটী যাইতে পারিবে না ; অতএব তুমিই ইহাকে গৃহে লইয়া যাও।' গোপরাজ নন্দের এই প্রকার আদেশ প্রাপ্তিমাত্র রাধা ও কৃষ্ণ উভয়ে মিলিত হইয়া পথসমীপস্থ কুঞ্জবৃক্ষের অভিমুখে চলিলেন এবং যমুনাতীরে নির্জ্জনে ক্রীড়া করিতে লাগিলেন। সেইসকল বিজনকেলি (ভক্তজনের হৃদয়ে স্ফুরিত হইয়া) জয়লাভ করুক। ১।*

* গীত গোবিন্দের প্রথম শ্লোকটী কিছু অস্পষ্ট ; কবি নায়ক নায়িকার কোন অবস্থাটী মনে করিয়া লিখিয়াছেন ঠিক বলা যায় না। টীকাকারের মতে ইহা রাধিকাসখীর উক্তি ; তাহাতে ভাব এক প্রকার মধুর হয় বটে কিন্তু শব্দার্থের সহিত বড় অসঙ্গতি ঘটে। আমরা স্বভাবসঙ্গত অর্থটীই লিখিলাম ; আমাদের অনুমানে কবি গ্রন্থের আদিতে অভীষ্ট দেবের আদি লীলাই স্মরণ করিয়াছেন। নায়ক নায়িকা এখন ও বাল্যসীমা অতিক্রম করেন নাই, যৌবন হৃদয়ের অন্তরালে থাকিয়া বাহিরে প্রকাশিত হইবার সুযোগ দেখিতেছে, লোকের চক্ষে এনখও ধরা দিতেছে না। নন্দ গোপসুলভ কোন কার্য্যে পুত্রের সহিত একটু দূরতর গোষ্ঠে গিয়াছেন, ঘটনাক্রমে চতুরা বালিকা রাধাও তথায় উপস্থিত ছিলেন ; তাই গোপরাজ তাঁহাদিগকে একত্রে বাটী যাইতে আদেশ করিয়াছেন।

বাগ্‌দেবতাচরিতচিত্রিতচিত্তসদ্মা
পদ্মাবতীচরণচারণচক্রবর্ত্তী।
শ্রীবাসুদেবরতিকেলিকথাসমেত
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধং। ২।

যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলং।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীং। ৩।

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং
জানীতে জয়দেবএব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্য্যগোবর্দ্ধন-
স্পর্দ্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ীকবিক্ষ্মাপতিঃ।৪।

যাঁহার চিত্তগৃহটী বাগ্‌দেবতাস্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণের চরিত্রে চিত্রিত, যিনি পদ্মাবতীচরণযুগলের প্রিয়সেবক, সেই জয়দেব কবি শ্রীকৃষ্ণের রতিকেলি কথাবিষয়ে এই প্রবন্ধ খানি রচনা করিতেছেন। ২।

যদি হরিস্মরণে মন প্রেমে সরস হয়, যদি বিলাসশাস্ত্রপাঠে কৌতূহল থাকে তবে, মধুর, কোমল, কমনীয় পদাবলীময় জয়দেবের বাণী শ্রবণ কর। ৩।

কবি উমাপতিধর বাক্য পল্লবিত করেন, শরণ কঠিন দ্রুত রচনায় প্রশংসনীয়, শৃঙ্গার বিষয়ক ক্ষুদ্র২ সৎকবিতা রচনা-বিষয়ে গোবর্দ্ধনাচার্য্যের কেহ সমকক্ষ নাই, কবিরাজ ধোয়ী শ্রুতিধর, কেবল কবি জয়দেবই সর্ব্বভাবপরিশুদ্ধ, সম্পূর্ণগ্রন্থ রচনা করিতে জানেন। ৪।

গীতম্। ১।

মালবগৌড়রাগেণ রূপকতালেন চ গীয়তে।

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং
বিহিতবহিত্রচরিত্রমখেদং।
কেশব ধৃতমীনশরীর
জয় জগদীশ হরে। ১। ধ্রুবম্

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে
ধরণিধারণকিণচক্রগরিষ্ঠে।
কেশব ধৃতকূর্ম্মশরীর জয় জগদীশ হরে। ২।

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না
শশিনি কলঙ্ককলেব নিমগ্না।
কেশব ধৃতশূকররূপ জয় জগদীশ হরে। ৩।

দশাবতারস্তোত্র।

রাগ—মালব গৌড়। তাল—রূপক।

হে কেশব! প্রলয়সমুদ্রজলে বেদসমূহ মগ্নপ্রায় হইলে আপনি মীনরূপে অবতীর্ণ হইয়া নৌকার ন্যায় তাহাদিকে অখিন্নভাবে রক্ষা করেন। হরে মীনশরীরধর! আপনি জয়লাভ করুন। ১।

হে কেশব! অন্য এক সময়ে পৃথিবী আপনার অতি বিপুলতর পৃষ্ঠে অবস্থান করিয়া রক্ষা পায়; তখন সেই মহিমান্বিত পৃষ্ঠদেশ ধরণীধারণঘর্ষণে কিণাঙ্কিত হইয়া আরও গৌরব প্রাপ্ত হইয়া থাকে। হরে! কচ্ছরূপধর! আপনি জয়লাভ করুন। ২।

কেশব! তৃতীয় অবতারে ধরণী আপনার অমল দশনশিখরে লগ্ন হইয়া শশিমণ্ডলে কলঙ্করেখার ন্যায় শোভা পাইয়া থাকে। হরে শূকররূপধর! আপনি জয় লাভ করুন। ৩।

তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গং ।
কেশব ধৃতনরহরিরূপ জয় জগদীশ হরে ।৪।
ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন
পদনখনীরজনিতজনপাবন ।
কেশব ধৃতবামনরূপ জয় জগদীশ হরে ।৫।
ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং
স্নপয়সি পয়সি শমিতভবতাপং ।
কেশব ধৃতভৃগুপতিরূপ জয় জগদীশ হরে ।৬।
বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং
দশমুখমৌলিবলিং রমণীয়ং ।
কেশব ধৃতরামশরীর জয় জগদীশ হরে ॥৭॥

কেশব! পদ্মের অগ্রভাগ অতি কোমল হইয়া থাকে, কিন্তু আপনার করপদ্মবরে একসময় নখরূপ অদ্ভুত অগ্রভাগ আবির্ভূত হইয়া হিরণ্যকশিপুরূপ ভ্রমরের শীরর বিদীর্ণ করে। হরে নৃসিংহরূপধর! আপনি জয় লাভ করুন ।৪।

কেশব! আপনার পদনখনীরে জগৎ পবিত্র হইয়াছে; এক সময় আবার অদ্ভুত বামনরূপ ধারণ করিয়া সেই পদে জগৎ আক্রমণ পূর্ব্বক আপনি বলিকে ছলনা করেন। হরে বামনরূপধর! আপনি জয়লাভ করুন ।৫। কেশব! আবার এক সময় আপনি ক্ষত্রিয়রুধিরে পৃথিবীকে স্নান করাইয়া তাহার পাপ সন্তাপ নিবারণ করেন। হরে ভৃগুপতিরূপধর! আপনি জয়লাভ করুন ।৬।

কেশব! রাবণবিনাশকালে আপনি দশদিক্‌পতিগণকে তাঁহাদিগের চিরবাঞ্ছিত দশমুণ্ড বলি প্রদান করেন। হরে রামরূপধর! আপনি জয় লাভ করুন ।৭।

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং
হলহতিভীতিমিলিতযমুনাভং।
কেশব ধৃতহলধররূপ জয় জগদীশ হরে ॥ ৮॥
নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং
সদয়হৃদয়দর্শিতপশুঘাতং।
কেশব ধৃতবুদ্ধশরীর জয় জগদীশ হরে। ৯।
ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং।
ধূমকেতুমিব কিমপি করালং
কেশব ধৃতকল্কিশরীর জয় জগদীশ হরে ॥ ১০ ॥

কেশব! বলরামরূপে আপনি জলদের ন্যায় বসন পরিধান করেন; তখন শুভ্র অঙ্গে সেই সুনীলবসন হলাকর্ষণভয়ে সমুপস্থিত যমুনার ন্যায় শোভিত হয়। * হরে! হলধররূপ-ধর! আপনি জয় লাভ করুন। ৮।

কেশব! অন্যাবতারে পশুহিংসা দর্শন করিয়া আপনার দয়ার্দ্র হৃদয় বিগলিত হইয়া যায়, আহা! তখন সেই হিংসা দোষ দেখাইয়া আপনি যজ্ঞবিধির বেদসমূহকে নিন্দা করেন। হরে! বুদ্ধশরীরধর! আপনি জয়লাভ করুন। ৯।

হে কেশব! কলিশেষে আপনি দুরাচার ম্লেচ্ছদিগের বিনাশার্থ অতি বিস্ময়কর ধূমকেতুর ন্যায় প্রচণ্ড করবাল ধারণ করেন। হরে! কল্কিশরীরধর! আপনি জয়লাভ করুন। ১০।

---

* একদা বলদেব যমুনার অনতিদূরবস্থ উপবনে ক্রীড়া করিতে করিতে প্রেয়সীকে শ্রান্ত দেখিয়া শীতভোয়া কালিন্দীকে স্মরণ করেন এবং নদী নিকটে না আসায় মদভরে আপনার বিশাল হল নিক্ষেপে উদ্যত হন; অমনি যমুনা সভয়ে প্রভুর চরণ তলে উপস্থিত হয়।

শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং
শৃণু সুখদং শুভদং ভবসারং।
কেশব ধৃতদশবিধরূপ জয় জগদীশ হরে ॥ ১১ ॥
বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে,
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ॥১॥

শ্রীজয়দেবকবিকথিত আপনার এই স্তোত্র অতি শুভদ, সুখদ ও পৃথিবীর শ্রোতব্যবিষয়ের সার; কেশব! আপনি ইহা শ্রবণ করুন। হরে! দশাবতারধর! আপনি জয় লাভ করুন। ১১।

হে কৃষ্ণ! আপনিই এই দশাবতারলীলা বিস্তারপূর্ব্বক বেদ উদ্ধার করেন, পৃষ্ঠে জগৎ বহন করেন, দশনে বিদ্ধ করিয়া রসাতল হইতে পৃথিবীকে উত্তোলন করেন, নখরে দৈত্যদারণ করেন, বলিকে ছলনা করেন, ক্ষত্রদিগকে বিনষ্ট করেন, রাবণকে জয় করেন, হল ধারণ করেন, করুণা বিস্তার করেন এবং ম্লেচ্ছদিগকে মূর্চ্ছিত করেন। আপনি পূর্ণব্রহ্ম আপনাকে নমস্কার। ১।

গীতম্। ২।

গুর্জ্জরীরাগেণ নিঃসারতালেন চ গীয়তে।

শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল কলিতললিতবনমাল।
জয় জয়, দেব হরে ॥ ১ ॥ ধ্রুবম্
দিনমণিমণ্ডলমণ্ডন ভবখণ্ডন মুনিজনমানসহংস ॥ ২ ॥
কালিয়বিষধরগঞ্জন জনরঞ্জন যদুকুলনলিনদিনেশ ॥৩॥
মধুমুরনরকবিনাশন গরুড়াসন সুরকুলকেলিনিদান ॥৪
অমলকমলদললোচন ভবমোচন ত্রিভুবনভবননিধান ॥৫॥

রাগ-গুর্জ্জরী, তাল – নিঃসার।

হে কমলাকুচমণ্ডলবিহারি! কুণ্ডলভূষণ! ললিতবনমালাধর! হরে দেব! আপনি জয়লাভ করুন। ১।

হে সূর্যমণ্ডলের ভূষণ * ভববন্ধনখণ্ডন! মুনিগণের মানস-বিহারী হংস! আপনি জয়লাভ করুন। ২।

হে কালিয়সর্পদমন! জনরঞ্জন! যেমন সূর্য্যদর্শনে পদ্ম প্রস্ফুটিত হইয়া উঠে সেই রূপ আপনাকে দেখিয়া যদুকুল আনন্দে প্রফুল্ল হইত; হরে! আপনি জয় লাভ করুন। ৩।

হে মধুবিনাশন! মুরারি! নরকান্তকারি! গরুড়বাহন! সুরগণের ক্রীড়া বিহারের নিদান! হরে দেব! আপনি জয় লাভ করুন। ৪।

হে দেব! আপনার বিশাললোচন শুভ্র কমলপত্রের ন্যায় সুন্দর; হে ভবমোচন! আপনি ত্রিভুবনের উৎপত্তিস্থান; হরে! আপনি জয়লাভ করুন। ৫।

---

* এস্থলে কবি সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তী হিরণ্ময়মূর্ত্তি নারায়ণের স্মরণ করিয়াছেন।

জনকসুতাকৃতভূষণ জিতদূষণ সমরশমিতদশকণ্ঠ ॥৬॥
অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর শ্রীমুখচন্দ্রচকোর ॥৭॥
তবচরণে প্রণতা বয়মিতিভাবয় কুরু কুশলং প্রণতেষু । ৮ ।
শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং মঙ্গলমুজ্জ্বলগীতি । ৯ ।

পদ্মাপয়োধরতটীপরিরম্ভলগ্ন
কাশ্মীরমুদ্রিতমুরো মধুসূদনস্য ।
ব্যক্তানুরাগমিব খেলদনঙ্গখেদ
স্বেদাম্বুপূরমনুপূরয়তু প্রিয়ম্বঃ । ১ ।

হে দেব ! রামরূপে আপনার কমনীয় নীলকলেবর জনকসুতার হেমাঙ্গে ভূষিত হইয়াছিল, হে দূষণান্তক ! দশকণ্ঠনিধনকারি ! আপনি জয় লাভ করুন । ৬ ।

হে নবজলধরসুন্দরকান্তি ! মন্দরধারি ! লক্ষ্মীবদনচন্দ্রের চকোর ! দেব ! আপনি জয়লাভ করুন । ৭ ।

আমরা আপনার চরণে প্রণাম করিতেছি, আপনি অবধান করুন ও প্রণতজনের কুশলবিধান করুন । হরে দেব ! আপনি জয়লাভ করুন । ৮ ।

শ্রীজয়দেব কবির এই মঙ্গলাচরণস্বরূপ উজ্জ্বলগীতিময় বাক্য আপনার আনন্দ বিধান করুক । হরে দেব ! আপনি জয়লাভ করুন । ৯ ।

গাঢ়তর আলিঙ্গন বশতঃ পদ্মার কুচতটকুঙ্কুমে চিহ্নিত হইয়া যাহা যেন অন্তঃস্থিত মূর্ত্তিমান্ অনুরাগকে প্রকাশ করিতে থাকে, এবং প্রবল অনঙ্গখেদজনিত স্বেদবিন্দুদ্বারা আপ্লুত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করে, মধুসূদনের সেই সম্ভোগ-কালীন বক্ষঃস্থল আপনাদিগের প্রিয়বাসনা পূর্ণ করুক । ১ ।

বসন্তে বাসন্তীকুসুমসুকুমারৈরবয়বৈ-
র্ভ্রমন্তীং কান্তারে বহুবিহিতকৃষ্ণানুসরণাং।
অমন্দং কন্দর্পজ্বরজনিতচিন্তাকুলতয়া
বলদ্বাধাং রাধাং সরসমিদমূচে সহচরী ১।

গীতম্। ৩।

বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে।

ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে
মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে।
বিহরতি হরিরিহ সরসবসন্তে
নৃত্যতি যুবতিজনেন সমং সখি বিরহিজনস্য দুরন্তে।১। ধ্রুবম্

একদা বসন্ত সময়ে রাধিকা বিরহোৎকণ্ঠায় কাতর হইয়া বন বনে বহুবিধ প্রকারে শ্রীকৃষ্ণের অন্বেষণ করিতেছিলেন। বাসন্তী-কুসুমের ন্যায় তাঁহার সুকুমার অঙ্গগুলি বনভ্রমণে ক্রমে নিতান্ত ক্লান্ত হইয়া উঠিল ও মদনপীড়াজনিত প্রবল চিন্তায় আকুল হওয়ায় হৃদয়পীড়া বৰ্দ্ধিত হইতে লাগিল। তখন কোন সখী তাঁহাকে সম্বোধন করিয়া সানুরাগে এই কথা গুলি বলিতে লাগিলেন। ১।

সখি! বসন্তাগমে মলয়সমীর ললিত লবঙ্গলতাগুলিকে বার বার সাদরে আলিঙ্গন করিয়া কি কোমলতা ধারণ করিতেছে। কুঞ্জ কুটীর মধুকর-নিকরের ঝঙ্কার-মিশ্রিত কোকিলের কুহু কুহু রবে পরিপূর্ণ হইতেছে। এই মধুর সময়ে হরি কোনও ভাগ্যবতী যুবতীর সহিত বিহার করিতেছেন; আজ তিনি প্রণয়োৎসবে নৃত্য করিতেছেন। হায়! বিরহিজনের নিকট বসন্ত অতি দুরন্ত!

উন্মদমদনমনোরথপথিকবধূজনজনিতবিলাপে
অলিকুলসঙ্কুলকুসুমসমূহনিরাকুলবকুলকলাপে। ২।
মৃগমদসৌরভরভসবশম্বদনবদলমালতমালে।
যুবজনহৃদয়বিদারণমনসিজনখরুচিকিংশুকজালে। ৩।
মদনমহীপতিকনকদণ্ডরুচিকেশরকুসুমবিকাশে
মিলিতশিলীমুখপাটলিপটলকৃতস্মরতূণবিলাসে। ৪।
বিগলিতলজ্জিতজগদবলোকনতরুণকরুণকৃতহাসে
বিরহিনিকৃন্তনকুন্তমুখাকৃতিকেতকিদন্তুরিতাশে। ৫।
মাধবিকাপরিমলললিতে নবমালিকয়াতিসুগন্ধৌ
মুনিমনসামপি মোহনকারিণি তরুণাকারণবন্ধৌ। ৬।

অভাগিনী পথিকবধূগণ * আজ বসন্তে উৎকট মদনমনোরথভরে বিলাপ করিতেছে। দেখ বকুল পাদপসমূহে আজ আর ফুল ধরেনা এবং দলে দলে ভ্রমর পড়িয়া তাহাদিগকে আকুল করিয়া তুলিতেছে। ২।

তমালমালা নবপল্লবে সুশোভিত হইয়াছে, ও মৃগনাভির ন্যায় সৌরভাতিশয়ে আমোদিত হইয়াছে। দেখ দেখ! ফুটন্ত পলাশ ফুল গুলি যেন মদনের নখের মত দেখা যাইতেছে, সখি! যেন মদন আজ যুবকযুবতীগণের হৃদয় চিরিয়া দিয়াছে। ৩।

সখি! এখন মদন মহীপতি; বিকসিত বকুলফুলগুলি যেন তাহার কনকদণ্ড, আর ভ্রমরাবৃত পাটলিফুল সকল যেন তাহার তূণীরের ন্যায় শোভা পাইতেছে। ৪।

অয়ি! বসন্তের প্রভাবে সকলেরই লজ্জা একেবারে বিগলিত

---

* যে যুবতীর প্রিয়তম সখা ভাগ্যগুণে বিদেশে গিয়া পথে পথে ফিরিতেছেন তিনি পথিকবধূ।

স্ফুরদতিমুক্তলতাপরিরম্ভণপুলকিতমুকুলিতচূতে
বৃন্দাবনবিপিনে পরিসরপরিগতযমুনাজলপূতে। ৭।
শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণস্মৃতিসারং
সরসবসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারং। ৮।
দরবিদলিতমল্লীবল্লিচঞ্চৎপরাগ-
প্রকটিতপটবাসৈর্বাসয়ন্ কাননানি।
ইহহি দহতি চেতঃ কেতকীগন্ধবন্ধুঃ
প্রসরদসমবাণপ্রাণবদ্গন্ধবাহঃ। ১।

হইয়াছে; তরুণ করুণ পাদপগুলি তাহা দেখিয়াই যেন আজ পুষ্পচ্ছলে হাস্য করিতেছে। দেখ কত কেতকী ফুল বিরহিহৃদয়-ভেদী বর্ষার ফলার ন্যায় চারিদিকে ফুটিয়া রহিয়াছে; বোধ হইতেছে যেন দিক্ সকল দন্ত বিকাশ করিতেছে। বসন্তকাল মাধবীকুসুমের পরিমলে ললিত এবং নবমালিকা কুসুমে সুরভি। হায়! বসন্তে মুনিরও মানস মুগ্ধ হয়, বসন্ত যুবক যুবতীর অকারণ বন্ধু *। ৬।

আম্রবৃক্ষগুলি যেন সুশোভিত অতিমুক্তলতার আলিঙ্গনে পুলকিত হইয়া মুকুলে পরিপূর্ণ হইয়াছে। সখি! এই মধুর সময়ে পরিসরমিলিত যমুনাজলে পবিত্র বৃন্দাবনবিপিনে হরি যুবতী-গণের সহিত বিহার করিতেছেন। ৭।

শ্রীজয়দেব কবির রাধিকামদনবিকারসম্বলিত এই সরস বসন্তসময়-বনবর্ণন প্রকাশিত হইল, হরিচরণ স্মৃতিদ্বারা ইহা সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ। ৮।

সখি! দেখ আজ মলয়সমীর অর্দ্ধ বিকসিত মল্লিকা লতার

---

* যিনি বিনা কারণে বিনা স্বার্থে আসিয়া বন্ধুত্ব করেন তিনি অকারণবন্ধু।

অদ্যোৎসঙ্গবসদ্ভুজঙ্গকবলক্লেশাদিবেশাচলং
প্রালেয়প্লবনেচ্ছয়ানুসরতি শ্রীখণ্ডশৈলানিলঃ।
কিঞ্চ স্নিগ্ধরসালমৌলিমুকুলান্যালোক্য হর্ষোদয়া-
দুন্মীলন্তি কুহুঃকুহুরিতি কলোত্তালাঃ পিকানাংগিরঃ। ২।
উন্মীলন্মধুগন্ধলুব্ধমধুপব্যাধূতচূতাঙ্কুর-

কুসুমরেণু সকল বনময় বিকীর্ণ করিয়া যেন সুগন্ধ চূর্ণের দ্বারা বনস্থলীর নবকিসলয়বস্ত্র সুবাসিত করিতেছে এবং কেতকীগন্ধে আমোদিত হইয়া মন্মথের প্রাণের* ন্যায় আমাদিগের হৃদয় দগ্ধ করিতেছে। ১।

অয়ি! শুনিয়াছি শ্রীখণ্ডশৈলে† অনেক সর্প বাস করে, তথাকার সমীরণ সেই সকল সর্পের বিষে নিশ্চয়ই জর্জ্জরিত হইয়াছে, আর বোধ হয় সেই বিষের জ্বালাতেই আজ ইহা তুষারসলিলে স্নান করিবার অভিপ্রায়ে হিমালয়ের অভিমুখে ধাবমান হইয়াছে। দেখ দেখ, মনোহর রসালশিরে মুকুটের ন্যায় মুকুলমালা দর্শন করিয়া কলকণ্ঠ কোকিলকুল উল্লাসভরে কুহু কুহু রবে দিক্ পরিপূর্ণ করিতেছে। ২।

সখি! দেখ, চূতমুকুলে সৌরভ যত উন্মীলিত হইতেছে ততই মধুগন্ধলুব্ধ মধুকর নিপতিত হইয়া তাহাদিগকে কম্পিত করিতেছে ও কোকিলকুল তন্মধ্যে ক্রীড়া করিতে করিতে কুহু কুহু কলরবে বিরহী পথিকগণের কর্ণজ্বর উৎপাদন করিতেছে। হায়! আজ তাহারা দুরন্ত বিরহভরে কেবল প্রাণসমা প্রেয়সীর বদনখানি ধ্যান করিতেছে এবং চিন্তাসমা-

---

* বায়ুময়প্রাণ অথবা নিঃশ্বাস; টীকাকার বলেন প্রাণসম সখা।

† মলয় পর্ব্বতে।

ক্রীড়ৎকোকিলকাকলীকলকলৈরুদ্গীর্ণকর্ণজ্বরাঃ।
নীয়ন্তে পথিকৈঃ কথংকথমপি ধ্যানাবধানক্ষণ-
প্রাপ্তপ্রাণসমাসমাগমরসোল্লাসৈরমী বাসরাঃ। ৩॥

গমে ক্ষণিকসুখ লাভ করিয়াই অতি কষ্টে দিবস অতিবাহিত করিতেছে। ৩।

অনেকনারীপরিরম্ভসংভ্রম-
স্ফুরন্মনোহারিবিলাসলালসং ।
মুরারিমারাদুপদর্শয়ন্ত্যসৌ
সখী সমক্ষং পুনরাহ রাধিকাং । ১ ॥

গীতম্ । ৪ ।

রামকিরীরাগযতিতালাভ্যাংগীয়তে ।

চন্দনচর্চ্চিতনীলকলেবরপীতবসনবনমালী
কেলিচলন্মণিকুণ্ডলমণ্ডিতগণ্ডযুগস্মিতশালী ।
হরিরিহ মুগ্ধবধূনিকরে
বিলাসিনি বিলসতি কেলিপরে । ১ । ধ্রুবম্

(অনন্তর তাঁহারা কোন সুযোগে শ্রীকৃষ্ণের উদ্দেশ প্রাপ্ত হইলেন ।) সখী দেখিলেন অতি নিকটেই মুরারি বহুতর যুবতীর সহিত বিহারে নিমগ্ন রহিয়াছেন ; তাহারা আলিঙ্গনে ব্যগ্র হওয়ায় তাঁহার মনোহর বিলাসলালসা স্ফুরিত হইতেছে। তখন সখী অন্তরাল হইতে রাধিকাকে তাহা দেখাইয়া পুনর্ব্বার বলিতে লাগিলেন । ১ ।

অয়ি বিলাসিনি ! দেখ দেখ ওই হরি বিহার রসমগ্ন মুগ্ধ বধূগণের সহিত কেলি করিতেছেন । তাঁহার সুনীল কলেবর অগুরু চন্দনে চর্চ্চিত, পীতবসনে শোভিত ও বনমালায় ভুষিত হইয়াছে । ক্রীড়াভরে মণিকুণ্ডল দ্বয় চলিত হইয়া কোমল গণ্ডযুগলের অপূর্ব্ব শোভা সম্পাদন করিতেছে, মৃদু মৃদু হাসে অধর দুটী ফুটিয়া উঠিয়াছে । ১ ।

পীনপয়োধরভারভরেণ হরিং পরিরভ্য সরাগং
গোপবধূরনুগায়তি কাচিদুদঞ্চিতপঞ্চমরাগং। ২।
কাপি বিলাসবিলোলবিলোচনখেলনজনিতমনোজং
ধ্যায়তি মুগ্ধবধূরধিকং মধুসূদনবদনসরোজং। ৩।
কাপি কপোলতলেমিলিতা লপিতুং কিমপি শ্রুতিমূলে
চারু চুচুম্ব নিতম্ববতী দয়িতং পুলকৈরনুকূলে। ৪।
কেলিকলাকুতুকেন চ কাচিদমুং যমুনাবনকূলে
মঞ্জুলবঞ্জুলকুঞ্জগতং বিচকর্ষ করেণ দুকূলে। ৫।
করতলতালতরলবলয়াবলিকলিতকলস্বনবংশে
রাসরসে সহনৃত্যপরা হরিণা যুবতিঃ প্রশশংসে। ৬।

কোন গোপবধূ পীনপয়োধরে প্রপীড়িত করিয়া অনুরাগ-ভরে হরিকে প্রেমালিঙ্গন প্রদানপূর্ব্বক পঞ্চম রাগ তুলিয়া গান করিতেছে। কোন গোপী অপাঙ্গ ভঙ্গীতে মুগ্ধ হইয়া উৎকণ্ঠাভরে মধুসূদনের বিলাস বিলোল লোচন-শোভিত মদনোদ্দীপক বদনপদ্ম খানি ধ্যান করিতেছে। দেখ দেখ, ঐ এক নিতম্ববতী শ্রুতিমূলে কোন কথা বলিবার ছলে হরির কপোল সমীপে মিলিত হইয়া প্রেমপুলকিত বদনখানি নিরীক্ষণ পূর্ব্বক চারুচুম্বনে মনোরথ পূর্ণ করিতেছে। ৪।

কেহবা ইঁহাকে মনোহর বেতসকুঞ্জে অবস্থিত দেখিয়া কৌতুকভরে অঞ্চল ধরিয়া যমুনা কূলে আকর্ষণ করিতেছে। ৫।

কোন যুবতী রাসরসে হরির সহিত নৃত্য করিতেছে ও বলয়াবলি শিঞ্জিত করিয়া তাঁহার বংশীগানে করতাল প্রদান করিতেছে এবং হরি তাহার পটুতার প্রশংসা করি-তেছেন। ৬।

শ্লিষ্যতি কামপি চুম্বতি কামপি কামপি রময়তি রামাং
পশ্যতি সস্মিতচারু পরামপরামনুগচ্ছতি বামাং । ৭ ।
শ্রীজয়দেবকবেরিদমদ্ভুতকেশবকেলিরহস্যং ।
বিপিনবিনোদকলাবলিতং বিতনোতু শুভানি যশস্যং । ৮ ।

বিশ্বেষামনুরঞ্জনেন জনয়ন্নানন্দমিন্দীবর-
শ্রেণীশ্যামলকোমলৈরুপনয়ন্নঙ্গৈরনঙ্গোৎসবং ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীভিরভিতঃ প্রত্যঙ্গমালিঙ্গিতঃ
শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিব মধৌ মুগ্ধো হরিঃ ক্রীড়তি ॥ ১ ॥

কৃষ্ণ কাহাকেও আলিঙ্গন করিতেছেন, কাহাকেও চুম্বন করিতেছেন, কাহাকেও বা সস্মিত বদনে সুন্দর অবলোকন করিতেছেন, কোন রামাকে আনন্দিত করিতেছেন এবং অনুরাগ ভরে অপর কোন রামার অনুগমন করিতেছেন । ৭ ।

শ্রীজয়দেব কবির এই বনবিহারলীলাযুক্ত যশঃপ্রদ অদ্ভুত কেলিরহস্যগীতি কেশবভক্তগণের মঙ্গল বিধান করুক । ৮ ।

অয়ি ! তিনি মনোনুরঞ্জন করিয়া সকলেরই আনন্দ সম্পাদন করিতেছেন ও ইন্দীবরদল-সদৃশ শ্যামল ও কোমল অঙ্গের সৌন্দর্য্যে সকলেরই অনঙ্গোৎসব বিধান করিতেছেন । ব্রজ-সুন্দরীগণ চারিদিক্ হইতে স্বচ্ছন্দে তাঁহার প্রতিঅঙ্গ আলিঙ্গন করিতেছে । সখি ! মুগ্ধনায়ক কৃষ্ণ আজ মধুমাসে মূর্ত্তিমান্ প্রেমরসের ন্যায় ক্রীড়া করিতেছেন । ১ ।

রাসোল্লাসভরেণ বিভ্রমভৃতামাভীরবামভ্রুবা-
মভ্যর্ণে পরিরভ্য নির্ভরমুরঃ প্রেমান্ধয়া রাধয়া।
সাধু ত্বদ্বদনং সুধাময়মিতি ব্যাহৃত্য গীতস্তুতি-
ব্যাজাদুদ্ভটচুম্বিতঃ স্মিতমনোহারী হরিঃ পাতু বঃ ॥ ২ ॥

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে
সামোদদামোদরো নাম
প্রথমঃ সর্গঃ ॥ ১ ॥

রাসোল্লাস-ভরে বিভ্রান্ত* গোপবনিতাগণের সমক্ষেই প্রেমান্ধা রাধা প্রিয়তমের বক্ষে গাঢ় আলিঙ্গন প্রদান করিলেন; এবং 'হরি! তুমি সুন্দর গান করিতেছ, তোমার মুখ খানি সুধাময়!' এই কথা বলিয়া সঙ্গীতের প্রশংসা-চ্ছলে তাঁহাকে চুম্বন করিলেন। অমনি প্রিয়ার রতিপাণ্ডিত্য দর্শনে মৃদু মৃদু হাস্য উদিত হওয়ায় প্রিয়তমের চারু বদন আরও মনোহর ভাব ধারণ করিল। সেই মনোহর-বেশধারী হরি তোমাদিগকে রক্ষা করুন। ২।

ইতি মহাকাব্য গীতগোবিন্দে
সামোদ-দামোদর-নামক
প্রথমসর্গ।

---

* বিলাসোন্মত্ত।

দ্বিতীয়ঃ সর্গঃ।

বিহরতি বনে রাধা সাধারণপ্রণয়ে হরৌ
বিগলিতনিজোৎকর্ষাদীর্ষাবশেন গতান্যতঃ।
ক্বচিদপি লতাকুঞ্জে গুঞ্জন্মধুব্রতমণ্ডলী-
মুখরশিখরে লীনা দীনাপ্যুবাচ রহঃসখীং ॥ ১ ॥

গীতম্। ৫।

গুর্জ্জরীরাগ-যতিতালাভ্যাং গীয়তে।

সঞ্চরদধরসুধামধুরধ্বনিমুখরিতমোহনবংশং
বলিতদৃগঞ্চলচঞ্চলমৌলিকপোলবিলোলবতংসং।
রাসে হরিমিহ বিহিতবিলাসং
স্মরতি মনো মম কৃতপরিহাসং ।১। ধ্রুবম্।

হরি সকল গোপীর সহিত সমভাবে প্রণয়রসে বিহার করিতেছেন দেখিয়া রাধিকা ভাবিলেন তাঁহার উৎকর্ষনষ্ট হইল; তখন তিনি ঈর্ষাবশতঃ তথা হইতে প্রস্থান-পূর্ব্বক একটী লতাকুঞ্জে প্রবেশ করিলেন। মধুকরমণ্ডলী গুন্ গুন্ রবে উহার শিখর-দেশকে মুখরিত করিতেছিল। তিনি তন্মধ্যে উপবিষ্ট হইয়া বিষণ্ণভাবে সখীর নিকট মনোভাব প্রকাশ করিতে লাগিলেন। ১।

সখি! হরির সেই রাসবিলাস সেই মধুর পরিহাস সর্ব্বদাই মনে পড়িতেছে। যেন কৃষ্ণ আমার সম্মুখে মোহন-বংশীটী মুখে করিয়া সেই রূপে অধরসুধাসিক্ত মধুরধ্বনি বিস্তার করিতেছেন! অয়ি! যখন কুটিল কটাক্ষপাতে তাঁহার শিরোভূষণ চঞ্চল হয়, তখন কুণ্ডলযুগল বিলোল হইয়া গণ্ডস্থলের কি শোভাই সম্পাদন করে!। ১।

চন্দ্রকচারুময়ূরশিখণ্ডকমণ্ডলবলয়িতকেশং
প্রচুরপুরন্দরধনুরনুরঞ্জিতমেদুরমুদিরসুবেশং। ২।
গোপকদম্বনিতম্ববতীমুখচুম্বনলম্ভিতলোভং
বন্ধুজীবমধুরাধরপল্লবমুল্লসিতস্মিতশোভং। ৩।
বিপুলপুলকভুজপল্লববলয়িতবল্লবযুবতিসহস্রং
করচরণোরসি মণিগণভূষণকিরণবিভিন্নতমিস্রং। ৪।
জলদপটলবলদিন্দুবিনিন্দকচন্দনতিলকললাটং
পীনপয়োধরপরিসরমর্দ্দননির্দয়হৃদয়কবাটং। ৫।

চন্দ্রকশোভিত* চারুময়ূরপিচ্ছের দ্বারা অর্দ্ধচন্দ্রাকারে বেষ্টিত চিক্কণ কেশগুলি দেখিলে বোধহয় যেন একখানি স্নিগ্ধ নীলমেঘ একটী সম্পূর্ণ ইন্দ্র ধনুতে রঞ্জিত হইয়াছে। ২।

যখন নিতম্ববতী গোপীগণের মুখচুম্বনে তাঁহার লোভ বৃদ্ধি হয়, বন্ধুজীব-কুসুম-সদৃশ মধুরাধরপল্লব দুটী ফুটিয়া উঠে এবং মৃদু মৃদু হাসে মুখখানি উল্লসিত হয়, তখনকার সেই অবস্থাটী আমার স্মৃতিপথে উদিত হইতেছে। ৩।

যখন পুলকান্বিত বিপুল ভুজযুগলে বেষ্টন করিয়া বল্লব-যুবতীদিগকে আলিঙ্গন করেন তখনকার সেই মনোহর বেশটী ও ভুলিবার নহে। তাঁহার হস্ত চরণ ও বক্ষঃস্থল মণিময় ভূষণে কত শোভাই ধারণ করে! সেই সকল মণির কিরণে অন্ধকার নষ্ট হয়। ৪।

তাঁহার ললাটস্থিত চন্দনতিলক মেঘমণ্ডলমধ্যবর্ত্তী পূর্ণ ইন্দুকেও নিন্দা করে। তিনি যখন বিস্তৃত হৃদয়ে নির্দ্দয় রূপে আলিঙ্গন করিয়া পীনপয়োধর-প্রান্ত পীড়িত করেন তখনকার সেই মধুরভাব মনে পড়িতেছে। ৫।

---

* ময়ূরপুচ্ছের গোল গোল চিকণ দাগ গুলিকে চন্দ্রক বলে।

মণিময়মকরমনোহরকুণ্ডলমণ্ডিতগণ্ডমুদারং
পীতবসনমনুগতমুনিমনুজসুরাসুরবরপরিবারং । ৬ ।
বিশদকদম্বতলে মিলিতং কলিকলুষভয়ং শময়ন্তং
মামপি কিমপি তরঙ্গদনঙ্গদৃশা মনসা রময়ন্তং । ৭ ।
শ্রীজয়দেবভণিতমতিসুন্দরমোহনমধুরিপুরূপং
হরিচরণস্মরণং প্রতি সংপ্রতি পুণ্যবতামনুরূপং । ৮ ।
গণয়তি গুণগ্রামং ভামং ভ্রমাদপি নেহতে
বহতি চ পরীতোষং দোষং বিমুঞ্চতি দূরতঃ ।
যুবতিষু বলভৃষ্ণে কৃষ্ণে বিহারিণি মাং বিনা
পুনরপি মনো বামং কামং করোতি করোমি কিং । ১ ।

সেই কোমল গণ্ডযুগল, মকরাকৃতি মনোহর মণিময় কুণ্ডলে মণ্ডিত হইয়া কি উদারভাবই ধারণ করে ! সখি ! পীতবসনধারী হরির সৌন্দর্য্যে মুনি মানব এবং সুরাসুরদিগের কামিণীগণও আকৃষ্ট হয় । ৬ ।

যখন তিনি পুষ্পিত কদম্ববৃক্ষের তলে আসিয়া উপস্থিত হন, ও আমার চক্ষে তাঁহার চারু আঁখি পতিত হয় তখন সেই প্রেম-কটাক্ষে যেন অনঙ্গের তরঙ্গ বহিতে থাকে । তখন তিনি মনে মনে আমারই সহিত রতি ধ্যান করেন । সখি ! সেই মধুর বেশ দর্শন করিলে কলি-কলুষ-ভয় দূরে পলায়ন করে । তাহা মনে পড়িয়া হৃদয় আকুল হইতেছে ! ৭ ।

সম্প্রতি পুণ্যবান্‌ ভক্তগণ এই অতি সুন্দর মোহন কৃষ্ণ-রূপ-বর্ণনান্বিত জয়দেব-বাক্যে হরিচরণ স্মরণ করিবেন । ৮ ।

সখি ! আমি কি করিব আমার মন নিতান্ত পরবশ, কেবল কৃষ্ণের গুণসমূহ গণনা করিতেছে, ভ্রমেও তাঁহার উপর ক্রোধ করিতে ইচ্ছা করিতেছে না, তাঁহার দোষ দূরে পরিহার করিয়া পরিতোষ লাভ করিতেছে । আজ যুবতিগণের প্রতি কৃষ্ণের প্রেমপিপাসা বর্দ্ধিত হইয়াছে, তিনি আমাকে পরিত্যাগ করিয়া বিহার করিতেছেন, তথাপি অবোধ মন তাঁহার মিলন কামনায় ব্যাকুল হইতেছে ।১।

— :: —

গীতম্। ৬।

মালবগৌড়রাগৈকতালীতালাভ্যাং গীয়তে।

নিভৃতনিকুঞ্জগৃহং গতয়া নিশি রহসি নিলীয় বসন্তং
চকিতবিলোকিতসকলদিশা রতিরভসরসেন হসন্তং।
সখি হে কেশিমথনমুদারং
রময় ময়া সহ মদনমনোরথভাবিতয়া সবিকারং। ১। ধ্রুবম্।
প্রথমসমাগমলজ্জিতয়া পটুচাটুশতৈরনুকূলং
মৃদুমধুরস্মিতভাষিতয়া শিথিলীকৃতজঘনদুকূলং। ২।
কিশলয়শয়ননিবেশিতয়া চিরমুরসি মমৈব শয়ানং
কৃতপরিরম্ভণচুম্বনয়া পরিরভ্য কৃতাধরপানং। ৩।

সখি! আজ উদার প্রিয়তম কেশিমথনকে আনিয়া আমার সহিত মিলন করিয়া দেও। আমি সেইরূপে নিভৃত নিকুঞ্জ গৃহে গমন করিব, কৃষ্ণ আমার মনোভাব বুঝিবার জন্য অন্ধকারে লুকাইয়া থাকিবেন। আমি চকিত হইয়া চতুর্দ্দিক অবলোকন করিব, তিনি আমার প্রণয়োৎকণ্ঠা-দর্শনে রতিরসভরে হাস্য করিবেন। আমি মন্মথ-মনোরথে উৎকণ্ঠিত হইব, আমাকে দেখিয়া তাঁহারও মনোবিকার উদিত হইবে। ১

আমি প্রথম সমাগমে লজ্জিত হইব, কৃষ্ণ কত প্রিয়-বচনে আনুকূল্য প্রকাশ করিবেন। আমি মৃদু মৃদু হাস্যের সহিত দুটী একটী কথা কহিব, অমনি চতুর নাগর আমার জঘন-বসন এলাইয়া দিবেন। ২।

শয়ন করাইলে আমি কিশলয় শয্যায় শয়ন করিব; তিনি বহুক্ষণ আমার বক্ষেই শয়ন করিয়া থাকিবেন। আমি আলিঙ্গনপূর্ব্বক চুম্বন করিলে তিনি আলিঙ্গন করিয়া অধর পান করিবেন। ৩।

অলসনিমীলিতলোচনয়া পুলকাবলিললিতকপোলং
শ্রমজলসকলকলেবরয়া বরমদনমদাদতিলোলং। ৪।
কোকিলকলরবকূজিতয়া জিতমনসিজতন্ত্রবিচারং
শ্লথকুসুমাকুলকুন্তলয়া নখলিখিতঘনস্তনভারং। ৫।
চরণরণিতমণিনূপুরয়া পরিপূরিতসুরতবিতানং
মুখরবিশৃঙ্খলমেখলয়া সকচগ্রহচুম্বনদানং। ৬।
রতিসুখসময়রসালসয়া দরমুকুলিতনয়নসরোজং
নিঃসহনিপতিততনুলতয়া মধুসূদনমুদিতমনোজং। ৭।

আমি অলসে নয়ন নিমীলিত করিলে তাঁহার কোমল কপোলযুগল পুলকে কণ্টকিত হইয়া ললিতভাব ধারণ করিবে। শ্রম বশতঃ বিন্দু বিন্দু ঘর্ম্মে আমার সমস্ত কলেবর আদ্র হইবে, তদ্দর্শনে কৃষ্ণ মদনাবেশে অতি চঞ্চল হইয়া উঠিবেন। ৪।

আমি কোকিলের ন্যায় কলস্বরে কূজন করিব, অমনি আমার প্রিয়তম মন্মথ-শাস্ত্র-বিচারে জয়লাভ করিবেন। আমার কুন্তলভার এলাইয়া ফুলগুলি ছড়াইয়া পড়িবে, তিনি পীন পয়োধরযুগলে নখরাঘাত করিবেন। ৫।

আমি চরণে মণি-নূপুরের শব্দ করিব, তিনি সুরত বিতান পরিপূর্ণ করিবেন। আমার মেখলার শব্দ হইবে ও তাহার গ্রন্থি ছিঁড়িয়া যাইবে, হরি কেশগ্রহণপূর্ব্বক চুম্বন প্রদান করিবেন। ৬।

রতি-সুখ-সময়ে আমি রসে অলস হইয়া পড়িব, তাঁহারও নয়নসরোজ ঈষৎ মুকুলিত হইবে। আমার সুকুমার দেহলতা অবশ হইয়া পড়িবে, তদ্দর্শনে মধুসূদনের মন্মথরাগ উদিত হইবে। ৭।

শ্রীজয়দেবভণিতমিদমতিশয়মধুরিপুনিধুবনশীলং
সুখমুৎকণ্ঠিতগোপবধূকথিতং বিতনোতু সলীলং। ৮।
হস্তস্রস্তবিলাসবংশমনৃজুভ্রূবল্লিমদ্বল্লবী-
বৃন্দোৎসারিদৃগন্তবীক্ষিতমতিস্বেদার্দ্রগণ্ডস্থলং।
মামুদ্বীক্ষ্য বিলক্ষিতস্মিতসুধামুগ্ধাননং কাননে
গোবিন্দং ব্রজসুন্দরীগণবৃতং পশ্যামি হৃষ্যামি চ। ১।
দুরালোকঃ স্তোকস্তবকনবকাশোকলতিকা-
বিকাশঃ কাসারোপবনপবনোঽপি ব্যথয়তি।
অপি ভ্রাম্যদ্ভৃঙ্গীরণিতরমণীয়া ন মুকুল-
প্রসূতিশ্চূতানাং সখি শিখরিণীয়ং সুখয়তি। ২।

বিরহোৎকণ্ঠিতা রাধার উক্তিস্বরূপ শ্রীজয়দেব-কবির এই কৃষ্ণরতি-লীলা-বর্ণন ভক্তগণের সুখ বর্দ্ধিত করুক। ৮।

অয়ি! গোবিন্দ ব্রজসুন্দরীসমূহে বেষ্টিত হইয়া বনে অবস্থান করিতেছেন, তাঁহার বিলাসের বংশীটী হস্ত হইতে পড়িয়া যাইতেছে, কুটিল-ভ্রূ গোপীগণ তাঁহার প্রতি দীর্ঘ কটাক্ষ নিক্ষেপ করিতেছে এবং গণ্ডস্থল স্বেদ-জলে অত্যন্ত আর্দ্র হইয়াছে; এমন সময় আমি উপস্থিত হইলাম। সহসা আমাকে দেখিয়া তিনি বিস্মিত হইলেন ও লজ্জাজড়িত ঈষৎ হাস্যে তাঁহার মুখ খানি মনোহর হইয়া উঠিল। সখি, আমি এইরূপে কৃষ্ণকে দর্শন করিতেছি ও কতই হর্ষলাভ করিতেছি। ১।

সখি! ক্ষুদ্র ক্ষুদ্র নূতন স্তবকে ভূষিত নবকাশোক লতাগুলিও দেখিতে পারিতেছি না, উপবন-সরোবরের শীতল-বায়ুতেও আজ কষ্ট বোধ হইতেছে। আম্র-মুকুল-গুলি মাথা তুলিয়া

সাকূতস্মিতমাকুলাকুলগলদ্ধম্মিল্লমুল্লাসিত-
ভ্রূবল্লীকমলীকদর্শিতভুজামূলার্দ্ধদৃষ্টস্তনং ।
গোপীনাং নিভৃতং নিরীক্ষ্য গমিতাকাংক্ষশ্চিরং চিন্তয়-
ন্নন্তর্মুগ্ধমনোহরং হরতু বঃ ক্লেশং নবঃ কেশবঃ ॥ ৩ ॥

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে
অক্লেশকেশবো নাম
দ্বিতীয়ঃ সর্গঃ ॥ ২ ॥

উঠিয়াছে, ভ্রমরীগণ চারিদিকে উড়িয়া উড়িয়া শব্দ করায় কেমন সুন্দর দেখাইতেছে, ইহাতেও আমার সুখ-বোধ হইতেছে না । ২ ।

গোপীগণ নির্জ্জনে মন্মথাভিপ্রায় পূর্ণ ইষৎ হাস্য করিয়া, অনবরত বিগলিত আকুল কেশপাশ বন্ধনে ব্যগ্র হইয়া, চকিতার ন্যায় ভ্রূলতা বিস্ফারিত করিয়া, স্তনার্দ্ধ দেখাইবার অভিপ্রায়ে ছলক্রমে বাহুমূল হইতে অঞ্চল সরাইয়া, শ্রীকৃষ্ণের নিকট হৃদয়-ভাব প্রকাশ করিলে, তাঁহার অভিলাষ উৎপন্ন হওয়ায় তিনি তচ্চিন্তায় নিবিষ্ট হইয়া মুগ্ধ-মনোহর ভাব ধারণ করিতেন ; এই রূপ মনোহর-ভাব-ধারী তরুন কেশব আপনাদিগের ক্লেশ হরণ করুন । ৩ ।

ইতি মহাকাব্য গীতগোবিন্দে
অক্লেশ-কেশব নামক
দ্বিতীয় সর্গ ।

তৃতীয়ঃ সর্গঃ ।

কংসারিরপি সংসারবাসনাবন্ধশৃঙ্খলাং
রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজসুন্দরীঃ ॥ ১ ॥
ইতস্ততস্তামনুসৃত্য রাধিকামনঙ্গবাণব্রণখিন্নমানসঃ ।
কৃতানুতাপঃ স কলিন্দনন্দিনীতটান্তকুঞ্জে বিষসাদ মাধবঃ ॥ ২ ॥

গীতম্ । ৭ ।

গুর্জ্জরীরাগেণ যতিতালেন চ গীয়তে ।

মামিয়ং চলিতা বিলোক্য বৃতং বধূনিচয়েন ।
সাপরাধতয়া ময়াপি ন নিবারিতাতিভয়েন ॥
হরিহরি হতাদরতয়া গতা সা কুপিতেব ॥ ১ ॥ধ্রুবম্ ।

রাধিকাই কৃষ্ণকে সংসার বাসনায় আবদ্ধ রাখিবার শৃঙ্খল-স্বরূপ * হইলেন। শ্রীকৃষ্ণও রাধাগত-চিত্ত হইয়া ব্রজ-সুন্দরীগণকে পরিত্যাগ করিলেন। ১।

মাধবের মানস অনঙ্গ-বাণের আঘাতে বিষম যাতনা ভোগ করিতে লাগিল। তিনি অনুতাপ করিতে লাগিলেন এবং ইতস্তত রাধিকাকে অন্বেষণ করিয়া যমুনাতীর-সমীপবর্ত্তী কুঞ্জে উপবিষ্ট হইয়া বিলাপ করিতে লাগিলেন। ২

হায়! রাধা আমাকে বধূনিচয়ে পরিবৃত দেখিয়া চলিয়া গেলেন। আমি তাঁহার নিকট অপরাধী, সুতরাং অত্যন্ত ভয় পাইলাম, তাঁহাকে নিবারণ করিতে পারিলাম না। হরি! হরি! হয়ত আদর করিলাম না ভাবিয়া তিনি কুপিত হইয়াই চলিয়া গিয়াছেন। ১।

---

* অন্যদিকে বিশ্ববিমোহিনী মায়া বা অবিদ্যা; সংসারের বীজস্বরূপ সংস্কার-সমূহকে অবিচ্ছিন্ন রাখিবার একমাত্র কারণ।

কিং করিষ্যতি কিং বদিষ্যতি সা চিরং বিরহেণ ।
কিং ধনেন কিং জনেন কিং মম সুখেন গৃহেণ ॥ ২ ॥
চিন্তয়ামি তদাননং কুটিলভ্রু কোপভরেণ ।
শোণপদ্মমিবোপরিভ্রমতাকুলং ভ্রমরেণ ॥ ৩ ॥
তামহং হৃদি সঙ্গতামনিশং ভৃশং রময়ামি ।
কিং বনেঽনুসরামি তামিহ কিং বৃথা বিলপামি ॥ ৪ ॥
তন্বি খিন্নমসূয়য়া হৃদয়ং তবাকলয়ামি ।
তন্ন বেদ্মি কুতো গতাসি ন তেন তেঽনুনয়ামি ॥ ৫ ॥
দৃশ্যসে পুরতো গতাগতমেব মে বিদধাসি ।
কিং পুরেব সসংভ্রমং পরিরম্ভণং ন দদাসি ॥ ৬ ॥

জানি না দীর্ঘ-বিরহে প্রিয়তমা কি করিবেন। কি বা বলিবেন। প্রিয়াবিহনে আমার ধনে প্রয়োজন কি? বন্ধুবান্ধবেই বা প্রয়োজন কি? সুখে প্রয়োজন কি? এবং গৃহেই বা প্রয়োজন কি? ২।

তাঁহার মুখপদ্ম আমার মনে পড়িতেছে; কোপভরে ভ্রূযুগল কুঞ্চিত হইয়াছে, যেন একটী অরুণ পদ্মের উপরি ভাগে ভ্রমরসকল বিচরণ করিয়া উহাকে আকুল করিতেছে। ৩।

যখন প্রিয়তমা আমার হৃদয়েই সঙ্গত রহিয়াছেন এবং আমি তাঁহার সহিত নিরন্তর প্রগাঢ় প্রেমে রমণ করিতেছি, তখন আর বনে বনে কেন তাঁহার অনুসরণ করি! কেনই বা এখানে বৃথা বিলাপ করি। ৪।

হে তন্বি, আমি জানিতেছি, তোমার হৃদয় ঈর্ষায় খিন্ন হইয়াছে, কিন্তু তুমি কোথায় গিয়াছ জানি না এই জন্যই তোমার নিকট অনুনয় করিতে পারিতেছি না। ৫।

আমি দেখিতেছি তুমি আমার সম্মুখ দিয়া যাতায়াত

ক্ষম্যতামপরং কদাপি তবেদৃশং ন করোমি।
দেহি সুন্দরি দর্শনং মম মন্মথেন দুনোমি ॥ ৭ ॥
বর্ণিতং জয়দেবকেন হরেরিদং প্রবণেন।
কেন্দুবিল্বসমুদ্রসম্ভবরোহিণীরমণেন ॥ ৮ ॥
হৃদি বিসলতাহারো নায়ং ভুজঙ্গমনায়কঃ
কুবলয়দলশ্রেণী কণ্ঠে ন সা গরলদ্যুতিঃ।
মলয়জরজো নেদং ভস্ম প্রিয়ারহিতে ময়ি
প্রহর ন হরভ্রান্ত্যানঙ্গ ক্রুধা কিমু ধাবসি ॥ ৯ ॥
পাণৌ মা কুরু চূতশায়কমমুং মা চাপমারোপয়
ক্রীড়ানির্জ্জিতবিশ্ব মূর্চ্ছিতজনাঘাতেন কিং পৌরুষং।

করিতেছ। হায়! কেন পূর্ব্বের ন্যায় সসম্ভ্রমে আলিঙ্গন প্রদান করিতেছ না। ৬।

সুন্দরি! ক্ষমা কর, আর কখন এরূপ অপরাধ করিব না; আমাকে দেখা দাও, আমি বিরহে বড় ব্যথা পাইতেছি। ৭।

হরিচরণে প্রণত হইয়া কবি জয়দেব এই বিরহ বর্ণনা করিলেন। সমুদ্রে রোহিণী-নাথ চন্দ্রের ন্যায় কেন্দুবিল্বে ইঁহার উৎপত্তি হইয়াছে। ৮।

হে অনঙ্গ, এই যে হৃদয়ে দেখিতেছ, ইহা মৃণালহার, ভুজঙ্গ-পতি বাসুকি নহে; এই যে কণ্ঠে দেখিতেছ, ইহা কুবলয়দলের মালা, গরলের নীলিমা নহে; আর এই যে দেখিতেছ, ইহা চন্দন-রজ, ভস্ম নহে। আর দেখ, আমি প্রিয়া-রহিত, আমাকে হর-ভ্রমে প্রহার করিও না। তুমি ক্রোধ-ভরে কেন ধাবিত হইতেছ? ৯।

হে মনসিজ, ঐ চুতবাণ হস্তে গ্রহণ করিও না, উহা চাপে আরোপিত করিও না। তুমি অবলীলাক্রমে বিশ্ব জয় করি-

তস্যাএব মৃগীদৃশো মনসিজপ্রেঙ্খৎকটাক্ষাশুগ-
শ্রেণীজর্জ্জরিতং মনাগপি মনো নাদ্যাপি সংধুক্ষতে ॥ ২ ॥
ভ্রূপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি
বাণা গুণঃ শ্রবণপালিরিতিস্মরেণ।
তস্যামনঙ্গজয়জঙ্গমদেবতায়া-
মস্ত্রাণি নির্জ্জিতজগন্তি কিমর্পিতানি ॥ ৩ ॥
ভ্রূচাপে নিহিতঃ কটাক্ষবিশিখো নির্ম্মাতু মর্ম্মব্যথাং
শ্যামাত্মা কুটিলঃ করোতু কবরীভারোঽপি মারোদ্যমং।
মোহস্তাবদয়ঞ্চ তন্বি তনুতাং বিম্বাধরো রাগবান্
সদ্বৃত্তং স্তনমণ্ডলস্তব কথং প্রাণৈর্মম ক্রীড়তি ॥ ৪ ॥

য়াছ ; মূর্চ্ছিত ব্যক্তিকে আঘাত করিলে তোমার কি পৌরুষ হইবে? আমার হৃদয় সেই মৃগলোচনার চঞ্চল কটাক্ষবাণে জর্জ্জরিত হইয়া রহিয়াছে, উহা অদ্যাপি কিছুমাত্র সুস্থ হয় নাই। ২।

রাধিকা মদন-বিজয়ের সচল দেবতা। তাঁহার ভ্রূপল্লবই ধনু, অপাঙ্গভঙ্গিই বাণ, এবং শ্রবণ-প্রান্তভাগই ধনুর গুণ। মদন এই সকল অস্ত্রের সাহায্যে ত্রিভুবন জয় করিয়া আবার কি এগুলি তাঁহাকে ফিরাইয়া দিয়াছে? ৩।

হে তন্বি, ভ্রূকার্ম্মুকে আরোপিত তোমার কটাক্ষবাণ * আমার মরমে যে ব্যথা দিতেছে তাহা দিক ; তোমার কৃষ্ণবর্ণ কুটিল † কবরীভার আমাকে যে মারিতে উদ্যত হইতেছে তাহা

---

* বিশিখ অর্থে বাণ, সূক্ষ্মাগ্র বলিয়া বাণের একটি নাম বিশিখ, সুতরাং যে কটাক্ষ, বাণের ন্যায় সূক্ষ্মাগ্র তাহাত মর্ম্ম বিঁধিবেই।

† অন্যদিকে কুটিল অর্থ খল ও কৃষ্ণাত্মা অর্থে মলিন-স্বভাব, যে খল ও মলিন-স্বভাব তাহারও মারিতে উদ্যত হওয়া অসম্ভব নহে।

তানি স্পর্শসুখানি তে চ তরলাঃ স্নিগ্ধা দৃশোর্বিভ্রমা-
স্তদ্বক্ত্রাম্বুজসৌরভং স চ সুধাস্যন্দী গিরাং বক্রিমা।
সা বিম্বাধরমাধুরীতি বিষয়াসঙ্গেঽপি চেন্মানসং
তস্যাং লগ্নসমাধি হন্ত বিরহব্যাধিঃ কথং বর্দ্ধতে ॥ ৫ ॥
তির্য্যক্‌কণ্ঠবিলোলমৌলিতরলোত্তংসস্য বংশোচ্চরদ্-
গীতিস্থানকৃতাবধানললনালক্ষৈর্ন সংলক্ষিতাঃ।
সংমুগ্ধং মধুসূদনস্য মধুরে রাধামুখেন্দৌ মৃদু-
স্পন্দং কন্দলিতাশ্চিরং দদতু বঃ ক্ষেমং কটাক্ষোর্ম্ময়ঃ ॥ ৬ ॥
ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে মুগ্ধমধুসূদনো নাম তৃতীয়ঃসর্গঃ।

হউক; আর এই রাগবিশিষ্ট বিম্বাধর আমার যে মোহ উৎপাদন করিতেছে তাহাও করুক; কিন্তু তোমার এই সদ্বৃত্ত * (সুগোল) স্তনমণ্ডল ক্রীড়াচ্ছলে কেন আমাকে প্রাণে মারিতেছে? ৪।

সেই স্পর্শ সুখ, সেই তরল স্নিগ্ধ দৃষ্টিবিভ্রম, সেই বদন-পঙ্কজের সৌরভ, সেই অমৃত-নিস্যন্দিনী বাক্‌চাতুরী; সেই বিম্বাধরের মধুরিমা, সেই সমস্তই মনে রহিয়াছে! বাহ্য-ইন্দ্রিয়ে তাহাদের সংযোগ নাই বটে কিন্তু মনত প্রিয়ার সমাধিতেই লগ্ন হইয়া রহিয়াছে, হায়! তথাপি বিরহযন্ত্রণা কেন বাড়িতেছে! ৫।

রাধার মধুর মুখ-চন্দ্রমাতে মধুসূদনের মনোহর কটাক্ষ-তরঙ্গ মৃদু মৃদু উল্লসিত হইলে, কণ্ঠদেশ বক্র হওয়ায় তাঁহার শিরোভূষণ চঞ্চল এবং কুন্তল যুগল দোদুল্যমান হইয়াছিল। বংশীগানে একাগ্রচিত্ত থাকায় লক্ষ লক্ষ গোপী উহা লক্ষ্য করে নাই। কৃষ্ণের ঐ কটাক্ষ-তরঙ্গ তোমাদের চিরকাল মঙ্গল বিধান করুক। ৬।

ইতি গীতগোবিন্দ মহা-কাব্যে মুগ্ধমধুসূদন নামক তৃতীয় সর্গ।

---

*অন্যদিকে সদ্বৃত্ত অর্থে সৎস্বভাব, সুতরাং যে লোক সচ্চরিত্র সেও যে প্রাণ লইয়া টানাটানি করে এবড় আশ্চর্য্য।

চতুর্থঃ সর্গঃ।

যমুনাতীরবানীরনিকুঞ্জে মন্দমাস্থিতং।
প্রাহ প্রেমভরোদ্‌ভ্রান্তং মাধবং রাধিকাসখী ॥ ১ ॥

গীতম্‌। ৮।

কর্ণাটরাগযতিতালাভ্যাং গীয়তে।

নিন্দতি চন্দনমিন্দুকিরণমনুবিন্দতি খেদমধীরং।
ব্যালনিলয়মিলনেন গরলমিব কলয়তি মলয়সমীরং ॥
সা বিরহে তব দীনা
মাধব মনসিজবিশিখভয়াদিব ভাবনয়া ত্বয়ি লীনা ॥ ১ ॥ ধ্রুবম্‌।
অবিরলনিপতিতমদনশরাদিব ভবদবনায় বিশালং।
স্বহৃদয়মর্ম্মণি বর্ম্ম করোতি সজলনলিনীদলজালং ॥ ২ ॥

অনন্তর রাধিকার কোন সখী সেই যমুনা-তীর-স্থিত বেতসকুঞ্জে বিষণ্ণভাবে উপবিষ্ট এবং প্রেমভরে উন্মত্ত শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন। ১।

রাগ কর্ণাট, তাল একতাল।

হে মাধব, রাধিকা বিরহে বিষণ্ণ হইয়া তোমার চিন্তাতেই নিমগ্ন রহিয়াছেন; যেন মনসিজের বাণভয়ে ধ্যান-যোগে তোমার অঙ্গে লীন হইয়া রহিয়াছেন। তিনি চন্দন ও ইন্দু কিরণের নিন্দা করিতেছেন, খেদে অধীর হইতেছেন। মলয় সমীরণ তাঁহার পক্ষে গরল বলিয়া বোধ হইতেছে, সর্পের আবাসস্থান চন্দন তরুর সংস্পর্শেই যেন উহা গরল হইয়াছে। ১।

তুমি তাঁহার হৃদয়ের মর্ম্মস্থানে বাস করিতেছ, আর মদন-শর তদভিমুখে অনবরত পতিত হইতেছে, পাছে তোমায় ব্যথা

কুসুমবিশিখশরতল্পমনল্পবিলাসকলাকমনীয়ং।
ব্রতমিব তব পরিরম্ভসুখায় করোতি কুসুমশয়নীয়ং॥ ৩॥
বহতি চ বলিতবিলোচনজলধরমাননকমলমুদারং।
বিধুমিব বিকটবিধুন্তুদদন্তদলনগলিতামৃতধারং॥ ৪॥
বিলিখতি রহসি কুরঙ্গমদেন ভবন্তমসমশরভূতং।
প্রণমতি মকরমধো বিনিধায় করে চ শরং নবচূতং॥ ৫॥
প্রতিপদমিদমপি নিগদতি মাধব তব চরণে পতিতাহং।
ত্বয়ি বিমুখে ময়ি সপদি সুধানিধিরপি তনুতে তনুদাহং॥ ৬

লাগে এই ভয়ে যেন রাধিকা হৃদয়োপরি বিশাল বর্ম্মস্বরূপ সজল নলিনী পত্র সমূহ ধারণ করিতেছেন। ২।

নানাবিধ-বিলাস-দ্রব্যে সুশোভিত, কমনীয় কুসুম শয্যা এক্ষণে তাঁহার পক্ষে শর-শয্যা হইয়া দাঁড়াইয়াছে। তোমার আলিঙ্গনরূপ ফললাভের জন্যত কোন কঠোর ব্রত অবলম্বন করা চাই, তাই তিনি এই শরশয্যা আশ্রয় করিয়াছেন। ৩।

তাঁহার সুন্দর মুখকমলে অবিরলধারে নয়ন-জল প্রবাহিত হইতেছে, যেন রাহুর বিকট দণ্ডাঘাতে চন্দ্রমণ্ডল হইতে অমৃতধারা ক্ষরিত হইতেছে। ৪।

কখন মৃগমদরসে গোপনে তোমার মদনের ন্যায় প্রতিকৃতি চিত্রিত করিতেছেন; পদতলে মকর অঙ্কিত করিয়া এবং হস্তে নব চূতবাণ প্রদান করিয়া প্রণাম করিতেছেন। ৫।

পদেপদে বলিতেছেন, মাধব! আমি তোমার চরণে পতিত হইলাম; তুমি বিমুখ হওয়ায় সুধানিধি ও হঠাৎ আমার শরীর-দাহ উৎপাদন করিতেছে। ৬।

ধ্যানলয়েন পুরঃ পরিকল্প্য ভবন্তমতীবদুরাপং ।
বিলপতি হসতি বিষীদতি রোদিতি চঞ্চতি মুঞ্চতি তাপং ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতমিদমধিকং যদি মনসা নটনীয়ং ।
হরিবিরহাকুলবল্লবযুবতিসখীবচনং পঠনীয়ং ॥ ৮ ॥
আবাসো বিপিনায়তে প্রিয়সখীমালাপি জালায়তে
তাপোঽপি শ্বসিতেন দাবদহনজ্বালাকলাপায়তে ।
সাপি ত্বদ্বিরহেণ হন্ত হরিণীরূপায়তে হা কথং
কন্দর্পোঽপি যমায়তে বিরচয়ঞ্ছার্দ্দূলবিক্রীড়িতং ॥ ৯ ॥

তুমি একান্ত দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছ, তাই সখী ধ্যানে মগ্ন হইয়া সম্মুখে তোমার রূপ কল্পনা করিয়া কখন বিলাপ করিতেছেন কখন হাসিতেছেন, কখন বিষণ্ণ হইতেছেন, কখন রোদন করিতেছেন, কখন চঞ্চল হইতেছেন, কখন দুঃখ পরিহার করিতেছেন । ৭ ।

যদি হরিপ্রেমে মনকে নাচাইতে ইচ্ছা থাকে তবে কবি জয়দেব কথিত এই হরি-বিরহাকুলা রাধার বচন সর্ব্বদা পাঠ কর । ৮ ।

তোমার বিরহে এক্ষণে রাধার পক্ষে গৃহ অরণ্য তুল্য হইয়াছে, তিনি প্রিয়সখিগণকে বন্ধনপাশ বলিয়া মনে করিতেছেন । ঘন ঘন দীর্ঘনিশ্বাস পতিত হওয়ায় তাঁহার গাত্রসন্তাপ দাবানলের শিখা স্বরূপ হইয়াছে এবং তিনিও দাবানল দগ্ধও জালপতিত হরিণীর ন্যায় অবস্থাপ্রাপ্ত হইয়াছেন, হায়! নিষ্ঠুর কন্দর্পও কিজন্য শার্দ্দূলের ন্যায় ক্রীড়া করিতে করিতে তাঁহার প্রাণ সংহার করিতে উদ্যত হইতেছে ।

গীতং। ৯।

দেশাগরাগৈকতালীতালাভ্যাং গীয়তে।

স্তনবিনিহিতমপি হারমুদারং
সা মনুতে কৃশতনুরিব ভারং॥
রাধিকা বিরহে তব কেশব॥ ধ্রুবম্॥ ১॥
সরসমসৃণমপি মলয়জপঙ্কং।
পশ্যতি বিষমিব বপুষি সশঙ্কং॥ ২॥
শ্বসিতপবনমনুপমপরিণাহং।
মদনদহনমিব বহতি সদাহং॥ ৩॥
দিশি দিশি কিরতি সজলকণজালং।
নয়ননলিনমিব বিদলিতনালং॥ ৪॥
নয়নবিষয়মপি কিশলয়তল্পং।
গণয়তি বিহিতহুতাশবিকল্পং॥ ৫॥

রাগ দেশাগ তাল একতালী।

হে কেশব, রাধিকা তোমার বিরহে এমনি কৃশ হইয়াছেন যে স্তন-বিনিহিত মনোহর হারকেও যেন ভার বোধ করিতেছেন।১।

তিনি গাত্র-স্থিত, সরস, মসৃণ, চন্দন-প্রলেপকেও বিষ বোধ করিয়া সভয়ে নিরীক্ষণ করিতেছেন। ২।

প্রজ্বলিত মদন-বহ্নির ন্যায় অতি উত্তপ্ত দীর্ঘ-নিঃশ্বাস পরিত্যাগ করিতেছেন। ৩।

মৃণাল হইতে বিচ্ছিন্ন সজল পদ্মের ন্যায় অশ্রুপূর্ণ নয়ন-দুটী ইতস্ততঃ নিক্ষেপ করিতেছেন। ৪।

কিশলয়—শয্যা দেখিয়াও হুতাশন বলিয়া মনে করিতেছেন।৫।

ত্যজতি ন পাণিতলেন কপোলং।
বালশশিনমিব সায়মলোলং ॥ ৬ ॥
হরিরিতি হরিরিতি জপতি সকামং।
বিরহবিহিতমরণেব নিকামং ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতমিতি গীতং।
সুখয়তু কেশবপদমুপনীতং ॥ ৮ ॥
সা রোমাঞ্চতি শীৎকরোতি বিলপত্যুৎকম্পতে তাম্যতি
ধ্যায়ত্যুদ্ভ্রাম্যতি প্রমীলতি পতত্যুদ্‌যাতি মূর্চ্ছত্যপি।
এতাবত্যতনুজ্বরে বরতনু র্জীবেন্ন কিন্তে রসাৎ
স্বর্বৈদ্যপ্রতিম প্রসীদসি যদি ত্যক্তো হন্যথা হস্তকঃ ॥ ৯ ॥

সায়ংকালের পাণ্ডুবর্ণ শশিকলা রঞ্জিত মেঘে আমগ্ন হইয়া যেমন নিশ্চলভাবে অবস্থান করে প্রিয়সখীর কপোলস্থলী তেমনি অরুণ-পাণিতলেই লগ্ন হইয়া রহিয়াছে। ৬।

তোমার বিরহে প্রাণত্যাগ করিবেন ইহা স্থির করিয়াই যেন জন্মান্তরেও তোমাকে লাভ করিবার অভিলাষে অবিরত হরি হরি নাম জপ করিতেছেন। ৭।

শ্রীজয়দেব ভণিত এই গান কেশবের চরণকমলে উপনীত হইয়া সুখ প্রদান করুক। ৮।

হে অশ্বিনীকুমার প্রতিম!* প্রিয়সখীর জ্বর এত বৃদ্ধি পাইয়াছে† যে ঘন ঘন রোমাঞ্চ হইতেছে, সখী ক্ষণে ক্ষণে শীৎকার করিতেছেন, বিলাপ করিতেছেন, কম্পিত হইতেছেন, খিন্ন হইতেছেন, ধ্যান করিতেছেন, ভ্রান্ত হইতেছেন, তন্দ্রাচ্ছন্ন হইতেছেন, পতিত হইতেছেন, উঠিতেছেন এবং মূর্চ্ছিত হইতেছেন। এখন আপনার রসয়ান প্রয়োগে কি কিছু উপকার হইবে না? যাহা হউক এখন আর কাহারও হাত নাই আপনার অনুগ্রহই ভরসা। ৯

---

* বৈদ্যশ্রেষ্ঠ, ব্যঙ্গ অর্থে সুন্দর-শ্রেষ্ঠ।

† ব্যঙ্গ অর্থে অতনুজ্বর শব্দে অনঙ্গ-সন্তাপ।

স্মরাতুরাংদৈবতবৈদ্যহৃদ্য ত্বদঙ্গসঙ্গামৃতমাত্রসাধ্যাং।
বিমুক্তবাধাংকুরুষে ন রাধামুপেন্দ্রবজ্রাদপি দারুণোঽসি॥২॥
কন্দর্পজ্বরসংজ্বরাতুরতনোরাশ্চর্য্যমস্যাশ্চিরং
চেতশ্চন্দনচন্দ্রমঃকমলিনীচিন্তাসু সংতাম্যতি।
কিন্তু ক্ষান্তিরসেন শীতলতরং ত্বামেকমেব প্রিয়ং
ধ্যায়ন্তী রহসি স্থিতা কথমপি ক্ষীণা ক্ষণং প্রাণিতি॥৩॥
ক্ষণমপি বিরহঃ পুরা ন সেহে
নয়ননিমীলনখিন্নয়া যয়া তে।
শ্বসিতি কথমসৌ রসালশাখাং
চিরবিরহেণ বিলোক্য পুষ্পিতাগ্রাং॥ ৪॥

উপেন্দ্র আপনি দেববৈদ্যের ন্যায় গুণসম্পন্ন, স্মরাতুরা প্রিয়সখী আপনার অঙ্গ স্পর্শ-মাত্রেইআরোগ্য হইতে পারেন। ইহাতেও যদ্যপি তাঁহার পীড়া বিমোচন না করেন তবে আপনি বজ্র অপেক্ষাও কঠিন। ২।

রাধিকার দেহ কন্দর্প জ্বরের সন্তাপে পীড়িত। চন্দন, চন্দ্র ও কমলিনী প্রভৃতি শীতল বস্তুর কথা মনে পড়িলেও তাঁহার কষ্ট হইতেছে। কিন্তু কি আশ্চর্য্য, তুমি রাধিকার প্রিয়তম, তুমি তাঁহার নিকট চন্দনাদির অপেক্ষা অধিক শীতল তথাপি তোমার আগমন প্রতীক্ষায় আশ্বস্ত হইয়া কেবল তোমাকেই নির্জ্জনে ধ্যান করিয়া তাদৃশ ক্ষীণাবস্থায় কোন প্রকারে ক্ষণমাত্র প্রাণ-ধারণ করিতেছেন। ৩।

যে রাধিকা পূর্ব্বে ক্ষণকালের জন্যও তোমার বিরহ সহ্য করিতে পারিতেন না, নয়নের নিমেষ পতিত হইলেও বিষণ্ণ হইতেন, তিনি এক্ষণে মুকুলিত আম্রশাখা দেখিয়াও দীর্ঘ-বিরহে কিপ্রকারে জীবিত আছেন!। ৪।

বৃষ্টিব্যাকুলগোকুলাবনরসাদুদ্ধৃত্য গোবর্দ্ধনং
বিভ্রদ্বল্লববল্লভাভিরধিকানন্দাচ্চিরং চুম্বিতঃ।
দর্পে নৈব তদর্পিতাধরতটীসিন্দূরমুদ্রাঙ্কিতো
বাহুর্গোপতনো স্তনোতু ভবতাং শ্রেয়াংসি কংসদ্বিষঃ॥ ৫॥

ইতিশ্রীগীতগোবিন্দে মহাকাব্যে স্নিগ্ধমধুসূদনো নাম
চতুর্থঃ সর্গঃ।

কৃষ্ণ যখন বৃষ্টিতে ব্যাকুল গোকুলবাসিগণকে রক্ষা করিবার জন্য মূর্ত্তিমান্ বীররস-স্বরূপ হইয়া বাহুবলে সদর্পে গোবর্দ্ধন গিরি উত্তোলন করিয়া ধারণ করিয়াছিলেন তখন গোপীগণ অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহার বাহুপ্রদেশে বারম্বার চুম্বন করায় তাহাদের ললাটস্থিত সিন্দূর দ্বারা উহা মুদ্রিত হইয়াছিল। কংসারি নন্দ-নন্দনের সেই বাহু তোমাদের মঙ্গল বিধান করুন। ৫।

ইতি গীতগোবিন্দ মহা-কাব্যে স্নিগ্ধ-মধুসূদন নামক
চতুর্থ সর্গ।

পঞ্চমঃ সর্গঃ।

অহমিহ নিবসামি যাহি রাধামনুনয় মদ্বচনেন চানয়েথাঃ।
ইতি মধুরিপুণা সখী নিযুক্তা স্বয়মিদমেত্য পুনর্জ্জগাদ রাধাং॥১॥

গীতং । ১০ ।

দেশীবরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে।

বহতি মলয়সমীরে মদনমুপনিধায়।
স্ফুটতি কুসুমনিকরে বিরহিহৃদয়দলনায় ॥
সখি সীদতি তব বিরহে বনমালী ॥ ১ ॥ ধ্রুবম্ ॥
দহতি শিশিরময়ূখে মরণমনুকরোতি।
পততি মদনবিশিখে বিলপতি বিকলতরোঽতি ॥ ২ ॥
ধ্বনতি মধুপসমূহে শ্রবণমপিদধাতি।
মনসি বলিতবিরহে নিশিনিশিরুজমুপযাতি ॥ ৩ ॥

সখি, আমি এই খানেই অপেক্ষা করিয়া রহিলাম, তুমি রাধিকার সমীপে গমন কর, আমার কথা বলিয়া তাঁহাকে সান্ত্বনা কর এবং আমার নিকট আনয়ন কর। কৃষ্ণ রাধিকার সখিকে এই কথা বলিলে তিনি রাধার নিকট গমন করিয়া তাঁহাকে পুনর্ব্বার বলিতে লাগিলেন। ১।

রাগ, দেশীবরাড়ী তাল রূপক।

অয়ি! মদনকে সঙ্গে লইয়া মলয়-সমীরণ বহিতেছে, বিরহিগণের হৃদয় দলন করিবার জন্য কুসুম-সমূহ ফুটিতেছে। সখি তোমার বিরহে বনমালী বিষণ্ণ হইতেছেন। ১।

হিমাংশু চন্দ্র দগ্ধ করায় তিনি মৃতপ্রায় হইতেছেন, মদন-বাণ পতিত হওয়ায় তিনি অতি বিহ্বল হইয়া বিলাপ করিতেছেন। ২।

ভ্রমর-কুল গুন্ গুন্ করিতে আরম্ভ করায় তিনি কর্ণ আচ্ছাদন করিতেছেন, হৃদয়ে বিরহের উদ্রেক হওয়ায় তিনি প্রতি রাত্রিকালে অতিশয় ব্যথিত হইতেছেন। ৩।

বসতি বিপিনবিতানে ত্যজতি ললিতধাম ।
লুঠতি ধরণিশয়নে বহু বিলপতি তব নাম ॥ ৪ ॥
ভণতি কবিজয়দেবে বিরহবিলসিতেন ।
মনসি রভসবিভবে হরিরুদয়তু সুকৃতেন ॥ ৫ ॥
পূর্ব্বং যত্র সমং ত্বয়া রতিপতেরাসাদিতাঃ সিদ্ধয়-
স্তস্মিন্নেব নিকুঞ্জমন্মথমহাতীর্থে পুনর্মাধবঃ ।
ধ্যায়ংস্ত্বামনিশং জপন্নপি তবৈবালাপমন্ত্রাক্ষরং
ভূয়স্তৎকুচকুম্ভনির্ভরপরীরম্ভামৃতং বাঞ্ছতি ॥ ১ ॥

গীতং । ১১ ।

গুর্জ্জরীরাগৈকতালীতালাভ্যাং গীয়তে ।

রতিসুখসারে গতমভিসারে মদনমনোহরবেশং ।
ন কুরু নিতম্বিনি গমনবিলম্বনমনুসর তং হৃদয়েশং ॥
ধীরসমীরে যমুনাতীরে বসতি বনে বনমালী ॥ ১ ॥ ধ্রুবম্ ॥

তিনি সুন্দর গৃহ ত্যাগ করিয়া বিপিনমধ্যে বাস করি-তেছেন, ধরণী-শয্যায় লুণ্ঠিত হইতেছেন এবং তোমার নাম উচ্চারণ করিয়া বারম্বার বিলাপ করিতেছেন । ৪ ।

কবি জয়দেব ইহা বর্ণনা করিলেন এই বিরহ-বিলাস-শ্রবণ-পুণ্যে ভক্তগণের প্রেমপূর্ণ চিত্তে হরি উদিত হউন । ৫ ।

পূর্ব্বে মাধব যেখানে তোমার সহিত মনোরথ সিদ্ধ করিয়া-ছিলেন সেই মন্মথের মহাতীর্থ-স্বরূপ নিকুঞ্জেই তিনি আবার তোমাকে দিবারাত্রি ধ্যান করিয়া এবং মন্ত্রাক্ষর-স্বরূপ তোমার আলাপই জপ করিয়া পুনর্ব্বার তোমার কুচ-কুম্ভের গাঢ় আলি-ঙ্গন-রূপ অমৃত বাঞ্ছা করিতেছেন । ১ ।

রাগ গুর্জ্জরী ; তাল একতালী ।

হে নিতম্বিনি, তোমার প্রাণেশ্বর রতি সুখ-প্রদ অভিসারে গমন করিয়াছেন ; তুমি গমন করিতে বিলম্ব করিওনা, মদন-

নামসমেতং কৃতসঙ্কেতং বাদয়তে মৃদু বেণুং।
বহু মনুতে ননু তে তনুসঙ্গতপবনচলিতমপি রেণুং। ২।
পততি পতত্রে বিচলতি পত্রে শঙ্কিতভবদুপযানং।
রচয়তি শয়নং সচকিতনয়নং পশ্যতি তব পন্থানং॥ ৩॥
মুখরমধীরং ত্যজ মঞ্জীরং রিপুমিব কেলিষু লোলং।
চল সখি কুঞ্জং সতিমিরপুঞ্জং শীলয় নীলনিচোলং॥ ৪॥
উরসি মুরারে রুপহিতহারে ঘনইব তরলবলাকে।
তড়িদিব পীতে রতিবিপরীতে রাজসি সুকৃতবিপাকে॥ ৫॥

মনোহর-কান্তি প্রিয়তমের অনুসরণ কর। মন্দ মন্দ সমীরণ বহিতেছে, বনমালী যমুনাতীরে বনে অবস্থিতি করিতেছেন। ১।

তিনি তোমার নাম ধরিয়া মৃদু মৃদু বেণু বাজাইয়া সঙ্কেত করিতেছেন; তোমার অঙ্গ-স্পর্শী বায়ু-দ্বারা যে ধূলিকণা চালিত হইতেছে তিনি তাহাকেও আপনার অপেক্ষা ভাগ্যবান্ মনে করিতেছেন। ২।

পাখিটী নড়িলে অথবা পাতাটী পড়িলেও তুমি আসিতেছ এই মনে করিয়া শয্যারচনা করিতেছেন এবং চকিত-নয়নে তোমার পথ পানে চাহিতেছেন। ৩।

নূপুর বড় মুখর ও বড় অধীর, কেলিকালে এই চপল যেন শত্রু হইয়া উঠে ইহাকে পরিত্যাগ কর। কুঞ্জ তিমির-পুঞ্জে আবৃত হইয়াছে, সখি চল নীল-বসন পরিধান করিয়া, কুঞ্জে যাই। ৪।

হে গৌরাঙ্গি সৌদামিনী যেমন চঞ্চল-বলাকা-বিভূষিত মেঘমণ্ডলে শোভা পায় সেইরূপ বিপরীত-বিহারকালে তোমার ঐ গৌরতনু পুণ্যফলে মুরারির মুক্তাহার-বিভূষিত-বক্ষস্থলে শোভা পাইবে। ৫।

বিগলিতবসনং পরিহৃতরসনং ঘটয় জঘনমপিধানং ।
কিসলয়শয়নে পঙ্কজনয়নে নিধিমিব হর্ষনিধানং ॥ ৬ ॥
হরিরভিমানী রজনিরিদানীমিয়মপি যাতি বিরামং ।
কুরু মম বচনং সত্বররচনং পূরয় মধুরিপুকামং ।। ৭ ।।
শ্রীজয়দেবে কৃতহরিসেবে ভণতি পরমরমণীয়ং ।
প্রমুদিতহৃদয়ং হরিমতিসদয়ং নমত সুকৃতকমনীয়ং ॥ ৮ ॥
বিকিরতি মুহুঃ শ্বাসানাশাঃ পুরো মুহুরীক্ষতে
প্রবিশতি মুহুঃ কুঞ্জং গুঞ্জন্মুহুর্বহু তাম্যতি ।
রচয়তি মুহুঃ শয্যাং পর্য্যাকুলং মুহুরীক্ষতে
মদনকদনক্লান্তঃ কান্তে প্রিয়স্তব বর্ত্ততে ॥ ১ ॥

হে পঙ্কজনয়নে ! কিসলয়-শয্যায় জঘন-দেশ সংস্থাপন কর, কৃষ্ণ তোমার বসন এলাইয়া দিবেন, মেখলা দূরে ফেলিয়া দিবেন। রত্নের আবরণ উন্মোচন করিলে তদ্দর্শনে যেরূপ হর্ষ উৎপন্ন হয় সেইরূপ উহা ও কান্তের হর্ষ উৎপাদন করিবে। ৬।

হরি বড় অভিমানী, ক্রমে এই রজনীও অবসান হইতেছে। আমার কথা রাখ, সত্বর বেশ-ভূষা করিয়া মধু-রিপুর কামনা পূর্ণ কর। ৭।

হরি সেবাপরায়ণ জয়দেব ইহা রচনা করিলেন। হে সাধু-গণ, তোমরা, ভক্তাতিসদয়, কমনীয়-চরিত পরম-রমণীয় হরি-কে প্রমুদিত-হৃদয়ে নমস্কার কর। ৮।

সুন্দরি ! তোমার প্রাণেশ্বর মদন যাতনায় ক্লান্ত হই-তেছেন, বারম্বার দীর্ঘ-নিঃশ্বাস পরিত্যাগ করিতেছেন, কুঞ্জ-মধ্যে প্রবেশ করিতেছেন, অস্ফুট-ধ্বনি করতঃ অত্যন্ত বিলাপ করিতেছেন, শয্যা রচনা করিতেছেন এবং আকুল হইয়া চতুর্দ্দিক অবলোকন করিতেছেন। ১।

ত্বদ্বাম্যেন সমং সমগ্রমধুনা তিগ্মাংশুরস্তং গতো
গোবিন্দস্য মনোরথেন চ সমং প্রাপ্তং তমঃ সান্দ্রতাং।
কোকানাং করুণস্বনেন সদৃশী দীর্ঘা মদভ্যর্থনা
তন্মুগ্ধে বিফলং বিলম্বনমসৌ রম্যোঽভিসারক্ষণঃ ॥ ২ ॥
আশ্লেষাদনু চুম্বনাদনু নখোল্লেখাদনুসান্তজ-
প্রোদ্বোধাদনু সংভ্রমাদনু রতারম্ভাদনু প্রীতয়োঃ।
অন্যার্থং গতয়োর্ভ্রমান্মিলিতয়োঃ সম্ভাষণৈর্জানতো-
র্দম্পত্যোরিহ কো ন কো ন তমসি ব্রীড়াবিমিশ্রো রসঃ ॥ ৩॥
সভয়চকিতং বিন্যস্যন্তীং দৃশৌ তিমিরে পথি
প্রতিতরু মুহুঃ স্থিত্বা মন্দং পদানি বিতন্বতীং।
কথমপি রহঃপ্রাপ্তামঙ্গৈরনঙ্গতরঙ্গিভিঃ
সুমুখি সুভগঃ পশ্যন্ স ত্বামুপৈতু কৃতার্থতাং ॥ ৪ ॥

সূর্য্যদেব তোমার অভিমানের সহিত অস্তাচলে গমন করিলেন, তিমিরসমূহ গোবিন্দের মনোরথের সহিত গাঢ় হইতে লাগিল, আমিও চক্রবাকের ন্যায় করুণস্বরে দীর্ঘকাল অভ্যর্থনা করিতেছি। অতএব হে মুগ্ধে, আর বিলম্বে ফল নাই, অভিসারের এই রমণীয় সময় উপস্থিত হইয়াছে। ২।

সখি! যখন এই অন্ধকারে তোমরা প্রণয়িযুগলে পরস্পরের উদ্দেশে গমন করিয়া বহু অন্বেষণের পর মিলিত হইয়াছিলে এবং সম্ভাষণে উভয়ে উভয়কে জানিতে পারিয়া প্রথমে আলিঙ্গন, তাহার পর চুম্বন, অনন্তর, নখাঘাত, তদনন্তর মন্মথাবির্ভাব, পরে ভীতি, তৎপরে সুরতপ্রীতি লাভ করিয়াছিলে, তখন তোমারা লজ্জাবিমিশ্রিত কোন্ কোন্ রস না অনুভব করিয়াছিলে। ৩।

হে সুমুখি! তুমি ভয়ে চকিত হইয়া অন্ধকারময় পথে ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিবে, প্রত্যেক বৃক্ষতলে মুহুর্মুহুঃ বিশ্রাম লাভ করিয়া মন্দ মন্দ পদ-বিক্ষেপ করিবে; এইরূপে অনেক কষ্টে অনঙ্গ-তরঙ্গ-পূর্ণ অঙ্গে তোমাকে নির্জ্জনে উপস্থিত দেখিয়া ভাগ্যবান্ হরি কৃতার্থতা লাভ করুন। ৪।

রাধামুগ্ধমুখারবিন্দমধুপস্ত্রৈলোক্যমৌলিস্থলী-
নেপথ্যোচিতনীলরত্নমবনীভারাবতারান্তকঃ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীজনমনস্তোষপ্রদোষশ্চিরং
কংসধ্বসনধূমকেতুরবতু ত্বাং দেবকীনন্দনঃ ॥ ৫ ॥
ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যেঽভিসারিকাবর্ণনে
সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষো নাম পঞ্চমঃ সর্গঃ।

রাধিকার মুগ্ধ মুখ-কমলের মধুকরস্বরূপ, ত্রৈলোক্যের শিরো-ভূষণ নীলরত্ন-স্বরূপ, পৃথিবীর ভারতুল্য দুষ্টগণের অন্তক-স্বরূপ, ব্রজসুন্দরীগণের মনোহর প্রদোষ-কাল-স্বরূপ এবং কংস-ধ্বংসকারী ধূমকেতু-স্বরূপ দেবকীনন্দন হরি তোমাকে রক্ষা করুন। ৫।

ইতি শ্রীগীতগোবিন্দ মহাকাব্যে অভিসারিকা বর্ণনে
সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষ নামক পঞ্চম সর্গ।

——:•:——

ষষ্ঠ সর্গঃ।

অথ তাং গন্তুমশক্তাং চিরমনুরক্তাং লতাগৃহে দৃষ্ট্বা।
তচ্চরিতং গোবিন্দে মনসিজমন্দে সখী প্রাহ ॥ ১ ॥

গীতং। ১২।

গোণ্ডকিরীরাগেণ রূপকতালেন চ গীয়তে।

পশ্যতি দিশি দিশি রহসি ভবন্তং।
তদধরমধুরমধূনি পিবন্তং ॥
নাথ হরে সীদতি রাধা বাসগৃহে ॥১॥ ধ্রুবম্।
ত্বদভিসরণরভসেন বলন্তী।
পততি পদানি কিয়ন্তি চলন্তী ॥ ২ ॥
বিহিতবিশদবিসকিশলয়বলয়া।
জীবতি পরমিহ তব রতিকলয়া ॥ ৩ ॥

একান্ত অনুরাগে রাধিকা অনেকক্ষণ লতা গৃহে অপেক্ষা করিতেছেন, তাঁহার গমন করিবার শক্তি নাই, এদিকে কৃষ্ণ ও অনঙ্গ-প্রভাবে নিরুৎসাহ হইয়া পড়িয়াছেন, ইহা দেখিয়া সখি তাঁহার নিকট রাধিকার অবস্থা বর্ণন করিতে লাগিলেন। ১।

হে নাথ হরি, রাধা বাসগৃহে অবসন্ন-ভাবে অবস্থান করিতেছেন; তিনি যে দিকেই অবলোকন করিতেছেন সেই দিকেই দেখিতেছেন যেন তুমি নির্জ্জনে তাঁহার মধুর অধর—মধু পান করিতেছ। ১।

তোমার জন্য অভিসার করিবেন এই উৎসাহে বল লাভ করিয়া দুই চারি পা চলিতেছেন আবার পড়িয়া যাইতেছেন। ২।

শুভ্র মৃণাল ও নব পল্লবের বলয় পরিধান করিয়াছেন এবং কেবল তোমার মিলন আশায় বাঁচিয়া আছেন। ৩।

মুহুরবলোকিতমণ্ডনলীলা ।
মধুরিপুরহমিতি ভাবনশীলা ॥ ৪ ॥
ত্বরিতমুপৈতি ন কথমভিসারং ।
হরিরিতি বদতি সখীমনুবারং ॥ ৫ ॥
শ্লিষ্যতি চুম্বতি জলধরকল্পং ।
হরিরুপগত ইতি তিমিরমনল্পং ॥ ৬ ॥
ভবতি বিলম্বিনি বিগলিতলজ্জা ।
বিলপতি রোদিতি বাসকসজ্জা ॥ ৭ ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতং ।
রসিকজনং তনুতামতিমুদিতং ॥ ৮ ॥
বিপুলপুলকপালিঃ স্ফীতশীৎকারমন্ত
র্জনিতজড়িমকাকুব্যাকুলং ব্যাহরন্তী ।
তব কিতব বিধায়ামন্দকন্দপচিন্তাং
রসজলধিনিমগ্না ধ্যানলগ্না মৃগাক্ষী ॥ ১ ॥

তোমার ন্যায় বেশবিন্যাসপূর্ব্বক বার বার তাহা অবলোকন করিয়া আমিই কৃষ্ণ এই রূপ ভাবিতেছেন । ৪ ।

সখীকে পুনঃপুনঃ বলিতেছেন সখি, হরি কেন শীঘ্র অভিসারে আসিতেছেন না ? ৫ ।

হরি আসিয়াছেন এই মনে করিয়া মেঘ-তুল্য গাঢ় অন্ধকারকে আলিঙ্গন করিতেছেন এবং চুম্বন করিতেছেন । ৬ ।

তুমি বিলম্ব করায় তাঁহার লজ্জা বিগলিত হইয়াছে, তিনি বাসক-সজ্জা অবস্থায় বিলাপ ও রোদন করিতেছেন । ৭ ।

জয়দেব কবির এই বাক্য রসিক-জনকে অতিশয় প্রমুদিত করুক । ৮ ।

হে শঠ, সেই মৃগলোচনার বিপুল রোমাঞ্চ হইতেছে, হৃদয়-মধ্যে মোহ উৎপন্ন হওয়ায় তিনি ব্যাকুল হইয়া অতিশীৎকার করিয়া বিলাপ করিতেছেন এবং প্রগাঢ় কন্দর্প-চিন্তা করিতে করিতে তোমার ধ্যানে লগ্ন হইয়া রস-সমুদ্রে নিমগ্ন হইয়া রহিয়াছেন । ১ ।

অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ পত্রেঽপি সঞ্চারিণি
প্রাপ্তং ত্বাং পরিশঙ্কতে বিতনুতে শয্যাং চিরং ধ্যায়তি।
ইত্যাকল্পবিকল্পতল্পরচনাসঙ্কল্পলীলাশত-
ব্যাসক্তাপি বিনা ত্বয়া বরতনুর্নৈষা নিশাং নেষ্যতি ॥ ২ ॥
কিং বিশ্রাম্যসি কৃষ্ণভোগিভবনে ভাণ্ডীরভূমীরুহে
ভ্রাতর্যাহি ন দৃষ্টিগোচরমিতঃ সানন্দনন্দাস্পদং।
রাধায়া বচনং তদধ্বগমুখান্নন্দান্তিকে গোপতো
গোবিন্দস্য জয়ন্তি সায়মতিথিপ্রাশস্ত্যগর্ভা গিরঃ ॥ ৩ ॥
ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে বাসকসজ্জাবর্ণনে
ধৃষ্টবৈকুণ্ঠো নাম ষষ্ঠঃ সর্গঃ ॥

বার বার অঙ্গে আভরণ পরিতেছেন, বৃক্ষের পত্রটী নড়িলে তুমি আসিয়াছ মনে করিয়া শয্যা প্রস্তুত করিতেছেন এবং অনেকক্ষণ ধরিয়া তোমার ধ্যান করিতেছেন। বরতনু রাধা এই প্রকারে বেশ-বিন্যাস, তোমার আগমন-সম্ভাবনা, জনিত চিন্তা রচনা ও সঙ্কল্পলীলা সমূহে আসক্ত থাকিয়াও তোমার বিরহে কিছুতেই রাত্রি অতিবাহিত করিতে পারিতেছেন না। ২।

ভাই পথিক, ভাণ্ডীর তরুতলে কেন বিশ্রাম করিতেছ? উহা কৃষ্ণভোগীর* আবাসস্থান, এখান হইতে ঐ উৎসবময় নন্দালয় দেখা যাইতেছে, তথায় কেন গমন করিতেছ না? পথিকমুখে রাধিকা এই সংবাদ প্রেরণ করিলে গোবিন্দ নন্দের নিকট তাহা গোপন করিয়া সেই সায়ংকালে আগত অতিথি-স্বরূপ পথিকের যে প্রশংসা করিয়াছিলেন সেই প্রশংসাবাক্য জয়যুক্ত হউক। ৩।

ইতি শ্রীগীতগোবিন্দ মহাকাব্যে বাসক—সজ্জা বর্ণনে
ধৃষ্ট-বৈকুণ্ঠ নামক ষষ্ঠ সর্গ।

---

*একদিকে কৃষ্ণভোগী শব্দের অর্থ কৃষ্ণসর্প অন্য দিকে সম্ভোগশীল কৃষ্ণ।

সপ্তমঃ সর্গঃ।

অত্রান্তরে চ কুলটাকুলবর্ত্মপাত-
সঞ্জাতপাতক ইব স্ফুটলাঞ্ছনশ্রীঃ।
বৃন্দাবনান্তরমদীপয়দংশুজালৈ-
র্দিক্সুন্দরীবদনচন্দনবিন্দুরিন্দুঃ ॥ ১ ॥

প্রসরতি শশধরবিম্বে বিহিতবিলম্বে চ মাধবে বিধুরা।
বিরচিতবিবিধবিলাপং সা পরিতাপং চকারোচ্চৈঃ ॥ ২ ॥

গীতং। ১৩।

মালবরাগযতিতালাভ্যাং গীয়তে।

কথিতসময়েঽপি হরিরহহ ন যযৌ বনং।
মম বিফলমিদমমলমপি রূপযৌবনং ॥
যামি হে কমিহ শরণং সখীজনবচনবঞ্চিতা ॥ ১ ॥ ধ্রুবম্ ॥

ইতিমধ্যে পূর্ব্বদিক্-সুন্দরীর বদনের চন্দন-বিন্দু-স্বরূপ চন্দ্রদেব অংশুজাল দ্বারা বৃন্দাবনাভ্যন্তর প্রদীপ্ত করিলেন। কুলটাগণকে কুলমার্গ-ভ্রষ্ট করায় যে পাতক জন্মিয়াছে যেন তাহার চিহ্নস্বরূপ তাঁহার কলঙ্ক রেখা স্পষ্ট রূপে প্রকাশ পাইতে লাগিল। ১।

চন্দ্র কিরণ প্রসৃত হইলে এবং মাধব আসিতে বিলম্ব করিলে রাধা কাতর হইয়া বিবিধ প্রকারে বিলাপ করিতে লাগিলেন এবং উচ্চৈঃস্বরে পরিতাপ করিতে লাগিলেন। ২।

মালব রাগ, যতি তাল।

হায়! হরি কথিত সময়ে ও বনে আসিলেন না, আমার এই অমল রূপ এবং যৌবন বিফল হইল, সখিগণ আমাকে আশ্বাস বাক্যে বঞ্চনা করিয়াছে, হায়! আমি এখন কাহার শরণ লইব।

যদনুগমনায় নিশি গহনমপি শীলিতং ।
তেন মম হৃদয়মিদমসমশরকীলিতং ॥ ২ ॥
মম মরণমেব বরমতিবিতথকেতনা ।
কিমিহ বিষহামি বিরহানলমচেতনা ॥ ৩ ॥
মামহহ বিধুরয়তি মধুরমধুযামিনী ।
কাপি হরিমনুভবতি কৃতসুকৃতকামিনী ॥ ৪ ॥
অহহ কলয়ামি বলয়াদিমণিভূষণং ।
হরিবিরহদহনবহনেন বহুদূষণং ॥ ৫ ॥
কুসুমসুকুমারতনুমতনুশরলীলয়া ।
স্রগপি হৃদি হন্তি মামতিবিষমশীলয়া ॥ ৬ ॥

যাহার সহিত মিলিত হইবার জন্য আমি এই রাত্রিতে গহন কানন মধ্যেও আসিয়াছি তিনি আমার হৃদয়ে অনঙ্গবাণ বিদ্ধ করাইতেছেন । ২ ।

আমার মরণই ভাল, আর শরীর ধারণে প্রয়োজন নাই আমার চেতনা নাই আমি কেন এক্ষণে বিরহানল সহ্য করি । ৩ ।

হায় ! মধুর বসন্ত-নিশা আমাকে ব্যাকুল করিতেছে, কিন্তু অন্য কোন পুণ্যবতী কামিনী হরির সহিত বিহার করিতেছেন । ৪ ।

হায় ! আমি বলয় প্রভৃতি মণিভূষণ পরিধান করিয়াছি উহা হরি-বিরহানল প্রদীপ্ত করায় আমার পক্ষে বহু ক্লেশকর হইতেছে । ৫ ।

কুসুম হইতেও সুকুমার আমার কলেবরকে হৃদয়-স্থিত এই পুষ্পমালা কামবাণের ন্যায় বিষমতর-রূপে আঘাত করিতেছে । ৬ ।

অহমিহ নিবসামি নগণিতবনবেতসা ।
স্মরতি মধুসূদনো মামপি ন চেতসা ॥ ৭ ॥
হরিচরণশরণজয়দেবকবিভারতী ।
বসতু হৃদি যুবতিরিব কোমলকলাবতী ॥ ৮ ॥
তৎ কিং কামপি কামিনীমভিস্হৃতঃ কিম্বা কলাকেলিভি-
র্বদ্ধো বন্ধুভিরন্ধকারিণি বনাভ্যর্ণে কিমুদ্ভ্রাম্যতি ।
কান্তঃ ক্লান্তমনা মনাগপি পথি প্রস্থাতুমেবাক্ষমঃ
সঙ্কেতীকৃতমঞ্জুবঞ্জুললতাকুঞ্জেঽপি যন্নাগতঃ ॥ ১ ॥
অথাগতাং মাধবমন্তরেণ সখীমিয়ং বীক্ষ্য বিষাদমূকাং
বিশঙ্কমানা রমিতং কয়াপি জনার্দ্দনং দৃষ্টবদেতদাহ ॥ ২ ॥

আমি বন বেতস প্রভৃতি কিছুমাত্র গ্রাহ্য না করিয়া এখানে রহিয়াছি, মধুসূদন আমাকে মনেও একবার স্মরণ করিতেছেন না । ৭ ।

হরিচরণে শরণাপন্ন জয়দেব কবির এই গান কোমল* এবং কলাবতী † যুবতীর ন্যায় হৃদয়ে বাস করুক । ৮ ।

আমার কান্ত যখন এই পূর্ব্ব সঙ্কেতিত মনোহর বেতস-লতাকুঞ্জে ও আগমন করিলেন না তখন তিনি কি অন্য কোনও কামিনীর অভিসারে গমন করিয়াছেন? কিম্বা বন্ধুগণের ক্রীড়া কৌশলে নিবদ্ধ হইয়াছেন? অথবা এই অন্ধকার-ময় বনপ্রদেশে তাঁহার পথভ্রম হইয়াছে? তিনি আমার চিন্তায় সন্তপ্ত হৃদয় হইয়া পথে এক পদও চলিতে পারিতেছেন । ১ ।

অনন্তর রাধা দেখিলেন যে সখী মাধবকে আনিতে না পারায় বিষাদে মৌন হইয়া ফিরিয়া আসিলেন । তিনি ভাবিলেন তবে জনার্দ্দন কোন ও কামিনীর সহিত বিহার করিতেছেন এবং উহা যেন স্বচক্ষে দেখিয়াই বলিতে লাগিলেন । ২ ।

---

* কোমল শব্দে এক পক্ষে মাধুর্য্যগুণযুক্ত, অন্য পক্ষে কোমলাঙ্গী ।
† কলাবতী অর্থে একপক্ষে কবিত্ব শালিনী, অন্য পক্ষে রতিকলাযুক্ত কামিনী

গীতং। ১৪।

বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে।

স্মরসমরোচিতবিরচিতবেশা।
দলিতকুসুমদরবিলুলিতকেশা॥
কাপি মধুরিপুণা বিলসতি যুবতিরধিকগুণা॥১॥ ধ্রুবম্॥
হরিপরিরম্ভণবলিতবিকারা।
কুচকলসোপরি তরলিতহারা॥ ২॥
বিচলদলকললিতাননচন্দ্রা।
তদধরপানরভসকৃততন্দ্রা॥ ৩॥
চঞ্চলকুণ্ডলললিতকপোলা।
মুখরিতরসনজঘনগতিলোলা॥ ৪॥

সখি, আমার বোধ হয়, আমা অপেক্ষা অধিকতর গুণশালিনী কোন যুবতী মধুরিপুর সহিত বিলাস করিতেছে; সেই সুন্দরী রতিরণোচিত বেশ-বিন্যাস করিয়াছে। তাহার কেশপাশ কিঞ্চিৎ আলুলায়িত হইয়াছে ও কেশের কুসুমসমূহ দলিত হইয়াছে। ১।

হরির আলিঙ্গনলাভে তাহার শরীরে রোমাঞ্চের উদয় হইতেছে, তাহার কণ্ঠলম্বিত হার কুচকলসের উপরিভাগে দোলায়িত হইতেছে। ২।

অলকাবলী বিচলিত হওয়াতে তাহার মুখচন্দ্র কেমন শোভা পাইতেছে। প্রিয়তমের অধরপানাবেশে লোচনযুগল নিমীলিত হইতেছে। ৩।

কুণ্ডলযুগল চঞ্চল হওয়াতে তাহার কপোলদেশ সুন্দর দেখাইতেছে এবং জঘনদেশ আন্দোলিত হওয়াতে মেখলার শব্দ হইতেছে। ৪।

দয়িতবিলোকিতলজ্জিতহসিতা।
বহুবিধকূজিতরতিরসরসিতা ॥ ৫ ॥
বিপুলপুলকপৃথুবেপথুভঙ্গা।
শ্বসিতনিমীলিতবিকসদনঙ্গা ॥ ৬ ॥
শ্রমজলকণভরসুভগশরীরা।
পরিপতিতোরসি রতিরণধীরা ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতহরিরমিতং।
কলিকলুষং জনয়তু পরিশমিতং ॥ ৮ ॥

বিরহপাণ্ডুমুরারিমুখাম্বুজ-
দ্যুতিরয়ং তিরয়ন্নপি বেদনাং।

সে প্রিয়তমকে বিলোকন করিয়া কখন লজ্জিত হইতেছে, কখন হাস্য করিতেছে এবং রতিরসে মগ্ন হইয়া বিবিধপ্রকার কূজন করিতেছে। ৫।

তাহার শরীর পুলকে পূর্ণ হইতেছে এবং তথায় প্রবল কম্পের তরঙ্গ উঠিতেছে, ঘন ঘন নিশ্বাস পতিত হওয়ায় ও বার বার নয়ন নিমীলিত হওয়ায় মন্মথাবেশ প্রকাশ পাইতেছে। ৬।

সে সুরতসংগ্রামে সুনিপুণ; শ্রমজলকণাভরে তাহার শরীর কেমন সুন্দর দেখাইতেছে! সে প্রিয়তমের বক্ষোপরি পতিত হইয়া রহিয়াছে। ৭।

জয়দেব বিরচিত এই হরিবিহারবর্ণনা কলিকলুষ নাশ করুক। ৮।

হায়! মদনসুহৃৎ এই চন্দ্র তাপিত ব্যক্তির বেদনা দূর করিতেছে বটে, কিন্তু আমার হৃদয়ে মদনব্যথা অতিশয় বর্দ্ধিত

বিধুরতীব তনোতি মনোভুবঃ
সুহৃদয়ে হৃদয়ে মদনব্যথাং ॥ ১ ॥

গীতং। ১৫।

গুর্জ্জরীরাগৈকতালীতালাভ্যাং গীয়তে।

সমুদিতমদনে রমণীবদনে চুম্বনবলিতাধরে।
মৃগমদতিলকং লিখতি সপুলকং মৃগমিব রজনীকরে ॥
রমতে যমুনাপুলিনবনে বিজয়ী মুরারিরধুনা ॥১॥ ধ্রুবম্ ॥
ঘনচয়রুচিরে রচয়তি চিকুরে তরলিততরুণাননে।
কুরুবককুসুমং চপলাসুষমং রতিপতিমৃগকাননে ॥ ২ ॥

করিতেছে, কারণ তাহার পাণ্ডুবর্ণ মূর্ত্তি অবলোকন করিয়া আমার বিরহে পাণ্ডুবর্ণ মুরারির মুখপদ্ম স্মরণ হইতেছে। ১।

গুর্জ্জরী রাগ—একতালী তাল।

সখি, এক্ষণে বিজয়ী মুরারি যমুনা-পুলিনস্থিত বনে রমণ করিতেছেন। তিনি পুলকান্বিত হইয়া চন্দ্রে মৃগরেখার ন্যায় সেই রমণীর মদনোদ্দীপক বদনে মৃগমদতিলক অঙ্কিত করিতেছেন এবং চুম্বনার্থে তাহাতে অধর বিনিবেশিত করিতেছেন। ১।

ঐ কামিনীর কুন্তলসমূহ মেঘপুঞ্জের ন্যায় সুন্দর ও রতিপতি-রূপ মৃগের বিহার-ভূমি-স্বরূপ। তরুণ কৃষ্ণের আনন উহার গুণ বর্ণনাতে নিরত, তিনি উহাতে চপলাসদৃশ-শোভমান কুরুবক কুসুম পরাইয়া দিতেছেন। ২।

ঘটয়তি সুঘনে কুচযুগগগনে মৃগমদরুচিরূষিতে।
মণিসরমমলং তারকপটলং নখপদশশিভূষিতে॥ ৩॥
জিতবিসশকলে মৃদুভুজযুগলে করতলনলিনীদলে।
মরকতবলয়ং মধুকরনিচয়ং বিতরতি হিমশীতলে॥ ৪॥
রতিগৃহজঘনে বিপুলাপঘনে মনসিজকনকাসনে।
মণিময়রসনং তোরণহসনং বিকিরতি কৃতবাসনে॥ ৫॥
চরণকিশলয়ে কমলানিলয়ে নখমণিগণপূজিতে।
বহিরপবরণং যাবকভরণং জনয়তি হৃদি যোজিতে॥ ৬॥

তাহার কুচযুগল গগনমণ্ডল-সদৃশ। উহা মৃগমদরসে বিলেপিত, সুঘন *. এবং নখাঙ্করূপ শশিদ্বারা বিভূষিত। কৃষ্ণ উহাতে মুক্তাহারস্বরূপ তারানিকর বিনিযোজিত করিতেছেন। ৩।

সেই বিলাসিনীর মৃদু ভুজযুগলের নিকট মৃণালখণ্ডও পরাভব স্বীকার করে। উহা শিশির তুল্য শীতল এবং করতলরূপ নলিনীদলে শোভিত; মুরারি তাহাতে মরকতবলয়রূপ ভ্রমরসমূহ অর্পণ করিতেছেন। ৪।

তাহার সুপ্রশস্ত জঘনদেশ রতির গৃহস্বরূপ ও মনসিজের স্বর্ণপীঠস্বরূপ। তাহা বিলোকন করিয়া মধুসূদনের কামানল প্রজ্বলিত হইতেছে। তিনি তাহাতে মণিময় মেখলা নিক্ষেপ করিতেছেন এবং ঐ মেখলা তোরণোপরিস্থিত পুষ্পমালার শোভাকেও উপহাস করিতেছে। ৫।

তাহার পদপল্লব কমলার নিলয়স্বরূপ এবং নখরূপ মণিগণদ্বারা শোভিত; কৃষ্ণ তাহা বক্ষস্থলে ধারণ করিয়া অলক্তকাভরণে আবৃত করিতেছেন। ৬।

---

* গগনপক্ষে সুন্দর মেঘযুক্ত।

রময়তি সুভৃশং কামপি সুদৃশং খলহলধরসোদরে।
কিমফলমবসং চিরমিহ বিরসং বদ সখি বিটপোদরে ॥ ৭ ॥
ইহ রসভণনে কৃতহরিগুণনে মধুরিপুপদসেবকে।
কলিযুগচরিতং ন বসতু দুরিতং কবিনৃপজয়দেবকে ॥ ৮ ॥

নায়াতঃ সখি নির্দ্দয়ো যদি শঠস্ত্বং দূতি কিং দূয়সে
স্বচ্ছন্দং বহুবল্লভঃ স রমতে কিং তত্র তে দূষণং।
পশ্যাদ্য প্রিয়সঙ্গমায় দয়িতস্যাকৃষ্যমাণং গুণৈ-
রুৎকণ্ঠার্ত্তিভরাদিব স্ফুটদিদং চেতঃ স্বয়ং যাস্যতি ॥ ১ ॥

সখি, হলধরের সহোদর * প্রবঞ্চক কৃষ্ণ কোনও সুলোচনাকে নিরতিশয় আনন্দিত করিতেছেন; তবে আর আমি এই বন মধ্যে কেন বৃথা বিরসহৃদয়ে সমস্ত রাত্রি অবস্থান করি। ৭।

মধুরিপুর পাদপদ্মের সেবক কবিশ্রেষ্ঠ জয়দেব শৃঙ্গাররসযুক্ত এই হরিগুণ গান করিলেন, ইহাতে যেন কলিযুগজনিত পাপ বাস করিতে না পারে। ৮।

হে দূতি, সেই নির্দ্দয় শঠ যদি না আসিল তাহাতে তুমি কেন ব্যথা পাইতেছ? তাঁহার অনেক প্রেয়সী আছে, তিনি তাহাদের সহিত স্বচ্ছন্দে বিহার করিতেছেন, তাহাতে তোমার দোষ কি? দেখ, এখনই আমার এই চিত্ত প্রিয়তমের গুণসমূহে আকৃষ্ট হইয়া উৎকণ্ঠাভরে যেন বিদীর্ণ হইয়াই স্বয়ং প্রিয়ের সহিত মিলিত হইবার জন্য গমন করিবে। ১।

---

* ব্যঙ্গ অর্থে কৃষকের ন্যায় মূঢ়।

গীতং । ১৬ ।

দেশবরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে ।

অনিলতরলকুবলয়নয়নেন
তপতি ন সা কিশলয়শয়নেন ॥
সখি যা রমিতা বনমালিনা ॥ ১ ॥ ধ্রুবম্ ॥
বিকসিতসরসিজললিতমুখেন ।
স্ফুটতি ন সা মনসিজবিশিখেন ॥ ২ ॥
অমৃতমধুরমৃদুতরবচনেন ।
জ্বলতি ন সা মলয়জপবনেন ॥ ৩ ॥
স্থলজলরুহরুচিকরচরণেন ।
দহতি ন সা হিমকরকিরণেন ॥ ৪ ॥

দেশবরাড়ী রাগ—রূপক তাল ।

সখি, বনমালীর নয়ন পবনসঞ্চালিত নীলোৎপলসদৃশ ; তিনি যে ভাগ্যবতীর বাসনা পূর্ণ করিয়াছেন, পল্লবশয্যা তাহাকে আর তাপ প্রদান করিতেছে না। ১ ।

তাঁহার বদন বিকসিত সরসিজের ন্যায় সুন্দর, তিনি যে ভাগ্যবতীর কামনা পূর্ণ করিয়াছেন সে আর কন্দর্প-শরে বিদ্ধ হই-তেছে না। ২ ।

তাঁহার বচন অমৃতের অপেক্ষাও মধুর এবং কোমল, তিনি যে ভাগ্যবতীর অভিলাষ পূর্ণ করিয়াছেন মলয়সমীর তাহার গাত্রদাহ উৎপাদন করিতেছে না। ৩ ।

তাঁহার কর ও চরণ স্থলকমলের ন্যায় শোভমান, তিনি যে ভাগ্যবতীর অভিলাষ সফল করিয়াছেন সে চন্দ্রকিরণে দগ্ধ হইতেছে না। ৪ ।

সুজলজলদসমুদয়রুচিরেণ।
দলতি ন সা হৃদি বিরহভরেণ ॥ ৫ ॥
কনকনিকষরুচিশুচিবসনেন।
শ্বসিতি ন সা পরিজনহসনেন ॥ ৬ ॥
সকলভুবনজনবরতরুণেন।
বহতি ন সা রুজমতিকরুণেন ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতবচনেন।
প্রবিশতু হরিরপি হৃদয়মনেন ॥ ৮ ॥

তাঁহার কলেবর সজল জলদসমূহের ন্যায় সুন্দর, তিনি যে ভাগ্যবতীকে আনন্দিত করিয়াছেন তাহার হৃদয় বিরহভরে বিদীর্ণ হইতেছে না। ৫।

তাঁহার পবিত্র পীতবসন নিকষ-প্রস্তর-লগ্ন কনকরেখার ন্যায় শোভমান; তিনি যে ভাগ্যবতীকে আনন্দিত করিয়াছেন, পরিজনের উপহাসে তাহাকে আর দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে হইতেছে না। ৬।

তিনি ত্রিভুবনস্থ যুবকগণের মধ্যে শ্রেষ্ঠ; তিনি যে ভাগ্যবতীর মনোরথ পূর্ণ করিয়াছেন তাহাকে আর দীনভাবে মদন পীড়া সহ্য করিতে হইতেছে না। ৭।

জয়দেব-রচিত এই গানের সহিত হরিও যেন ভক্তগণের হৃদয়ে প্রবেশ করেন। ৮।

মনোভবানন্দনচন্দনানিল
প্রসীদ রে দক্ষিণ মুঞ্চ বামতাং।
ক্ষণং জগৎপ্রাণ বিধায় মাধবং
পুরো মম প্রাণহরো ভবিষ্যসি ॥ ১ ॥
রিপুরিব সখীসম্বাসোঽয়ং শিখীব হিমানিলো
বিষমিব সুধারশ্মির্যস্মিন্ দুনোতি মনোগতে।
হৃদয়মদয়ে তস্মিন্নেবং পুনর্ব্বলতে বলাৎ
কুবলয়দৃশাং বামঃ কামো নিকামনিরঙ্কুশঃ ॥ ২ ॥
বাধাং বিধেহি মলয়ানিল পঞ্চবাণ
প্রাণান্ গৃহাণ ন গৃহং পুনরাশ্রয়িষ্যে।

হে কন্দর্পের আনন্দদায়ক মলয়-সমীর, প্রসন্ন হও ; রে দক্ষিণ* বায়ু, বামতা পরিত্যাগ কর ;† হে জগৎপ্রাণ, তুমি ক্ষণকালের জন্য মাধবকে সম্মুখবর্ত্তী করিয়া পরে আমার প্রাণহরণ করিও। ১।

যাঁহাকে মনে পড়িলে সখিগণের সহবাস শত্রুর ন্যায়, শীতল সমীরণ অগ্নির ন্যায় ও সুধাকর বিষের ন্যায় ক্লেশকর হয়, সেই নির্দ্দয় কৃষ্ণের প্রতি আমার হৃদয় আবার বলপূর্ব্বক গমন করিতেছে। হায়! কমলনয়নাগণ তাঁহাদের মনোরথকে কিছুতেই বশে রাখিতে পারেন না, উহা তাঁহাদের প্রতিকূলাচরণ করে। ২।

হে মলয়ানিল, তুমি আমাকে পীড়া প্রদান কর, হে পঞ্চবাণ, তুমি আমার পঞ্চ প্রাণ গ্রহণ কর, আমি আর গৃহে ফিরিয়া যাইব না,

---

* দক্ষিণ দিক্ হইতে আগমনশীল অর্থাৎ সকলের প্রতি অনুকূল।
† দক্ষিণ বায়ুর বাম পথ হইতে আগমন রূপ অসঙ্গত কার্য্য অর্থাৎ লোকের প্রতি প্রতিকূলতাচরণ পরিত্যাগ কর।

কিন্তে কৃতান্তভগিনি ক্ষময়া তরঙ্গৈ
রঙ্গানি সিঞ্চ মম শাম্যতু দেহদাহঃ ॥ ৩ ॥
প্রাতর্নীলনিচোলমচ্যুতমুরঃ সম্বীতপীতাংশুকং
রাধায়াশ্চকিতং বিলোক্য হসতি স্বৈরং সখীমণ্ডলে।
ব্রীড়াচঞ্চলমঞ্চলং নয়নয়োরাধায় রাধাননে
স্মেরস্মেরমুখোঽয়মস্তু জগদানন্দায় নন্দাত্মজঃ ॥ ৪ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকব্যে বিপ্রলব্ধাবর্ণনে নাগর-
নারায়ণো নাম সপ্তমঃ সর্গঃ।

হে যমভগিনি যমুনে, তুমি কেন আমাকে ক্ষমা করিতেছ? তোমার জলতরঙ্গে আমার অঙ্গ সিক্ত কর, আমার গাত্র সন্তাপ দূর হউক। ৩।

এক দিন প্রভাতে ভ্রমবশতঃ শ্রীকৃষ্ণ শ্রীরাধার নীলবসন ও শ্রীরাধা শ্রীকৃষ্ণের পীতবসন উত্তরীয়রূপে বক্ষঃস্থলে পরিধান করাতে সখিগণ তাহা চকিতনয়নে বিলোকন করিয়া উচ্চৈঃস্বরে হাস্য করায় কৃষ্ণ স্মিতমুখে রাধিকার বদনচন্দ্রের প্রতি লজ্জাবিমিশ্রিত কটাক্ষপাত করিয়াছিলেন। তৎকালের সেই সুন্দর ভাবধারী নন্দনন্দন নারায়ণ জগতের আনন্দ বিধান করুন। ৪।

ইতি গীতগোবিন্দ মহাকাব্যে বিপ্রলব্ধাবর্ণনে
নাগরনারায়ণনামক সপ্তম সর্গ।

অষ্টমঃ সর্গঃ।

অথ কথমপি যামিনীং বিনীয়
স্মরশরজর্জ্জরিতাপি সা প্রভাতে।
অনুনয়বিনয়ং বদন্তমগ্রে
প্রণতমপি প্রিয়মাহ সাভ্যসূয়ং ॥ ১ ॥

গীতং। ১৭।

ভৈরবীরাগযতিতালাভ্যাং গীয়তে।

রজনিজনিতগুরুজাগররাগকষায়িতমলসনিমেষং।
বহতি নয়নমনুরাগমিব স্ফুটমুদিতরসাভিনিবেশং ॥
হরি হরি যাহি মাধব যাহি কেশব মা বদ কৈতববাদং।
তামনুসর সরসীরুহলোচন যা তব হরতি বিষাদং ॥১॥ ধ্রুবং।
কজ্জ্বলমলিনবিলোচনচুম্বনবিরচিতনীলিমরূপং।
দশনবসনমরুণং তব কৃষ্ণ তনোতি তনোরনুরূপং ॥ ২ ॥

অনন্তর রাধিকা অতি কষ্টে রাত্রিযাপন করিলেন, প্রভাত হইলে প্রিয়তম কৃষ্ণ আসিয়া তাঁহার চরণে প্রণত হইয়া কতই অনুনয় বিনয় করিতে লাগিলেন; কিন্তু রাধিকা স্মরশরে জর্জ্জরিত হইয়াও ঈর্ষাভরে তাঁহাকে এইরূপ বলিতে লাগিলেন। ১।

ভৈরবী রাগ—যতিতাল।

কৃষ্ণ! অতিশয় রাত্রি জাগরণে তোমার নয়নযুগল গুরুতর রক্তিমায় রঞ্জিত হইয়াছে ও আলস্যে নিমীলিত হইয়া আসিতেছে; উহা যেন তোমার প্রিয়ার প্রেমরসাবেশে স্ফুটতর অনুরাগ ধারণ করিয়াছে। হরি, হরি, মাধব! যাও যাও, কেশব! আর কপটতা করিও না, কমল-লোচন! যে কামিনী তোমার মনের বিষাদ হরণ করে তাহারই নিকট যাও। ১।

কৃষ্ণ! সেই যুবতীর কজ্জ্বললিপ্ত নয়ন চুম্বন করিয়া তোমার অরুণ অধর নীলবর্ণ হইয়াছে ও তোমার কলেবরের অনুরূপ রূপ ধারণ করিয়াছে। ২।

বপুরনুহরতি তব স্মরসঙ্গরখরনখরক্ষতরেখং।
মরকতশকলকলিতকলধৌতলিপেরিব রতিজয়লেখং ॥৩॥
চরণকমলগলদলক্তকসিক্তমিদন্তব হৃদয়মুদারং।
দর্শয়তীব বহির্মদনদ্রুমনবকিশলয়পরিবারং॥ ৪ ॥
দশনপদং ভবদধরগতং মম জনয়তি চেতসি খেদঃ।
কথয়তি কথমধুনাপি ময়া সহ তব বপুরেতদভেদং॥ ৫ ॥
বহিরিব মলিনতরং তব কৃষ্ণ মনোঽপি ভবিষ্যতি নূনং।
কথমথ বঞ্চয়সে জনমনুগতমসমশরজ্বরদূনং ॥ ৬ ॥
ভ্রমতি ভবানবলাকবলায় বনেষু কিমত্র বিচিত্রং।
প্রথয়তি পূতনিকৈব বধূবধনির্দ্দয়বালচরিত্রং ॥ ৭ ॥

মন্মথ-সমরে তোমার শ্যাম কলেবর খর-নখর-রেখায় শোভা পাইতেছে, যেন স্থবর্ণাক্ষরে মরকতখণ্ডে রতির জয়পত্র লেখা রহিয়াছে। ৩।

তোমার এই রমণীয় বক্ষঃস্থল, প্রিয়তমার চরণ কমল হইতে গলিত অলক্তকরসে সিক্ত হইয়া যেন মদনতরুর নবকিসলয়সমূহ বাহিরে প্রকাশ করিয়া দেখাইতেছে। ৪।

তোমার অধরে দশনক্ষত দর্শন করিয়া আমার মনে কষ্ট হইতেছে ; হায় ! এখনও কেন আপনাকে তোমা হইতে অভিন্ন বলিয়া বোধ করি ? ৫ ।

কৃষ্ণ ! বাহিরের ন্যায় তোমার অন্তরও অত্যন্ত মলিন, তাহা না হইলে মদনশরে পীড়িত এই অনুগত দাসীকে কেন বঞ্চনা করিতেছ ! ৬।

তুমি যে অবলানিধনের জন্যই বনে বনে ভ্রমণ করিতেছ ইহা আর বিচিত্র কি ? বাল্যকাল হইতেই তুমি স্ত্রীবধে দক্ষ, পূতনাই তোমার সে নির্দ্দয় স্বভাবের পরিচয় দিতেছে। ৭।

শ্রীজয়দেবভণিতরতিবঞ্চিতখণ্ডিতযুবতিবিলাপং ।
শৃণুত সুধামধুরং বিবুধা বিবুধালয়তোঽপি দুরাপং ॥ ৮ ॥

তদেবং পশ্যন্ত্যাঃ প্রসরদনুরাগং বহিরিব
প্রিয়াপাদালক্তচ্ছুরিতমরুণদ্যোতিহৃদয়ং ।
মমাদ্য প্রখ্যাতপ্রণয়ভরভঙ্গেন কিতব
ত্বদালোকঃ শোকাদপি কিমপি লজ্জাং জনয়তি ॥ ১ ॥
অন্তর্মোহনমৌলিঘূর্ণনচলন্মন্দারবিস্রংসন-
স্তব্ধাকর্ষণদৃষ্টিহর্ষমহামন্ত্রঃ কুরঙ্গীদৃশাং ।
দৃপ্যদ্দানবদূয়মানদিবিষদ্দুর্ব্বার দুঃখাপদাং
ভ্রংশঃ কংসরিপো র্ব্যপোহয়তু বঃ শ্রেয়াংসি বংশীরবঃ ॥২॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে খণ্ডিতাবর্ণনে
বিলক্ষলক্ষ্মীপতির্নামাষ্টমঃ সর্গঃ ॥

হে পণ্ডিতগণ, জয়দেববর্ণিত এই রতিবঞ্চিত খণ্ডিত যুবতীর বিলাপ শ্রবণ করুন, ইহা সুধা হইতেও মধুর স্বর্গেও দুর্লভ । ৮ ।

হরি ! প্রিয়ার চরণালক্তে রঞ্জিত হইয়া তোমার হৃদয় অরুণবর্ণ কান্তি লাভ করিয়াছে, যেন অন্তরের অনুরাগ বাহিরে প্রসারিত হইয়াছে । শঠ ! ইহা দেখিয়া আজ আমার মনে প্রণয়ভঙ্গ জন্য দুঃখ অপেক্ষাও কেমন এক প্রকার লজ্জা উপস্থিত হইতেছে । ১ ।

কংসরিপুর যে অদ্ভুত বংশীধ্বনি হরিণনয়নাগণের হৃদয় মুগ্ধ করিতে, মস্তক কম্পিত করিতে, কবরী কুসুম বিস্রংসিত করিতে, বুদ্ধিভ্রংশ করিতে, চিত্ত আকর্ষণ করিতে ও দৃষ্টির হর্ষ উৎপাদন করিতে মহামন্ত্রস্বরূপ, যাহা দৃপ্ত দানবদলপীড়িত দেবগণের দুর্নিবার দুঃখ বিনাশ করে, তাহা তোমাদের কল্যাণ বিধান করুক । ২ ।

ইতি গীতগোবিন্দ মহাকাব্যে খণ্ডিতাবর্ণনে
বিলক্ষলক্ষ্মীপতিনামক অষ্টম সর্গ ।

নবমঃ সর্গঃ।

তামথ মন্মথখিন্নাং রতিরসভিন্নাং বিষাদসম্পন্নাং।
অনুচিন্তিতহরিচরিতাং কলহান্তরিতামুবাচ রহঃ সখী ॥ ১ ॥

গীতং। ১৮।

রামকিরীরাগযতিতালাভ্যাং গীয়তে।

হরিরভিসরতি বহতি মৃদুপবনে।
কিমপরমধিকসুখং সখি ভবনে ॥
মাধবে মা কুরু মানিনি মানময়ে ॥ ১ ॥ ধ্রুবম্ ॥
তালফলাদপি গুরুমতিসরসং।
কিমু বিফলীকুরুষে কুচকলসং ॥ ২ ॥
কতি ন কথিতমিদমনুপদমচিরং।
মা পরিহর হরিমতিশয়রুচিরং ॥ ৩ ॥

অনন্তর কোন সখী মন্মথখিন্না, রতিরসে বঞ্চিতা, বিষণ্ণা এবং হরির নিষ্ঠুর চরিত চিন্তায় নিমগ্না, কলহান্তরিতা রাধিকাকে প্রবোধ দিয়া বলিতে লাগিলেন। ১।

রামকিরী রাগ যতিতাল।

অয়ি মানিনি, মাধবের প্রতি মান করিও না। হরি তোমার অভিসারে আসিয়াছেন, মন্দ মন্দ সমীরণ বহিতেছে, সখি গৃহে আর ইহা অপেক্ষা কি অধিক সুখ আছে? ১।

তাল ফল অপেক্ষাও পীনতর এবং অতি সরস এই কুচকলস কেন বিফল করিতেছ? ২।

এইমাত্র তোমায় বার বার কত বুঝাইলাম, সখি, এমন নিরতিশয় সুন্দর নাগরকে পরিত্যাগ করিও না। ৩।

কিমিতি বিষীদসি রোদিষি বিকলা ।
বিহসতি যুবতিসভা তব সকলা ॥ ৪ ॥
সজলনলিনীদলশীলিতশয়নে ।
হরিমবলোকয় সফলয় নয়নে ॥ ৫ ॥
জনয়সি মনসি কিমিতি গুরুখেদং ।
শৃণু মম বচনমনীহিতভেদং ॥ ৬ ॥
হরিরুপযাতু বদতু বহুমধুরং ।
কিমিতি করোষি হৃদয়মতিবিধুরং ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতমতিললিতং ।
সুখয়তু রসিকজনং হরিচরিতং ॥ ৮ ॥

স্নিগ্ধে যৎ পরুষাসি যৎ প্রণমতি স্তব্ধাসি যদ্রাগিণি
দ্বেষস্থাসি যদুন্মুখে বিমুখতাং যাতাসি তস্মিন্ প্রিয়ে ।

তুমি কেন বৃথা বিষণ্ণ হইতেছ ? কেনই বা ব্যাকুল হইয়া রোদন করিতেছ ? দেখ, এই যুবতীরা সকলেই হাসিতেছে । ৪ ।

সখি, এই সজল-নলিনী দল-রচিত শীতল শয্যায় হরিকে অবলোকন কর, তোমার নয়নযুগল সফল হউক । ৫ ।

তুমি কি জন্য মনকে অত্যন্ত বিষণ্ণ করিতেছ ? আমার কথা শ্রবণ কর, তোমার বিরহবেদনা দূর হইবে । ৬ ।

হরি তোমার নিকট আসিয়া হৃদয় খুলিয়া মধুর আলাপ করুন । তুমি বৃথা কেন চিত্তকে অতিশয় ব্যাকুল করিতেছ । ৭ ।

জয়দেব কথিত অতি সুললিত এই হরি-চরিত রসিকজনের সুখ উৎপাদন করুক । ৮ ।

মানিনি ! তুমি স্নেহার্দ্র ব্যক্তির প্রতি যখন পরুষতা প্রকাশ করিতেছ, প্রণতের প্রতি ঔদাসীন্য দেখাইতেছ, অনুরক্তের প্রতি

তদ্যুক্তং বিপরীতকারিণি তব শ্রীখণ্ডচর্চ্চাবিষং
শীতাংশুস্তপনো হিমং হুতবহঃ ক্রীড়ামুদো যাতনাঃ ॥১॥

সান্দ্রানন্দপুরন্দরাদিদিবিষদ্বৃন্দৈরমন্দাদরাৎ
আনম্রৈর্মুকুটেন্দ্রনীলমনিভিঃ সন্দর্শিতেন্দিন্দিরং।
স্বচ্ছন্দং মকরন্দসুন্দরগলন্মন্দাকনীমেদুরং
শ্রীগোবিন্দপদারবিন্দমশুভস্কন্দায় বন্দামহে ॥ ২ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে কলহান্তরিতা-
বর্ণনে মুগ্ধমুকুন্দো নাম নবমঃ সর্গঃ।

দ্বেষ করিতেছ, এবং প্রণয়োৎসুক প্রিয়তমের প্রতি বিমুখ হইতেছ, তখন চন্দনবিলেপন তোমার পক্ষে বিষবোধ হইবে না কেন? চন্দ্রই বা উত্তাপ প্রদান করিবে না কেন? তুষারই বা অঙ্গ দগ্ধ করিবে না কেন? রতি-কেলি-জনিত আনন্দই বা যাতনা স্বরূপ হইবে না কেন? তুমি যেমন বিপরীতকারিণি, তেমনি তোমার পক্ষে এই সমুদয় উপযুক্তই হইয়াছে। ১।

ইন্দ্রাদি দেবগণ মহাসমাদরে প্রণত হওয়ায় তাঁহাদের মুকুটস্থ ইন্দ্রনীলমণি যে চরণকমলে ভ্রমরের ন্যায় শোভিত হয়, মকরন্দ-মনোহর মন্দাকিনী অবিরলধারে বিগলিত হইয়া যে পাদপদ্মকে স্নিগ্ধ করে আমি অশুভ-বিনাশার্থে শ্রীগোবিন্দের সেই চরণারবিন্দ বন্দনা করি। ২।

ইতি গীতগোবিন্দ মহাকাব্যে কলহান্তরিতা বর্ণনে
মুগ্ধমুকুন্দ নামক নবম সর্গ।

অত্রান্তরে মসৃণরোষবশামসীম-
নিঃশ্বাসনিঃসহমুখীং সুমুখীমুপেত্য ।
সব্রীড়মীক্ষিতসখীবদনাং প্রদোষে
সানন্দগদ্গদপদং হরিরিত্যুবাচ ॥ ১ ॥

গীতং । ১৯ ।

দেশবরাড়ীরাগাষ্টতালাভ্যাং গীয়তে ।

বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচিকৌমুদী
হরতি দরতিমিরমতিঘোরং ।
স্ফুরদধরসীধবে তব বদনচন্দ্রমা রোচয়তি লোচনচকোরং ॥
প্রিয়ে চারুশীলে মুঞ্চ ময়ি মানমনিদানং ।
সপদি মদনানলো দহতি মম মানসং
দেহি মুখকমলমধুপানং ॥ ১ ॥ ধ্রুবম্ ॥

অনন্তর সন্ধ্যা উপস্থিত হইলে রাধিকার কোপ কিঞ্চিৎ উপশমিত হইল, তথাপি দীর্ঘ নিশ্বাসভরে মানিনীর মুখকমল সাতিশয় ম্লান হইয়া রহিল, তখন হরি তাঁহার নিকট উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিবামাত্র রাধিকা সলজ্জভাবে সখীর বদনের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেন ; তাহা দেখিয়া হরি আনন্দগদ্গদ বচনে তাঁহাকে বলিতে লাগিলেন। ১।

দেশবরাড়ী রাগ অষ্টতাল ।

প্রিয়ে, চারুশীলে! আমার প্রতি অকারণ মান পরিত্যাগ কর ; দেখ, তোমার দর্শনমাত্রেই মদনানল আমার মানস দগ্ধ করিতেছে, আমায় মুখকমলের মধুপান করিতে দাও ; অয়ি! যদি প্রসন্ন হইয়া আমার সহিত একটিমাত্রও কথা কও, তবে তোমার দশন-জ্যোতিরূপ জ্যোৎস্নায় আমার ঘোরতর ভয়রূপ তিমির বিনষ্ট হইবে, তোমার বদনচন্দ্রমা আমার নয়নচকোরকে মনোহর অধর সুধাপানে প্রলোভিত করিতেছে। ১।

সত্যমেবাসি যদি সুদতি ময়ি কোপিনী
দেহি খরনয়নশরঘাতং।
ঘটয় ভুজবন্ধনং জনয় রদখণ্ডনং
যেন বা ভবতি সুখজাতং ॥ ২ ॥
ত্বমসি মম ভূষণং ত্বমসি মম জীবনং
ত্বমসি মম ভবজলধিরত্নং।
ভবতু ভবতীহ ময়ি সততমনুরোধিনী
তত্র মম হৃদয়মতিযত্নং॥ ৩ ॥
নীলনলিনাভমপি তন্বি তব লোচনং
ধারয়তি কোকনদরূপং।
কুসুমশরবাণভাবেন যদি রঞ্জয়সি
কৃষ্ণমিদমেতদনুরূপং ॥ ৪ ॥

হে সুদশনে! যদি সত্যই আমার উপর কুপিত হইয়া থাক, তবে তোমার খর নয়নশরাঘাতে আমায় জর্জ্জরিত কর, ভুজ-পাশে বন্ধন কর এবং দশনাঘাতে ক্ষত বিক্ষত কর, তোমার যাহাতে সুখ হয় তাহাই কর। ২।

তুমিই আমার ভূষণ, তুমিই আমার জীবন, তুমিই আমার পক্ষে সংসার সমুদ্রের রত্ন-স্বরূপ। আমার হৃদয়ের একান্ত অভিলাষ যে তুমি সতত আমার প্রতি অনুরাগবতী হও। ৩।

হে কৃশাঙ্গি! তোমার নীলোৎপল-শ্যাম লোচনযুগলও রক্তোৎপলের রূপ ধারণ করিয়াছে, এখন যদি কৃষ্ণকে সানুরাগে অবলোকন করিয়া রঞ্জিত কর তবে উহার অনুরূপ কার্য্য করা হয়। ৪।

স্ফুরতু কুচকুম্ভয়োরুপরি মণিমঞ্জরী
রঞ্জয়তু তব হৃদয়দেশং ।
রসতু রসনাপি তব ঘনজঘনমণ্ডলে
ঘোষয়তু মন্মথনিদেশং ।। ৫ ।।
স্থলকমলগঞ্জনং মম হৃদয়রঞ্জনং
জনিতরতিরঙ্গপরভাগং ।
ভণ মসৃণবাণি করবাণি চরণদ্বয়ং
সরসলসদলক্তকরাগং ।। ৬ ।।
স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারং ।
জ্বলতি ময়ি দারুণো মদনকদনানলো
হরতু তদুপাহিতবিকারং ।। ৭ ।।

কুচকলসের উপর মণিময় হার চঞ্চল হইয়া তোমার হৃদয়-দেশকে রঞ্জিত করুক। মেখলাও ঘন-জঘনমণ্ডলে শব্দায়মান হইয়া মন্মথের আজ্ঞা ঘোষণা করুক। ৫।

হে স্নিগ্ধ-মধুর-ভাষিণি, একবার আমায় আজ্ঞা কর, আমি এই রতিরঙ্গের পরম সহায়, স্থলপদ্মের পরাভবকারী এবং আমার হৃদয়রঞ্জন তোমার চরণযুগলকে সরস অলক্তকরাগে রঞ্জিত করি।৬।

স্মরগরলের খণ্ডনকারী তোমার এই উদার পদপল্লব আমার মস্তকে প্রদান কর, ইহা আমার শিরোদেশের ভূষণ-স্বরূপ হউক। দারুণ মদনানল আমার দেহকে সন্তপ্ত করিতেছে, তোমার চরণ-কৃপায় সে সন্তাপ দূর হউক। ৭।

ইতি চটুলচাটুপটুচারু মুরবৈরিণো
রাধিকামধি বচনজাতং।
জয়তি পদ্মাবতীরমণজয়দেবকবি-
ভারতীভণিতমতিশাতং ॥ ৮ ॥

পরিহর কৃতাতঙ্কে শঙ্কাং ত্বয়া সততং ঘন-
স্তনজঘনয়া ক্রান্তে স্বান্তে পরানবকাশিনি।
বিশতি বিতনোরন্যো ধন্যো ন কোঽপি মমান্তরং
প্রণয়িনি পরীরম্ভারম্ভে বিধেহি বিধেয়তাং ॥ ১ ॥

মুগ্ধে বিধেহি ময়ি নির্দ্দয়দন্তদংশ-
দোর্বল্লিবন্ধনিবিড়স্তনপীড়নানি।
চণ্ডি ত্বমেব মুদমঞ্চ ন পঞ্চবাণ-
চাণ্ডালকাণ্ডদলনাদসবঃ প্রয়ান্তু ॥ ২ ॥

মুরারির রাধিকার প্রতি বিবিধপ্রকার মনোরম চাটু উক্তি-স্বরূপ পদ্মাবতী-রমণ জয়দেব কবির এই অতি বিশদ বাক্য উৎকর্ষ লাভ করুক। ৮।

হে প্রণয়-ভঙ্গশঙ্কিনি, আশঙ্কা পরিত্যাগ কর। হে স্তন-জঘন-শালিনি, তুমি যখন আমার হৃদয় অধিকার করিয়া রহিয়াছ তখন আর তাহাতে অবকাশ কোথায়? কেবল একমাত্র ভাগ্যবান্ অনঙ্গ ব্যতিরেকে আর কেহই আমার অন্তরে প্রবেশ করিতে সমর্থ নহে। প্রণয়িনি! আলিঙ্গন প্রদানে আমাকে আদেশ কর। ১।

মুগ্ধে! নির্দয় দশনদংশনে শাস্তি প্রদান কর. ভুজলতাপাশে বন্ধন করিয়া স্তনভারে নিপীড়িত কর, চণ্ডি! তুমি আমায় শাসন করিয়া হৃষ্ট হও, চণ্ডাল পঞ্চবাণ কন্দর্পের বাণ প্রহারে যেন আমার প্রাণ-বিনাশ না হয়। ২।

শশিমুখি তব ভাতি ভঙ্গুরভ্রূ-
র্যুবজনমোহকরালকালসর্পী ।
তদুদিতভয়ভঞ্জনায় যূনাং
ত্বদধরসীধুসুধৈব সিদ্ধমন্ত্রঃ ॥ ৩ ॥
ব্যথয়তি বৃথা মৌনং তন্বি প্রপঞ্চয় পঞ্চমং
তরুণি মধুরালাপৈস্তাপং বিনোদয় দৃষ্টিভিঃ ।
সুমুখি বিমুখীভাবং তাবদ্বিমুঞ্চ ন মুঞ্চ মাং
স্বয়মতিশয়স্নিগ্ধো মুগ্ধে প্রিয়োঽয়মুপস্থিতঃ ॥ ৪ ॥
বন্ধূকদ্যুতিবান্ধবোঽয়মধরঃ স্নিগ্ধো মধূকচ্ছবি-
র্গণ্ডে চণ্ডি চকাস্তি নীলনলিনশ্রীমোচনং লোচনং ।

হে বিধুমুখি, তোমার ভ্রূলতা কুটিল হইয়া করাল কালসর্পের ন্যায় আমাকে মূর্চ্ছিত করিতেছে, আমার সেই ভয়ভঞ্জনে তোমার অধরসুধাই একমাত্র সিদ্ধমন্ত্র-স্বরূপ । ৩ ।

তন্বি ! কেন বৃথা মৌনাবলম্বন করিয়া রহিয়াছ, ইহাতে আমি বড় ব্যথা পাইতেছি । তরুণি ! এক বার পঞ্চমস্বরে সম্ভাষণ কর, মধুরালাপে আমার হৃদয়-সন্তাপ বিমোচন কর । সুমুখি ! বিমুখতা পরিত্যাগ করিয়া একবার আমার প্রতি প্রসন্ননেত্রে দৃষ্টি নিক্ষেপ কর । মুগ্ধে, আমি অতিশয় অনুরক্ত হইয়া তোমার চিত্ত বিনোদনার্থ স্বয়ং উপস্থিত হইয়াছি, আমায় পরিত্যাগ করিও না । ৪ ।

চণ্ডি ! তোমার এই অরুণবর্ণ অধরের দ্যুতি বন্ধূক পুষ্পের ন্যায়, পাণ্ডুবর্ণ গণ্ডস্থলে মধূক পুষ্পের কান্তি শোভা পাইতেছে, লোচনদ্বয় ইন্দীবরশ্রীকে পরাভব করিয়াছে, নাসিকা তিলপুষ্পের

নাসাভ্যেতি তিলপ্রসূনপদবীং কুন্দাভদন্তি প্রিয়ে
প্রায়স্ত্বন্মুখসেবয়া বিজয়তে বিশ্বং স পুষ্পায়ুধঃ ॥ ৫ ॥
দৃশৌ তব মদালসে বদনমিন্দুসন্দীপনং
গতির্জনমনোরমা বিজিতরম্ভমূরুদ্বয়ং।
রতিস্তব কলাবতী রুচিরচিত্রলেখে ভ্রুবা-
বহো বিবুধযৌবতং বহসি তন্বি পৃথ্বীগতা ॥ ৬ ॥
প্রীতিং বস্তনুতাং হরিঃ কুবলয়াপীড়েন সার্দ্ধং রণে
রাধাপীনপয়োধরস্মরণকৃৎকুম্ভেন সম্ভেদবান্।

পদবী প্রাপ্ত হইয়াছে, দন্তে কুন্দপুষ্পের আভা দেখা যাইতেছে, সুন্দরি! তোমার বদনে পুষ্পায়ুধের প্রায় সমস্ত অস্ত্রই বিদ্যমান; তোমার মুখসেবা করিয়াই অনঙ্গ বিশ্ববিজয়ী হইয়া উঠিয়াছে। ৫।

প্রিয়ে! তোমার দৃষ্টি মদালসা, বদনশ্রী ইন্দুসন্দীপনী, গতি মনোরমা, উরুদ্বয় রম্ভার পরাভবকারিণী, রতি কলাবতী এবং ভ্রূ-যুগল সুন্দর চিত্রলেখাময়ী*। কি আশ্চর্য্য, তুমি পৃথিবীতে থাকিয়াও নিজ অঙ্গে স্বর্গের যুবতীবৃন্দকে ধারণ করিতেছ। ৬।

কুবলয়াপীড় নামক কংসের হস্তীর সহিত যুদ্ধকালে তাহার বিশাল কুম্ভদেশ অবলোকন করিয়া কৃষ্ণের মনে রাধার পীন-পয়োধরের কথা উদিত হইল, অমনি সাত্বিকভাবের উদয় হওয়ায় ক্ষণকালের জন্য তাঁহার শরীর স্বেদজলে পূর্ণ ও লোচনযুগল

---

* শ্লিষ্ট অর্থে—মদালসা, ইন্দুসন্দীপনী, মনোরমা, রম্ভা, কলাবতী ও চিত্রলেখা ইহারা স্বর্গযুবতী। প্রকৃত অর্থে মদভরে অলস, চন্দ্রের সদৃশ, মনোহর, কদলীবৃক্ষ, কৌশলবতী ও চিত্রলিখিত সদৃশ।

যত্র স্বিদ্যতি মীলতি ক্ষণমথ ক্ষিপ্তে দ্বিপে তৎক্ষণাৎ
কংসস্যালমভূজ্জিতং জিতমিতি ব্যামোহকোলাহলঃ ॥৭॥

ইতি শ্রীগীতগোবিন্দমহাকাব্যে মানিনীবর্ণনে
মুগ্ধমাধবো নাম দশমঃ সর্গঃ ।১০।

নিমীলিত হইল। কিন্তু ক্ষণকাল পরেই তিনি সেই হস্তীকে দূরে নিক্ষেপ করিলে জয় করিল, জয় করিল বলিয়া কংসের পক্ষ হইতে শোকসূচক কোলাহল উত্থিত হইল। সেই মনোহর হরি তোমাদের প্রীতি বর্দ্ধন করুন। ৭।

ইতি গীতগোবিন্দ মহাকাব্যে মানিনীবর্ণনে মুগ্ধমাধব
নামক দশম সর্গ ।

একাদশঃ সর্গঃ।

সুচিরমনুনয়েন প্রীণয়িত্বা মৃগাক্ষীং
গতবতি কৃতবেশে কেশবে কুঞ্জশয্যাং।
রচিতরুচিরভূষাং দৃষ্টিমোষে প্রদোষে
স্ফুরতি নিরবসাদাং কাপি রাধাং জগাদ ॥১॥

গীতং। ২০।

বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে।

বিরচিতচাটুবচনরচনং চরণে রচিতপ্রণিপাতং।
সম্প্রতি মঞ্জুলবঞ্জুলসীমনি কেলিশয়নমনুযাতং॥
মুগ্ধে মধুমথনমনুগতমনুসর রাধিকে ॥ ১ ॥ ধ্রুবম্ ॥

এইরূপে কেশব বহুক্ষণ অনুনয় করিয়া মৃগলোচনা রাধাকে প্রীত করিলেন এবং সুন্দর বেশবিন্যাশ করিয়া কুঞ্জশয্যায় গমন করিলেন। এদিকে সন্ধ্যাদেবী ক্রমশঃ অগ্রসর হইয়া লোকের দৃষ্টি আবৃত করিতে লাগিলেন, তখন রাধিকা অবসাদ পরিত্যাগ পূর্ব্বক মনোহর ভূষণে ভূষিত হইলে কোন সখী তাঁহাকে বলিতে লাগিলেন। ১।

রাধিকে! শ্রীকৃষ্ণ বিবিধ চাটুবাক্য প্রয়োগ করিয়া ও চরণে প্রণত হইয়া তোমাকে প্রসন্ন করিয়া সম্প্রতি মনোহর বেতসকুঞ্জ-মধ্যে কেলিশয়নে অপেক্ষা করিতেছেন, সুন্দরি! সেই অনুগত মধুসূদনের অনুসরণ কর। ১।

ঘনজঘনস্তনভারভরে দরমন্থরচরণবিহারং ।
মুখরিতমণিমঞ্জীরমুপৈহি বিধেহি মরালনিকারং ॥ ২ ॥
শৃণু রমণীয়তরং তরুণীজনমোহনমধুরিপুরাবং ।
কুসুমশরাসনশাসনবন্দিনি পিকনিকরে ভজ ভাবং ॥ ৩ ॥
অনিলতরলকিশলয়নিকরেণ করেণ লতানিকুরম্বং ।
প্রেরণমিব করভোরু করোতি গতিং প্রতি মুঞ্চ বিলম্বং ॥৪॥
স্ফুরিতমনঙ্গতরঙ্গবশাদিব সূচিতহরিপরিরম্ভং ।
পৃচ্ছ মনোহরহারবিমলজলধারমমুং কুচকুম্ভং ॥ ৫ ॥

হে ঘন-জঘন-স্তন-ভারশালিনি, মন্দ মন্দ গমনে প্রিয়তম-সমীপে গমন কর, তোমার মণিময় নূপুরের মধুর শব্দে মরালধ্বনি পরিভূত হউক । ২ ।

তথায় গমন করিয়া মধুরিপুর যুবতী-জনমোহন রমণীয়তর আলাপ শ্রবণ কর, এবং কন্দর্পের আদেশ-ঘোষক বন্দিস্বরূপ কোকিলসমূহে প্রীতিভাব অবলম্বন কর । ৩ ।

হে করভোরু, এই লতাবৃন্দ অনিলচঞ্চল কিশলয়নিকররূপ হস্ত সঞ্চালন করিয়া যেন তোমাকে গমনে অনুরোধ করিতেছে, আর বিলম্ব করিও না । ৪ ।

তোমার এই মনোহর হাররূপ বিমল জলধারায় পরিশোভিত কুচকলস যেন অনঙ্গতরঙ্গে কম্পিত* হইয়া হরির আলিঙ্গনসূচনা করিতেছে । (যদি আমার কথায় অবিশ্বাস কর) তবে ইহাকে পরামর্শ জিজ্ঞাসা কর । ৫ ।

---

* নারীগণের বামস্তন কম্পিত হইলে শীঘ্র স্বামিসঙ্গম হইয়া থাকে ।

অধিগতমখিলসখীভিরিদং তব বপুরপি রতিরণসজ্জং।
চণ্ডি রণিতরসনারবডিণ্ডিমমভিসর সরসমলজ্জং॥ ৬॥
স্মরশরসুভগনখেন করেণ সখীমবলম্ব্য সলীলং।
চল বলয়ক্বণিতৈরববোধয় হরিমপি নিজগতিশীলং॥ ৭॥
শ্রীজয়দেবভণিতমধরীকৃতহারমুদাসিতরামং।
হরিবিনিহিতমনসামধিতিষ্ঠতু কণ্ঠতটীমবিরামং॥ ৮॥
সা মাং দ্রক্ষ্যতি বক্ষ্যতি স্মরকথাং প্রত্যঙ্গমালিঙ্গনৈঃ
প্রীতিং যাস্যতি রংস্যতে সখি সমাগত্যেতি সঞ্চিন্তয়ন্।
স ত্বাং পশ্যতি বেপতে পুলকয়ত্যানন্দতি স্বিদ্যতি
প্রত্যুদ্গচ্ছতি মূর্চ্ছতি স্থিরতমঃপুঞ্জে নিকুঞ্জে প্রিয়ঃ॥ ৯॥

আমরা সকলেই বুঝিতে পারিতেছি তোমার এই সুন্দর তনু সম্প্রতি রতিরণসজ্জায় সজ্জিত হইয়াছে; চণ্ডি, লজ্জা পরিত্যাগ পূর্ব্বক মেখলারূপ ডিণ্ডিম বাজাইয়া সানুরাগে যুদ্ধে অগ্রসর হও। ৬।

তোমার হস্তের সুন্দর নখপঞ্চক মদনের পঞ্চ শরস্বরূপ। তুমি সেই করদ্বারা সখীকে ধারণ পূর্ব্বক বিলাসভরে গমন কর। হরি তোমার গমন চিন্তায় মগ্ন আছেন, বলয়ধ্বনি করিয়া তাঁহাকে নিজ গমনবৃত্তান্ত বিদিত কর। ৭।

জয়দেবের এই বাক্য হার অপেক্ষাও উৎকৃষ্ট এবং রমণী অপেক্ষাও রমণীয়; ইহা হরিগতচিত্ত ব্যক্তিগণের কণ্ঠে অনবরত অবস্থান করুক। ৮।

সখি! তুমি কুঞ্জশয্যায় গমন করিয়া তাঁহাকে দর্শন করিবে, তাঁহার সহিত রতি আলাপ করিবে, প্রতি অঙ্গে আলিঙ্গন করিবে, প্রীতি প্রাপ্ত হইবে, এবং রমণ করিবে এই সকল চিন্তা করিয়া তোমার প্রিয়তম শ্রীকৃষ্ণ নিবিড়ান্ধকারাবৃত নিকুঞ্জে তোমাকে হৃদয়ের মধ্যে দর্শন করিতেছেন, কম্পিত হইতেছেন, লোমাঞ্চিত হইতেছেন, আনন্দিত হইতেছেন, ঘর্ম্মাক্ত হইতেছেন, প্রত্যুদ্গমন করিতেছেন, মুর্চ্ছিত হইতেছেন। ৯।

অক্ষোর্নিক্ষিপদঞ্জনং শ্রবণয়োস্তাপিঞ্ছগুচ্ছাবলীং
মূর্দ্ধ্নি শ্যামসরোজদাম কুচয়োঃ কস্তুরিকাপত্রকং।
ধূর্ত্তানামভিসারসত্বরহৃদাংবিষ্বঙ্ নিকুঞ্জে সখি
ধ্বান্তং নীলনিচোলচারু সুদৃশাং প্রত্যঙ্গমালিঙ্গতি॥ ২॥
কাশ্মীরগৌরবপুষামভিসারিকানা-
মাবদ্ধরেখমভিতো রুচিমঞ্জরীভিঃ।
এতত্তমালদলনীলতমং তমিস্রং
তৎপ্রেমহেমনিকষোপলতাং তনোতি॥ ৩॥
হারাবলীতরলকাঞ্চনকাঞ্চিদাম-
মঞ্জীরকঙ্কণমণিদ্যুতিদীপিতস্য।
দ্বারে নিকুঞ্জনিলয়স্য হরিং বিলোক্য
ব্রীড়াবতীমথ সখীমিয়মিত্যুবাচ॥ ৪॥

সখি! দেখ, অন্ধকার যেন নীলনিচোলের ন্যায় ধূর্ত্তা অভি-সারোৎকণ্ঠিতা সুলোচনাদিগের প্রত্যেক অঙ্গে আলিঙ্গন প্রদান করিতেছে, চক্ষে যেন অঞ্জন লেপিয়া দিতেছে, কর্ণযুগলে যেন তমাল গুচ্ছাবলী পরাইতেছে, মস্তকে যেন নীলোৎপলের মালা পরাইয়া দিতেছে, কুচযুগলে যেন কস্তূরিকার চিত্র রচনা করি-তেছে। ২।

কুঙ্কুম-গৌরাঙ্গী অভিসারিকাগণের শরীরের লাবণ্যরেখা চতু-র্দ্দিকে পতিত হওয়ায় তমালদলসদৃশ নীলতম অন্ধকার তাহা-দিগের প্রেমরূপ সুবর্ণের নিকষপ্রস্তরের শোভা ধারণ করি-তেছে। ৩।

অনন্তর রাধিকা কুঞ্জগৃহের দ্বারদেশে উপস্থিত হইলেন। তাঁহার হারযষ্টিস্থ মধ্যমণির কিরণ সমূহে এবং কাঞ্চন নির্ম্মিত কাঞ্চিদাম, নুপুর ও কঙ্কণনিহিত মণির প্রভাজালে অন্ধকার নষ্ট হওয়ায় তিনি হরিকে নিরীক্ষণ করিয়া লজ্জাবনত-মুখে অবস্থান করিতে লাগিলেন। তখন সখী এই কথা বলিতে লাগিলেন। ৪।

গীতং ।২১।

দেশবরাড়ীরাগ-রূপকতালাভ্যাং গীয়তে।

মঞ্জুতরকুঞ্জতলকেলিসদনে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ
বিলস রতিরভসহসিতবদনে॥ ১॥
নবভবদশোকদলশয়নসারে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ
বিলস কুচকলসতরলহারে॥ ২॥
কুসুমচয়রচিতশুচিবাসগেহে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ
বিলস কুসুমসুকুমারদেহে॥ ৩॥
চল মলয়বনপবনসুরভিশীতে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ
বিলস রতিবলিতললিতগীতে॥ ৪॥

বরাড়ী রাগ, রূপক তাল।

রাধিকে! রতিভরে তোমার মুখ হাস্যে প্রফুল্ল হইয়াছে, তুমি এই কুঞ্জতলস্থিত রমণীয়তর কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ১।

তোমার কুচকলসদ্বয় কম্পিত হওয়াতে মুক্তাহার চঞ্চল হইতেছে। দেখ, নবীন অশোক কিশলয়ে সুন্দর শয্যা রচিত হইয়াছে; রাধিকে, তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ২।

তোমার শরীর কুসুম সমূহ অপেক্ষাও কোমল; কুসুমচয়ে তোমার উপযুক্ত পবিত্র বাসগৃহ নির্ম্মিত হইয়াছে; রাধিকে, তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ৩।

মলয়-বনসঞ্চারী চঞ্চল অনিলে কুঞ্জ-গৃহ অতি সুরভি ও শীতল হইয়াছে; রাধিকে, তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও এবং রতিভরে ললিত গীত গান কর। ৪।

বিততবহুবল্লিনবপল্লবঘনে।
প্রবিশ রাধে মাধব সমীপমিহ
বিলস চিরমলসপীনজঘনে ॥ ৫ ॥
মধুমুদিতমধুপকুলকলিতরাবে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ
বিলস মদনরসসরসভাবে ॥ ৬ ॥
মধুরতরপিকনিকরনিনদমুখরে।
প্রবিশ রাধে মাধব সমীপমিহ
বিলস দশনরুচিরুচিরশিখরে ॥ ৭ ॥
বিহিতপদ্মাবতীসুখসমাজে।
কুরু মুরারে মঙ্গলশতানি
ভণতি জয়দেবকবিরাজরাজে ॥ ৮ ॥

হে অলস-গুরু-নিতম্বিনি, দেখ, বহুতর লতাপুঞ্জের নব পল্লব-মালায় কুঞ্জগৃহ নিবিড়তররূপে আচ্ছাদিত হইয়াছে; রাধিকে, তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ৫।

তোমার মন মদনরসে সরস হইয়াছে, বসন্তোন্মত্ত মধুকরবৃন্দ গুণ্ গুণ্ ধ্বনি করিতেছে, রাধিকে, তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ৬।

তোমার দশনপংক্তি পক্ক-দাড়িম্ববীজাভ মাণিক্যের ন্যায় মনোহর। দেখ, কোকিলগণের মধুরতর নিনাদে কুঞ্জবন মুখরিত হইতেছে; রাধিকে তুমি এই কেলিগৃহে মাধবের সমীপে গমন করিয়া বিলাসে প্রবৃত্ত হও। ৭।

হে মুরারি, পদ্মাবতীসুখবর্দ্ধন কবিরাজ জয়দেব এই গান রচনা করিলেন তুমি তাঁহার প্রভূত মঙ্গলবিধান কর। ৮।

ত্বাং চিত্তেন চিরং বহন্নয়মতিশ্রান্তো ভৃশন্তাপিতঃ
কন্দর্পেণ চ পাতুমিচ্ছতি সুধাসম্বাধবিম্বাধরং।
অস্যাঙ্কং তদলংকুরু ক্ষণমিহ ভ্রূক্ষেপলক্ষ্মীলব-
ক্রীতে দাস ইবোপসেবিতপদাম্ভোজে কুতঃ সম্ভ্রমঃ ॥ ১ ॥
সা সসাধ্বসসানন্দং গোবিন্দে লোললোচনা।
শিঞ্জানমঞ্জুমঞ্জীরং প্রবিবেশ নিবেশনং ॥ ২ ॥

গীতং। ২২।

বরাড়ীরাগ-রূপকতালাভ্যাং গীয়তে।

রাধাবদনবিলোকনবিকসিতবিবিধবিকারবিভঙ্গং।
জলনিধিমিব বিধুমণ্ডলদর্শনতরলিততুঙ্গতরঙ্গং ॥ ১ ॥
হরিমেকরসং চিরমভিলষিতবিলাসং।
সা দদর্শ গুরুহর্ষবশম্বদবদনমনঙ্গবিকাশং ॥ ১ ॥ ধ্রুবম্ ॥

সুন্দরি, প্রিয়তম তোমাকে বহুক্ষণ হৃদয়ে বহন করিয়া অতিশয় শ্রান্ত হওয়াতে এবং কন্দর্পতাপে নিতান্ত সন্তপ্ত হওয়াতে তোমার সুধাপরিপূর্ণ বিম্বাধর পান করিতে অভিলাষী হইয়াছেন। অতএব একবার ইঁহার অঙ্কদেশ অলঙ্কৃত কর; তুমি কমনীয় কটাক্ষের কণামাত্র প্রদান করিলেই ইনি ক্রীত হইয়া যান ও দাসের ন্যায় তোমার চরণকমল সেবা করেন। ইহাঁকে দেখিয়া আবার সম্ভ্রম কি? ২।

অনন্তর রাধিকা ভয়ে ও আনন্দে জড়িত হইয়া সস্পৃহলোচনে গোবিন্দের প্রতি দৃষ্টিনিক্ষেপ পূর্ব্বক মনোহর নূপুরধ্বনি করিতে করিতে কুঞ্জগৃহে প্রবেশ করিলেন। ১।

বরাড়ী রাগ—রূপক তাল।

শ্রীকৃষ্ণ রাধাগতচিত্ত হইয়া বহুক্ষণ অবধি তাঁহার সহিত বিলাস আকাঙ্ক্ষা করিতেছেন এমন সময়ে রাধা কুঞ্জে প্রবিষ্ট হইয়া তাঁহাকে দর্শন করিলেন। চন্দ্রমণ্ডল দর্শনে জলনিধির যেমন উত্তাল তরঙ্গমালা সমুত্থিত হয় সেইরূপ রাধামুখ দর্শনে হরির বিবিধ মদনবিকার বিভঙ্গি বিকসিত হইতে লাগিল, হর্ষাতিশয়-প্রযুক্ত বদনে অনঙ্গাবেশ প্রকাশ পাইতে লাগিল। ১।

হারমমলতরতারমুরসি দধতং পরিলম্ব্য বিদূরং ।
স্ফুটতরফেণকদম্বকরম্বিতমিব যমুনাজলপূরং ॥ ২ ॥
শ্যামলমৃদুলকলেবরমণ্ডলমধিগতগৌরদুকূলং ।
নীলনলিনমিব পীতপরাগপটলভরবলয়িতমূলং ॥ ৩ ॥
তরলদৃগঞ্চলবলনমনোহরবদনজনিতরতিরাগং ।
স্ফুটকমলোদরখেলিতখঞ্জনযুগমিব শরদি তড়াগং ॥ ৪ ॥
বদনকমলপরিশীলনমিলিতমিহিরসমকুণ্ডলশোভং ।
স্মিতরুচিকুসুমসমুল্লসিতাধরপল্লবকৃতরতিলোভং ॥ ৫ ॥
শশিকিরণচ্ছুরিতোদরজলধরসুন্দরসকুসুমকেশং ।
তিমিরোদিতবিধুমণ্ডলনির্ম্মলমলয়জতিলকনিবেশং ॥ ৬ ॥

বক্ষঃস্থলে বিমল সুদীর্ঘ মুক্তাহার পরিলম্বিত থাকায় ফেণ-নিকর মিশ্রিত যমুনাজলপ্রবাহের ন্যায় তাঁহার শোভা হইয়াছিল। ২।

তাঁহার শরীর অতি কোমল ও শ্যামল। সে শরীর গৌরবর্ণ পট্টবস্ত্রে আবৃত থাকায় বোধ হইতে লাগিল, যেন নীল পদ্মের মূলদেশ পীতপরাগ-সমূহে বেষ্টিত হইয়াছে। ৩।

তিনি, তাঁহার মনোহরবদনে তরল কটাক্ষ সঞ্চালন করিয়া রতি-রাগ উৎপন্ন করিতেছিলেন, যেন কোন শারদীয় নির্ম্মল তড়াগে একটী প্রস্ফুটিত কমলোদরে খঞ্জনযুগল নৃত্য করিতেছিল। ৪।

কুণ্ডল যুগল, বদনকমল আলিঙ্গন করিবার জন্য সমাগত দিবা-করদ্বয়ের ন্যায় শোভা পাইতেছিল। কুসুমকমনীয় মৃদু মৃদু হাস্য অধরপল্লবে সমুল্লসিত হওয়ায় তিনি রতিলোভ বর্দ্ধিত করিতে-ছিলেন। ৫।

তাঁহার কৃষ্ণবর্ণ কেশে কুসুমমালা শোভা পাইতেছিল, যেন মেঘখণ্ডে শশিকিরণ বিকীর্ণ হইয়াছিল। ললাটে নির্ম্মল চন্দন-তিলক, তিমির মধ্যে সমুদিত বিধুমণ্ডলের ন্যায় শোভা পাইতেছিল। ৬।

বিপুলপুলকভরদন্তুরিতং রতিকেলিকলাভিরধীরং।
মণিগণকিরণসমূহসমুজ্জ্বলভূষণসুভগশরীরং ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতবিভবদ্বিগুণীকৃতভূষণভারং।
প্রণমত হৃদি বিনিধায় হরিং সুচিরং সুকৃতোদয়সারং ॥৮॥
অতিক্রম্যাপাঙ্গং শ্রবণপথপর্য্যন্তগমন-
প্রয়াসেনৈবাক্ষ্ণো স্তরলতরতারং পতিতয়োঃ।
তদানীং রাধায়াঃ প্রিয়তমসমালোকসময়ে
পপাত স্বেদাম্বুঃ প্রসর ইব হর্ষাশ্রুনিকরঃ ॥ ৯ ॥

বিপুলপুলকে তাঁহার অঙ্গ কণ্টকিত হইয়াছিল ও মণিগণের কিরণে ভূষণসমূহ সমুজ্জ্বল হওয়াতে শরীর শোভিত হইয়াছিল। রতিকেলিবিলাসে তিনি অধীরভাব অবলম্বন করিয়াছিলেন। ৭।

জয়দেবের বর্ণনাচ্ছটা হরির ভূষণ সম্ভারকে যেন দ্বিগুণ শোভায় শোভিত করিতেছে, হরি পুণ্যফলের সার-ভূত, ভক্তগণ তাঁহাকে চিরকাল হৃদয়ে ধারণ করিয়া প্রণাম করুন। ৮।

সেই প্রিয়তম-দর্শন-সময়ে রাধিকার অতৃপ্ত নেত্রদ্বয় অপাঙ্গ অতিক্রম করিয়া শ্রবণপথ পর্য্যন্ত গমনে প্রয়াস করাতেই বোধ হয় যেন চঞ্চলতর-তারা-বিশিষ্ট হইয়া পতিত হইয়াছিল, তজ্জন্যই ঘর্ম্ম প্রবাহের ন্যায় হর্ষাশ্রু-ধারা পতিত হইতে লাগিল। ৯। *

---

* অর্থাৎ যেমন কোন পথিক অধিক পথ চলিলে স্খলিত পদ হইয়া পড়িয়া যায় এবং পাছে কেহ দেখিতে পায় এই লজ্জাতে চকিত নয়নে চতুর্দ্দিক অবলোকন করে ও পড়িয়া যাওয়াতে তাহার শরীর হইতে ঘর্ম্ম বাহির হইতে থাকে, সেইরূপ কৃষ্ণ-দর্শন-সময়ে রাধিকার চক্ষু কর্ণ-পর্য্যন্ত বিস্তৃত হওয়ায় তাহার তারা চঞ্চল হইয়াছিল ও তাহা হইতে অশ্রুজল নির্গত হইয়াছিল।

ভজন্ত্যাস্তল্পান্তং কৃতকপটকণ্ডূতিপিহিত-
স্মিতং যাতে গেহাদ্বহিরবহিতালীপরিজনে।
প্রিয়াস্যং পশ্যন্ত্যাঃ স্মরশরসমাকূতসুভগং
সলজ্জা লজ্জাপি ব্যগমদিব দূরং মৃগদৃশঃ ॥ ২ ॥
জয়শ্রীবিন্যস্তৈর্মহিত ইব মন্দারকুসুমৈঃ
স্বয়ং সিন্দূরেণ দ্বিপরণমুদা মুদ্রিতইব ।
ভুজাপীড়ক্রীড়াহতকুবলয়াপীড়করিণঃ
প্রকীর্ণাসৃগ্বিন্দুর্জয়তি ভুজদণ্ডো মুরজিতঃ ॥ ৩ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে অভিসারিকা-বর্ণনে
সানন্দগোবিন্দো নাম একাদশঃ সর্গঃ ॥ ১১ ॥

রাধিকার সুখাভিলাষিণী সখীগণ কপট কণ্ডূয়নচ্ছলে হাস্য সম্বরণ করিয়া বহির্ভাগে গমন করিলে পর, মৃগনয়না রাধা প্রিয়তমের শয্যা পার্শ্বে উপবিষ্ট হইয়া সুন্দর কটাক্ষ বিক্ষেপে শ্রীকৃষ্ণের বদনমণ্ডল অবলোকন করিতে লাগিলেন তখন তাঁহার লজ্জাও সলজ্জা হইয়া পলায়ন করিল। ২।

মুরারি বাহু-যুদ্ধক্রীড়ায় কুবলয়াপীড় নামক হস্তীকে বিনাশ করিলে তাঁহার যে ভুজদণ্ড রক্তবিন্দু শোভিত হইয়া যেন জয়লক্ষ্মী-প্রদত্ত মন্দারপুষ্পে পূজিত হইয়াছিল অথবা যেন হস্তীর সহিত যুদ্ধোল্লাসে স্বয়ং সিন্দুর দ্বারা অঙ্কিত হইয়াছিল সেই ভুজদণ্ড জয়লাভ করুক। ৩।

ইতি শ্রীগীতগোবিন্দ মহাকাব্যে অভিসারিকাবর্ণনে সানন্দ-গোবিন্দ নামক একাদশ সর্গ। ১১।

দ্বাদশঃ সর্গঃ।

গতবতি সখীবৃন্দে মন্দত্রপাভরনির্ভর-
স্মরশরবশাকূতস্ফীতস্মিতস্নপিতাধরাং।
সরসমনসং দৃষ্ট্বা রাধাং মুহুর্নবপল্লব-
প্রসবশয়নে নিক্ষিপ্তাক্ষীমুবাচ হরিঃ প্রিয়াং ॥ ১ ॥

গীতং। ২৩।

বিভাষরাগৈকতালীতালাভ্যাং গীয়তে।

কিশলয়শয়নতলে কুরু কামিনি চরণনলিনবিনিবেশং।
তব পদপল্লববৈরি পরাভবমিদমনুভবতু সুবেশং ॥
ক্ষণমধুনা নারায়ণমনুগতমনুভজ রাধিকে ॥ ১ ॥ ধ্রুবং ॥

সখীগণ প্রস্থান করিলে পর রাধা বিস্তীর্ণ নবপল্লব শয্যার প্রতি বারম্বার নেত্র নিক্ষেপ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ দেখিলেন রাধিকার মন রসাবেশে পূর্ণ হইয়াছে, ঈষৎ লজ্জাভরে মন্মথাবেশ বর্দ্ধিত হওয়ায় হৃদয়ে নানা গূঢ় অভিপ্রায়ের আবির্ভাব হইতেছে, তাহাতে তাঁহার অধরদেশ স্ফীত ও মৃদুহাস্যে অভিষিক্ত হইতেছে। দেখিয়া তিনি বলিতে লাগিলেন। ১।

বিভাষ রাগ—একতালী তাল।

হে রাধিকা, নারায়ণ তোমার অনুগত হইয়াছেন তুমি তাঁহাকে কিয়ৎকালের জন্য ভজনা কর। হে কামিনি, প্রথমতঃ কিশলয়-শয্যাতলে চরণকমল বিনিবেশিত কর; এই কিশলয়-শয্যা তোমার পদপল্লবকে স্পর্শ করিয়া নানা সুবেশে সজ্জিত হইয়াছে, ইহা তোমার চরণ সংযোগে পরাভব দুঃখ অনুভব করুক। ১।

করকমলেন করোমি চরণমহমাগমিতাসি বিদূরং।
ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতিশূরং ॥২॥
বদনসুধানিধিগলিতমমৃতমিব রচয় বচনমনুকূলং।
বিরহমিবাপনয়ামি পয়োধররোধকমুরসি দুকূলং ॥ ৩ ॥
প্রিয়পরিরম্ভণরভসবলিতমিব পুলকিতমতিদুরবাপং।
মদুরসি কুচকলসং বিনিবেশয় শেষয় মনসিজতাপং ॥ ৪ ॥
অধরসুধারসমুপনয় ভামিনি জীবয় মৃতমিব দাসং।
ত্বয়ি বিনিহিতমনসং বিরহানলদগ্ধবপুষমবিলাসং ॥ ৫ ॥

হে ভামিনি, তুমি অনেক দূর হইতে আসিয়াছ। আইস, আমি আপন করকমলে তোমার পদসেবা করি। আমি নূপুরের ন্যায় সর্ব্বদা তোমার অনুগমন করিয়া থাকি, এবং তাহাতেই আপনাকে ভাগ্যবান্ মনে করিয়া থাকি; অতএব শয্যার উপর নূপুরের ন্যায় আমাকে গ্রহণ কর। ২।

তোমার বদনচন্দ্রমা হইতে অনুকূল বচন-পরম্পরা অমৃতের ন্যায় নিস্যন্দিত হউক, আমিও দুর্ব্বিবহ বিরহের ন্যায় কুচকলস-দ্বয়ের আবরণ-কারী বক্ষঃ-স্থিত বসন অপসারিত করি। ৩।

হে প্রিয়ে, তোমার যে কুচকলস অতি দুর্লভ, তাহা পুলকে পূর্ণ হইয়াছে, বোধ হইতেছে যেন প্রিয়ের আলিঙ্গনের আশায় উচ্ছলিত হইয়া উঠিয়াছে। তুমি আমার বক্ষোপরি এই কুচ-কলস বিনিবেশিত কর, মনসিজ তাপ বিদূরিত হউক। ৪।

হে কামিনি, তোমার দাস তোমাতেই আপন হৃদয় সমর্পণ করিয়া বিলাসাভাবে বিরহানলে দগ্ধ-কলেবর ও মৃতপ্রায় হইয়া রহিয়াছে; তাহার সমীপে অধর সুধা আনয়ন কর, হতভাগ্য জীবন লাভ করুক। ৫।

শশিমুখি মুখরয় মণিরসনাগুণমনুগুণকণ্ঠনিনাদং ।
শ্রুতিপুটযুগলে পিকরুতবিকলে শময় চিরাদবসাদং ॥ ৬ ॥
মামতিবিফলরুষা বিকলীকৃতমবলোকিতুমধুনেদং ।
মীলতি লজ্জিতমিব নয়নন্তব বিরম বিসৃজ রতিখেদং ॥ ৭ ॥
শ্রীজয়দেবভণিতমিদমনুপদনিগদিতমধুরিপুমোদং ।
জনয়তু রসিকজনেষু মনোরমরতিরসভাববিনোদং ॥ ৮ ॥
প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ নিবিড়াশ্লেষে নিমেষেণ চ
ক্রীড়াকূতবিলোকিতেঽধরসুধাপানে কথানর্ম্মভিঃ ।
আনন্দাধিগমেন মন্মথকলাযুদ্ধেঽপি যস্মিন্নভু-
দুদ্ভূতঃ স তয়োর্ব্বভুব সুরতারম্ভঃ প্রিয়ম্ভাবুকঃ ॥ ৯ ॥

হে শশিমুখি, তোমার কণ্ঠস্বরের অনুকারী মণিময় মেখলা মুখরিত হউক। বিরহাবস্থায় কোকিল-কূজিত-শ্রবণে আমার শ্রবণযুগল বিকল হইয়া রহিয়াছে, বহুকালের পর উহার অবসাদ দূর কর ।৬।

তুমি আমার প্রতি অকারণ কোপ করিয়া আমাকে বিকলপ্রায় করিয়াছ, এক্ষণে আমাকে অবলোকন করতঃ তোমার লোচন যুগল লজ্জায় নিমীলিত হইতেছে, আর কায নাই,- ক্ষান্ত হও, রতিবিষয়ে প্রতিকূলতাচরণ করিও না। ৭।

জয়দেব কবির এই সকল উক্তি প্রতি পদেই মধুরিপুর আনন্দময় ভাব প্রকাশ করিতেছে। ইহা দ্বারা রসিক জনের অন্তঃকরণে রতিরসভাবজনিত অনির্ব্বচীয় আনন্দ উৎপন্ন হউক। ৮।

শ্রীকৃষ্ণ গাঢ় আলিঙ্গন করিলে রোমাঞ্চ সে আলিঙ্গনের বিঘ্ন উৎপাদন করিতে লাগিল। রতিকেলিকালে যখন প্রিয়ামুখ দর্শনার্থে হৃদয় আকুল হইয়া উঠিল তখন চক্ষের পলক পড়িয়া তাহার বাধা জন্মাইতে লাগিল। অধর-সুধাপানের জন্য হৃদয়ের আবেগ উপস্থিত হইলে প্রিয়ার পরিহাস বাক্য তৎপক্ষে বিষম ব্যাঘাত উপস্থিত করিল। সুরতযুদ্ধ গাঢ়তর হইয়া উঠিলে পরমানন্দ সমুদ্ভূত হইয়া যুদ্ধের অবসান করিয়া তুলিল। এইরূপে সুরত কালে যতই বাধা উপস্থিত হইল পরিণামে তাহারা সকলে পরম প্রীতি প্রদান করিল। ৯।

দোর্ভ্যাং সংযমিতঃ পয়োধরভারেণাপীড়িতঃ পাণিজৈ-
রাবিদ্ধো দশনৈঃ ক্ষতাধরপুটঃ শ্রোণীতটেনাহতঃ ।
হস্তেনানমিতঃ কচেঽধরসুধাপানেন সম্মোহিতঃ
কান্তঃ কামপি তৃপ্তিমাপ তদহো কামস্য বামা গতিঃ ॥ ২ ॥
মারাঙ্কে রতিকেলিসঙ্কুলরণারম্ভে তয়া সাহস-
প্রায়ং কান্তজয়ায় কিঞ্চিদুপরি প্রারম্ভি যৎ সম্ভ্রমাৎ ।
নিষ্পন্দা জঘনস্থলী শিথিলিতা দোর্বল্লিরুৎকম্পিতং
বক্ষো মীলিতমক্ষি পৌরুষরসঃ স্ত্রীণাং কুতঃ সিদ্ধ্যতি ॥ ৩ ॥

কামের গতি কি বিচিত্র! লোকে আঘাত প্রাপ্ত হইলে বেদনা অনুভব করে, কিন্তু শ্রীকৃষ্ণ যদিও রাধিকার বাহুযুগলে গাঢ় নিষ্পিষ্ট, স্তনভার বহনে একান্ত আক্রান্ত, নখাঘাতে দারুণবিদ্ধ ও জঘন তাড়নে অত্যন্ত আহত হইলেন, যদিও দন্তাঘাতে তাঁহার অধর ক্ষত বিক্ষত হইল, যদিও রাধিকা দুই হস্তে কেশ ধারণ পূর্ব্বক তাঁহাকে আকর্ষণ লাগিলেন, যদিও অধরসুধাপানে তাঁহার মোহ উপস্থিত হইতে লাগিল, তথাপি তিনি অনির্ব্বচনীয় তৃপ্তি-লাভ করিতে লাগিলেন। ২।

রতি-কেলিরূপ গাঢ়যুদ্ধের আরম্ভে রাধিকা অসম-সাহসে ভর করিয়া শ্রীকৃষ্ণকে জয় করিবার জন্য তাঁহার বক্ষোপরি আরোহণ করতঃ যাহা আরম্ভ করিয়া ছিলেন তাহার গুরুতর পরিশ্রমে তাঁহার জঘনস্থলী নিষ্পন্দ হইল, বাহুলতা শিথিলিত হইয়া পড়িল, বক্ষঃ-স্থল উৎকম্পিত হইতে লাগিল, নয়নদ্বয় নিমীলিত হইল। রমণী কোথায় পুরুষ দিগের ন্যায় পৌরুষ রস ধারণ করিতে সমর্থ হই-য়াছে? ।৩।

মীলদ্দৃষ্টি মিলৎকপোলপুলকং শীৎকারধারাবশা-
দব্যক্তাকুলকেলিকাকুবিকসদ্দন্তাংশুধৌতাধরং।
শ্বাসোন্নদ্ধপয়োধরোপরিপরিষ্বঙ্গী কুরঙ্গীদৃশো-
হর্ষোৎকর্ষবিমুক্তিনিঃসহতনোর্ধন্যো ধয়ত্যাননং ॥ ৪ ॥
তস্যাঃ পাটলপাণিজাঙ্কিতমুরো নিদ্রাকষায়ে দৃশৌ
নির্ধৌতোঽধরশোণিমা বিলুলিতাঃ স্রস্তস্রজো মূর্দ্ধজাঃ।
কাঞ্চীদাম দরশ্লথাঞ্চলমিতি প্রাতর্নিখাতৈর্দৃশো-
রেভিঃ কামশরৈস্তদদ্ভুতমভূৎ পত্যুর্মনঃকীলিতং ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণই ধন্য। যেহেতু রাধিকার স্তন-যুগল যখন ঘন ঘন শ্বাস প্রশ্বাসে উন্নত হইয়া উঠিতেছিল সেই সময় তিনি সেই স্তন যুগলকে আলিঙ্গন করিলেন ; সুখাতিশয়ের আবির্ভাবে রাধিকার শরীর যখন অবশ হইয়া আসিতে লাগিল তখন বারম্বার তাহার মুখচুম্বন করিতে লাগিলেন। আহা সে মুখের কি অপূর্ব্ব শোভা ! নয়ন নিমীলিত হইয়া আসিতেছে, কপোল পুলকে পূর্ণ হইয়া আসিতেছে, দন্তাঘাতে অধরের যে ব্যথা হইয়াছে তাহার নিবারণার্থ বারম্বার ফুৎকার বাড়িতেছে, কেলি-জনিত সুখে যে আকুল অস্ফুট ধ্বনি উচ্চারিত হইতেছিল তাহাতে দন্তের শুভ্র কিরণ বহির্গত হইয়া অধরকে ধৌত করিতেছে। ৪।

রাধিকার বক্ষঃস্থল পাটল বর্ণ নখাঘাতে অঙ্কিত,—নয়নদ্বয় নিদ্রায় কষায়িত,—অধরের লোহিত বর্ণ নির্ধৌত,—কেশপাশ আলুলায়িত ও পুষ্পমালা-পরিশূন্য,—চন্দ্রহারের প্রান্তভাগ ঈষৎ শিথিলিত—কি আশ্চর্য্য ! প্রভাতে এই পাঁচটী মদনের পঞ্চশরের ন্যায় যদিও শ্রীকৃষ্ণের নয়ন যুগলে নিখাত হইল তথাপি তাঁহার অন্তঃকরণকে বিদ্ধ করিল। ৫।

ব্যালোলঃ কেশপাশস্তরলিতমলকৈঃ স্বেদলোলৌ কপোলৌ
ক্লিষ্টা দষ্টাধরশ্রীঃ কুচকলসরুচা হারিতা হারযষ্টিঃ ।
কাঞ্চী কাঞ্চিদ্ গতাশাং স্তনজঘনপদং পাণিনাচ্ছাদ্য সদ্যঃ
পশ্যন্তী সত্রপং মাং তদপি বিলুলিতস্রগ্ধরেয়ং ধিনোতি ॥৬॥
ইতি মনসা নিগদন্তং সুরতান্তে সা নিতান্তখিন্নাঙ্গী ।
রাধা জগাদ সাদরমিদমানন্দেন গোবিন্দং ॥ ৭ ॥

গীতং । ২৪ ।

রামকিরীরাগ-যতিতালাভ্যাং গীয়তে ।

কুরু যদুনন্দন চন্দনশিশিরতরেণ করেণ পয়োধরে ।
মৃগমদপত্রকমত্র মনোভবমঙ্গলকলসসহোদরে ॥
নিজগাদ সা যদুনন্দনে ক্রীড়তি হৃদয়ানন্দনে ॥ ১ ॥ ধ্রু ॥

তাঁহার কেশপাশ আলুলায়িত হইয়াছে—অলকাবলী চঞ্চল হইয়াছে—কপোলদ্বয় স্বেদজলে ব্যাপ্ত হইয়াছে—দংশনপ্রযুক্ত অধরের শোভা ম্লান হইয়া পড়িয়াছে—হারযষ্টি কুচকলস-শোভার নিকট পরাভব স্বীকার করিয়াছে—চন্দ্রহার কোন্ দিকে চলিয়া গিয়াছে—পুষ্পাভরণ দলিত হইয়াছে, তিনি লজ্জা নম্রভাবে আপনার স্তন ও জঘন প্রদেশ হস্ত দ্বারা আচ্ছাদন করিয়া আমাকে অত্যন্ত প্রীত করিতেছেন । ৬ ।

শ্রীকৃষ্ণ যখন মনে মনে এই সকল আন্দোলন করিতেছিলেন তখন সুরতাবসানে রাধা নিতান্ত ক্লান্ত-কলেবরা হইয়া গোবিন্দকে সাদরে সম্বোধন করতঃ পরমানন্দে এই সকল কথা বলিতে লাগিলেন । ৭ ।

হৃদয়ানন্দন যদুনন্দন সুরত-ক্রীড়া সম্পাদন করিলে পর রাধিকা তাঁহাকে এইরূপ বলিতে লাগিলেন—

হে যদুনন্দন আমার এই পয়োধরদ্বয় মদনের মঙ্গলকলস-সদৃশ, তুমি চন্দনাপেক্ষাও শীতলতর করদ্বারা ইহার উপরে মৃগমদ-পত্র রচনা কর । ১ ।

অলিকুলগঞ্জনসঞ্জনকং রতিনায়কশায়কমোচনে।
তদধরচুম্বনলম্বিতকজ্জলমুজ্জ্বলয় প্রিয় লোচনে ॥ ২ ॥
নয়নকুরঙ্গতরঙ্গবিকাশনিরাসকরে শ্রুতিমণ্ডলে।
মনসিজপাশবিলাসধরে শুভবেশ নিবেশয় কুণ্ডলে ॥ ৩ ॥
ভ্রমরচয়ং রচয়ন্তমুপরি রুচিরং সুচিরং মম সম্মুখে।
জিতকমলে বিমলে পরিকর্ম্ময় নর্ম্মজনকমলকং মুখে ॥ ৪ ॥
মৃগমদরসবলিতং ললিতংকুরু তিলকমলিকরজনীকরে।
বিহিতকলঙ্ককলং কমলানন বিশ্রমিতশ্রমশীকরে ॥ ৫ ॥
মম রুচিরে চিকুরে কুরু মানদ মানসজধ্বজচামরে।
রতিগলিতে ললিতে কুসুমানি শিখণ্ডিশিখণ্ডকডামরে ॥ ৬ ॥

হে প্রিয়তম, আমার মদনবাণ-ক্ষেপকর নয়ন-যুগল হইতে অলিকুল অপেক্ষাও অধিক কৃষ্ণবর্ণ যে কজ্জল তোমার অধর-চুম্বনে গলিত হইয়াছিল তাহা আবার উজ্জ্বল করিয়া দাও। ২।

হে সুন্দরবেশধারী, আমার যে শ্রুতি-মণ্ডলের আকার মদন-পাশের ন্যায় এবং যাহাতে নয়নকুরঙ্গের তরঙ্গ-বিকাশ পর্য্যবসিত হইয়াছে সেই শ্রুতিমণ্ডলে কুণ্ডলযুগল বিনিবেশিত কর। ৩।

আমার মুখ, কমল অপেক্ষাও সুন্দর এবং বিমল ; অলকাবলী উহার সম্মুখভাগে বহুক্ষণ পতিত হইয়া রুচির ভ্রমরাবলীর ন্যায় শোভা ধারণ করায় সখিগণ নানাপ্রকারে পরিহাস করিতেছে। অতএব তুমি উহা প্রসাধন করিয়া দাও। ৪।

হে কমলানন, আমার ললাট-চন্দ্র হইতে স্বেদবিন্দুসমূহ তিরোহিত করিয়া উহাতে কলঙ্করেখার ন্যায় মৃগমদ-রসনির্ম্মিত ললিত তিলক রচনা কর। ৫।

হে মানদ, মদনের রথের ধ্বজস্থিত চামরের ন্যায় এই চিক্কণ কেশপাশ রতিকালে গলিত হইয়া অতি ললিত ভাব ধারণ করিয়াছে ; উহা ময়ূরপুচ্ছের ন্যায় মনোহর, তুমি উহাতে পুষ্পরচনা কর। ৬।

সরসঘনে জঘনে মম শম্বরদারণবারণকন্দরে ।
মণিরসনাবসনাভরণানি শুভাশয় বাসয় সুন্দরে ।। ৭ ।।
শ্রীজয়দেববচসি জয়দে হৃদয়ং সদয়ং কুরু মণ্ডনে ।
হরিচরণস্মরণামৃতকৃতকলিকলুষজ্বরখণ্ডনে ।। ৮ ।।
রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলয়োঃ
ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চ স্রজা কবরীভরং ।
কলয় বলয়শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ ।।১।।
পর্য্যঙ্কীকৃতনাগনায়কফণাশ্রেণীমণীনাং গণে
সংক্রান্তপ্রতিবিম্বসম্বলনয়া বিভ্রদ্বিভুপ্রক্রিয়াং ।

সদাশয় ! আমার জঘনদ্বয় ঘন এবং সরস ; উহা মদনহস্তীর কন্দর সদৃশ ও অতিশয় সুন্দর। উহাতে মণিময় মেখলা, বসন ও আভরণ অর্পণ কর । ৭ ।

জয়দেব কবির জয়প্রদ বাক্য-পরম্পরা হরিচরণ-স্মরণরূপ অমৃত দ্বারা কলি-কলুষজ্বরের সন্তাপ বিনাশ করে, অতএব উহা লোকের ভূষণ স্বরূপ। এই বাক্য-পরম্পরা শ্রবণার্থ তোমাদের হৃদয় উৎসুক হউক। ৮।

আমার কুচদ্বয়ে পত্র রচনা কর, কপোলদ্বয়ে চিত্র রচনা কর, জঘনদেশে মেখলা বিন্যাস কর, মনোহর পুষ্পমালা দ্বারা কেশপাশ বন্ধন কর, হস্তে বলয় শ্রেণী ও পদে নূপুরশ্রেণী সংযোজিত কর। রাধিকা এই সকল কথা বলিলে পীতাম্বর প্রীত হইয়া তাহাই করিয়া দিলেন। ১।

শ্রীকৃষ্ণ নাগ-নায়কের ফণা শ্রেণীতে পর্য্যঙ্ক-রচনা করিয়া তদুপরি শয়ন করিয়া আছেন, ফণাস্থিত মণিসমূহে তাঁহার শরীরের প্রতিবিম্ব পতিত হওয়ায় তিনি যে বিভু অর্থাৎ সর্ব্বমূর্ত্তি-

পাদাম্ভোরুহধারিবারিধিসুতামক্ষ্ণাং দিদৃক্ষুঃ শতৈঃ
কায়ব্যূহমিবাচরন্নুপচিতীভূতো হরিঃ পাতু বঃ ॥ ২ ॥
ত্বামপ্রাপ্য ময়ি স্বয়ম্বরপরাং ক্ষীরোদতীরোদরে
শঙ্কে সুন্দরি কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানীপতিঃ।
ইত্থং পূর্ব্বকথাভিরন্যমনসো নিক্ষিপ্য বক্ষোঽঞ্চলং
পদ্মায়াস্তনকোরকোপরিমিলন্নেত্রো হরিঃ পাতু বঃ ॥ ৩ ॥
যদ্গান্ধর্ব্বকলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্বৈষ্ণবং
যচ্ছৃঙ্গারবিবেকতত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতং।
তৎ সর্ব্বং জয়দেবপণ্ডিতকবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ ॥ ৪ ॥

সংযোগী তাহার প্রমাণ হইতেছে : বোধ হইতেছে যেন তিনি পাদপদ্মধারিণী লক্ষ্মীদেবীকে শত চক্ষে দর্শন করিবার জন্য কায়-ব্যূহ রচনা করিয়া বর্দ্ধিত হইয়াছেন। হরি এই অবস্থায় অবস্থান করিয়া তোমাদিগকে রক্ষা করুন। ২।

হে সুন্দরি, তুমি যখন ক্ষীরোদ-সমুদ্রতীরে স্বয়ম্বরা হইয়া আমাকেই মালা অর্পণ করিলে তখন মূঢ় ভবানীপতি তোমাকে না পাইয়াই যেন কালকূট পান করিয়াছিল : এই প্রকার পূর্ব্ব কথা স্মরণ করিয়া দিলে লক্ষ্মী যখন অন্যমনস্ক হইলেন, তখনই নারায়ণ তাঁহার বক্ষস্থলের অঞ্চল অপসারিত করিয়া অনিমিষ-নয়নে স্তনদ্বয় অবলোকন করিতে লাগিলেন। এই অবস্থায় অব-স্থিত হরি তোমাদিগকে রক্ষা করুন। ৩।

পণ্ডিত এবং কবি জয়দেব গোস্বামির মন শ্রীকৃষ্ণে এক-তান। তিনি যে গীত গোবিন্দ রচনা করিয়াছেন তাহা হইতে পণ্ডিতগণ আনন্দ সহকারে নৃত্য-গীতাদি-কলায় কৌশল, শ্রীকৃ-ষ্ণের অনুধ্যান, শৃঙ্গার বিবেক তত্ত্ব, এবং কাব্যরচনার প্রণালী শিক্ষা করুন। ৪।

সাধ্বী মাধ্বীক চিন্তা ন ভবতি ভবতঃ শর্করে কর্করাসি
দ্রাক্ষে দ্রক্ষ্যন্তি কে ত্বামমৃত মৃতমসি ক্ষীর নীরং রসস্তে ।
মাকন্দ ক্রন্দ কান্তাধর ধরণিতলং গচ্ছ যচ্ছন্তি যাব-
ত্তাবং শৃঙ্গারসারস্বতমিহ জয়দেবস্য বিষ্বগ্বচাংসি ।। ৫ ।।
শ্রীভোজদেবপ্রভবস্য বামাদেবীসুতশ্রীজয়দেবকস্য
পরাশরাদিপ্রিয়বন্ধুকণ্ঠে শ্রীগীতগোবিন্দকবিত্বমস্তু ।। ৬ ।।

ইতি শ্রীজয়দেবকৃতৌ গীতগোবিন্দে মহাকাব্যে সুপ্রীত-
পীতাম্বরো নাম দ্বাদশঃ সর্গঃ ।। ১২ ।।

সমাপ্তমিদং কাব্যং ।

যতদিন পর্য্যন্ত জয়দেবের বচন-পরম্পরা চতুর্দ্দিকে শৃঙ্গার-সারস্বত ভাব বিতরণ করিতেছে, ততদিন হে মধু, তোমার চিন্তায় আর মধুরতা নাই ; হে শর্করা, তুমি কঙ্কর হইয়াছ ; হে দ্রাক্ষা, তোমায় আর কে দেখিবে ; হে অমৃত, তুমি মৃত হইয়াছ ; হে ক্ষীর, তোমার রস নীরের ন্যায় হইয়া গিয়াছে ; হে সহকার, তুমি ক্রন্দন কর ; হে কান্তাধর, তুমি ধরণিতলে গমন কর । ৫ ।

ভোজদেবের ঔরসে বামাদেবীর গর্ভজাত পুত্র জয়দেব কবির গীতগোবিন্দ কাব্য পরাশরাদি প্রিয় বন্ধুগণের কণ্ঠে অবস্থিতি করুক । ৬ ।

ইতি গীতগোবিন্দ মহাকাব্যে স্বাধীনভর্ত্তৃকাবর্ণনে সুপ্রীত পীতাম্বর নামক দ্বাদশ সর্গ ।

সম্পূর্ণ ।

শ্রীপূজারিগোস্বামিকৃতটীকা।

——॰॰॰——

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥ শ্রীচৈতন্যকৃপাশীধুকণোন্মত্তেন কেনচিৎ। টীকা সংগৃহ্যতে গীতগোবিন্দস্য সমাসতঃ ॥ স্বয়ং বোদ্ধুমভিপ্রায়ং জয়দেবমহামতেঃ। ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধিনী ॥ অত্র ব্যাকরণাদীনাং গ্রন্থবাহুল্যভীতিতঃ। বিবৃতির্ন কৃতা সা তু জ্ঞেয়া গ্রন্থান্তরে বুধৈঃ ॥ বক্তব্যো বালবোধিন্যাং শব্দার্থঃ শব্দবেদিভিঃ। ভাবার্থদীপিকায়াঞ্চ ভাবো ভাবার্থলোলুপৈঃ ॥ অথ শ্রীরাধামাধবয়োর্বিজনকেলিবর্ণনময়ং শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধমারভমাণস্তত্র তয়োঃ সর্ব্বোত্তমতাং নিশ্চিন্বানঃ শ্রীমান্ জয়দেবনামা কবিরাজস্তমালতমঃপুঞ্জকুঞ্জসদনাদ্বহিঃস্থিতয়োস্তত্র প্রবেশায়গদিতশ্রীরাধিকাসখীবচনমনুস্মরন্ তদেব মঙ্গলমাচরতি তদ্বর্ণনময়ত্বাৎ প্রবন্ধোঽয়ং মঙ্গলরূপ ইতি চ তং বিজ্ঞাপয়তি মেঘৈরিতি। শ্রীরাধামাধবয়োঃ রহঃ কেলয়ো জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বেন সর্ব্বাবতারেভ্যঃ শ্রেষ্ঠত্বাৎ শ্রীরাধিকায়াশ্চ সর্ব্বলক্ষ্মীময়ত্বেনাস্য সর্ব্বপ্রেয়সীভ্যশ্চ শ্রৈষ্ঠ্যাৎ। যথোক্তং সূতেন এতেচাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং ইতি। তথাচ বৃহদ্গৌতমীয়ে। দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বস্যান্তঃসংমোহিনী পরেতি। অতএবামুং মমোদ্যমং বিঘ্নান্ বিধূয় সংপাদয়িষ্যন্তীত্যর্থঃ। ভগবতঃ স্বরূপশক্তিবৃত্তিবিশেষত্বাৎ কেলীনাং জয়কর্ত্তৃত্বং যুক্তমেব। উৎকর্ষপ্রতিপত্তিরেব জয়তেরর্থঃ। সর্ব্বোৎকর্ষপ্রতিপত্ত্যাবকর্ম্মকঃ। জয়তি রঘুবংশতিলক ইতিবৎ। ক্বজয়ন্তি যমুনাকূলে কিং লক্ষ্যীকৃত্য প্রত্যধ্বকুঞ্জদ্রুমং কুঞ্জেনোপলক্ষিতো দ্রুমঃ কুঞ্জদ্রুমঃ অধ্বনঃ কুঞ্জদ্রুমোঽধ্বকুঞ্জদ্রুমস্তং লক্ষ্যীকৃত্য তত্রেত্যর্থঃ। কীদৃশয়োঃ ইত্থমনেনপ্রকারেণ নন্দনিদেশতঃ নন্দনিদেশতঃ ইতি নন্দঃ নন্দশ্চাসৌনিদেশশ্চেতি নন্দনিদেশঃ শ্রীরাধিকাসখীবচনং তস্মাচ্চলিতয়োঃ নিদেশমেবাহ হে রাধে যতোঽসৌ নক্তং পূর্ব্বরাত্রে ভীরুঃ ত্বাং বিহায়ান্যাভিঃ কৃতাপরাধতয়া ভীতঃ ত্বৎকৃতবহুনায়িকা-

বল্লভতারোপণাশঙ্কী তস্মাত্ত্বমেবেমং ত্বন্নিমিত্তানুভূতমর্ম্মব্যথং শ্রীকৃষ্ণং গৃহং মঞ্জুতরেতিবক্ষ্যমাণকেলিসদনং প্রাপয় পুরঃ কেলিসদনমনুসরন্তী এষা কেলিসদনপ্রাপ্তাবনুকূলা ভবেতি। অথবা ত্বমেবেমংগৃহং প্রাপয় গৃহস্থং কুরু ত্বয়ৈবায়ং গৃহিণীমানস্তিত্যর্থঃ এবকারেণ সমবধারণেন অস্যৈব ভার্য্যাভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরেতি কুণ্ডিনবাসিজনানাং রুক্মিণীদেবীং প্রতি আশীর্ব্বচনমিব অস্য ভার্য্যা ভবেত্যাশীঃ সূচিতা। ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে ইত্যুক্তেঃ। জ্যোৎস্নাবত্যামস্যাং জনাকুলায়াং ময়া কথমসৌ প্রবেশনীয়স্তত্র সময়ানুকূলামাহ মেঘৈরম্বরমা-কাশং মেদুরং স্নিগ্ধং আচ্ছাদিতমিত্যর্থঃ। তস্য প্রিয়ামিলনেচ্ছো-স্তুতমেঘাবৃতশ্চন্দ্র ইত্যর্থঃ। বনভুবশ্চ তমালদ্রুমৈঃ শ্যামা নিবিড়ান্ধকারেণ নৈব লক্ষিতাঃ ততোঽত্র ন কাপি শঙ্কেত্যর্থঃ। এদনন্তরমেবৈতল্লীলাবসরে সাপীদং বক্ষ্যতি অক্ষোর্নিক্ষিপদঞ্জনমিত্যাদিনা ততো বিশনবনং চন্দ্রজ্যো-ৎস্না যাবদ্বিভাব্যতে। তমঃ প্রবিষ্টমালক্ষ্য ততো নিবর্ত্তুঃ স্ত্রিয় ইতি শ্রীশুকোক্তিবৎ॥ জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে ইতি কাব্যপ্রকাশোক্তেন নমস্ক্রিয়া সূচিতা। শ্রীরাধামাধবয়োরহঃকেলয়োঽত্র প্রতিপাদ্যাঃ অতো বস্তুনির্দ্দেশোঽপি। এবং পক্ষত্রয়প্রতিপাদনৈর্মহাকাব্যমুখ্যত্বমুক্তং কাব্যাদর্শে সর্গবন্ধংমহাকাব্যমুচ্যতে তস্য লক্ষণং। আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশো বাপি তন্মুখমিতি। রাধামাধবয়োরিত্যনেন তয়োরন্যো-ন্যাব্যভিচারিবিদ্যোতমানতা সূচিতা। যথোক্তং ঋক্পরিশিষ্টে রাধয়া মাধবো দেবো মাধবেনৈবরাধিকা ইত্যাদি। রাধামাধবয়োরিত্যত্র সমাসেন তয়োঃ পারস্পরিকবিদ্যোতমানতা চ ব্যজ্যতে। শৃঙ্গাররসপ্রধানং হি কাব্যং শৃঙ্গাররসে স্ত্রিয়াএবপ্রাধান্যং ইতি শ্রীরাধায়াঃ প্রাঙ্নির্দ্দেশঃ ।১।

এবমাদ্যৈকপদসূচিতকেলিস্ফুরণোপস্থাপিতানন্দপূরপ্লাবিতান্তঃকরণতয়া উদাৎকারুণ্যোনাধুনিকভক্তজনানুগ্রহপরবশঃ সন্ কবিরেতদ্বাক্যীকরণায় প্রবন্ধেনানুসংদধদাত্মনস্তৎসামর্থ্যং সমর্থয়ন্নাহ বাগ্দেবতেতি। জয়ং সর্ব্বোৎকৃষ্টং শ্রীকৃষ্ণং দ্যোতয়তি স্বভক্ত্যা প্রকাশয়তীতি জয়দেবঃ অতঃ স এব কবিস্তদ্বর্ণনকর্ত্তা এতৎ শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধং প্রকর্ষেণ বিধ্যতে শ্রোতৄণাং হৃদয়মস্মিন্নিতি প্রবন্ধস্তং করোতি প্রকাশ-য়তি। শ্রোতৃহৃদয়বন্ধনশক্তিরস্যকথং স্যাদিত্যাহ শ্রীরত্র রাধা বস্তু বংশেন

দিব্যতীতি বসুদেবোহি শ্রীনন্দঃ দ্রোণো বসূনাং প্রবর ইত্যুক্তেঃ তস্যাপত্যং বাসুদেবঃ শ্রীকৃষ্ণ স্তয়োর্যাঃ কেলিকথাস্তাভিঃ সহিতং তল্লীলাবিশেষরূপবর্ণনমিত্যর্থঃ। এবঞ্চেত্তৎ কথময়ং তৎকর্ত্তুং শক্নুয়াদত আহ বাচাং বক্তব্যত্বেনোপস্থিতানাং তৎকেলিময়ীনাং দেবতা বক্তা প্রবর্ত্তকশ্চ শ্রীকৃষ্ণস্তচ্চরিতেন চিত্ররূপেণ লিখিতং চিত্তরূপং সদ্ম গৃহং যস্য সঃ ইন্দ্রিয়শক্তির্দেবতাধীনা নিজেষ্টদৈবতং বাগ্‌দেবতাত্বেন নিরূপিতমতএব তৎকর্ত্তৃত্বং তত্রৈব পর্য্যবস্যেৎ তথাচ চিত্তস্য ফলকত্বেন চরিত্রস্য চিত্রবিশেষত্বনিরূপণাদ্যথা চিত্রবিশেষ ফলকমধিষ্ঠায় স্বয়মেব প্রকাশয়তি তথাত্রাপীত্যর্থঃ। এবং বাচাং মনসশ্চ মাধবপরতোক্তা। এতাবতাপি কথং তচ্ছক্তিরতঃ কায়িকব্রত্তেঃ শ্রীরাধায়াঃ পরত্বমাহ পদ্মং করে বিদ্যতে যস্যাঃ সা পদ্মাবতী শ্রীরাধা শরাবত্যাদীনামিত্যাদিগ্রহণাদ্দীর্ঘঃ তস্যাশ্চরণয়োর্নিমিত্তভূতয়োরেব চারণচক্রবর্ত্তী নর্ত্তকশ্রেষ্ঠঃ নৃত্যাদিনা সদা তদারাধনতৎপর ইত্যর্থঃ অনেন তৎপ্রধানোপাসনাত্মনো দর্শিতা ॥ ২ ॥

এবমাত্মনস্তদ্যোগ্যতামাপাদ্য সিদ্ধেঽপি প্রতিজ্ঞাতেঽর্থে হৃদ্যবিনোদকত্বাভাবাৎ কদাচিম্মন্দজনাঃ শ্রদ্ধাং ন দধ্যুরিত্যধিকারিণোঽপি নিশ্চিম্বন্নাহ যদীতি। ভো ভক্তজন যদি হরিস্মরণে শ্রীকৃষ্ণানুচিন্তনে মনঃ সরসং স্নিগ্ধং যদি চ বিলাসস্য রাসকুঞ্জাদিলীলায়াঃ কলাসু বৈদগ্ধীচারুচেষ্টাসু কুতূহলং কৌতুকমস্তি তদা জয়দেবকবেঃ সরস্বতীং শৃণু কেষাঞ্চিৎ সামান্যস্মরণমাত্রে কেষাঞ্চিদ্বিশিষ্টরাসকুঞ্জাদিলীলাবকলনে ইত্যুভয়োরুপাদানং। কীদৃশ্যাসৌ যস্যা এবাধিকারিণোঽপি নিশ্চনোমীত্যাহ শৃঙ্গাররসপ্রাধান্যান্মধুরা ঝটিত্যর্থাবগতেঃ কোমলা গেয়ত্বাৎ কান্তা কমনীয়পদা পদাবলী পদশ্রেণী যস্যাস্তাং। এভিঃ পদ্যৈঃসম্বন্ধাভিধেয়প্রয়োজনাধিকারিণোঽপি দর্শিতাঃ। রাধামাধবয়োরতঃ কেলয়োঽত্রাভিধেয়াঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ তৎকেলীনামনুমোদনজনিতানন্দানুভবঃ প্রয়োজনং এতদ্রসভাবিতান্তঃকরণোঽধিকারী ॥ ৩ ॥

অথৈতদাবেশেনৈবান্যত্র প্রাকৃতবর্ণনপ্রায়তামালোক্যাত্মনঃ প্রৌঢ়িমাবিষ্কুর্ব্বন্নাহ বাচ ইতি। উমাপতিধরনামা কবিঃ বাচঃ পল্লবয়তি বিস্তারয়তিমাত্রং ন কাব্যগুণযুক্তাঃ করোতি পল্লবগ্রাহী দোষোঽস্য। শরণনামা কবিঃ দুরূহস্য কাব্যস্য দ্রুতে শীঘ্ররচনে শ্লাঘ্যঃ নতু প্রসাদা-

দিগুণযুক্তে ।শৃঙ্গার এবোত্তরঃ শ্রেষ্ঠো যত্র তস্য সৎপ্রমেয়স্য সামান্যনায়ক-নায়িকাবর্ণনস্য রচনৈরাচার্য্যগোবর্দ্ধনস্য স্পর্দ্ধাবান্ কোঽপি ন বিশ্রুতঃ নরসান্তরবর্ণনৈঃ। ধোয়ীনামা কবিরাজঃ শ্রুতিধরঃ প্রসিদ্ধঃ শ্রবণমাত্রেণ গ্রন্থাধিকারী নতুস্বয়ং কবিতয়া। গিরাং শুদ্ধিং শোধনপ্রকারং জয়দেব এব জানীতে কেলভগবদ্‌গুণবর্ণনরূপং তদ্বাগিবসর্গো জনতাঘবিপ্লব ইত্যুক্তেঃ। অথ বা দৈন্যোক্তিরিয়ং যথা গিরাং সন্দর্ভশুদ্ধিং কিং জয়দেব এব জানীতে ন জানীত এব যত্র উমাপতিধরঃবাচঃ পল্লবয়তি শরণো দুরূহদ্রুতে শ্লাঘাঃ গোবর্দ্ধনাচার্য্যস্য তুল্যো নাস্ত্যেব ধোয়ীতু কবীনাং রাজা শ্রুতিধরশ্চ। যদ্যপি স্বয়ং দৈন্যেনৈবমুক্তং তথাপি সরস্বতী পূর্ব্বার্থমেব প্রমাণয়তি ॥ ৪ ॥

অথ তৎকেলীনাং সর্ব্বোৎকর্ষপ্রতিপাদনায়াদৌ সর্ব্বরসাশ্রয়স্য শ্রীকৃষ্ণস্য মৎস্যাদ্যবতারত্বেন সর্ব্বরসাধিষ্ঠাতৃত্বখিলনায়কশিরোরত্নতাং প্রতিপাদযন্ সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তি প্রলয়েত্যাদিনা বসন্তে বাসন্তী-তান্তেন। গীতস্যাস্য মালবরাগো রূপকতাল ইত্যাহ মালবেতি। তস্যলক্ষণং যথা নিতম্বিনী চুম্বিতবক্ত্রবিম্বঃ শুভদ্যুতিঃ কুণ্ডলবান্ প্রমত্তঃ। সঙ্গীতশালাং প্রবিশন্ প্রদোষে মালাধবো মালবরাগবাজঃ। বিরামান্তদ্রুতং দ্বন্দ্বং রূপকঃস্যাদ্বিলক্ষণইতি। কেশব ইতিকেশিদৈত্যনিসূদন শ্রীকৃষ্ণ জয় সর্ব্বো-ৎকর্ষমাবিষ্কুরু তদাবিষ্করণসামর্থ্যহেতুঃ হে জগদীশ জগতাংপ্রকৃতানামীশ তথাবিধত্বেঽপি কারুণ্যমাহ হবেহরতি ভক্তানামশেষক্লেশমিতি হরিঃ হে তথাবিধ তৎক্লেশহরত্বং তদেকপ্রয়োজনমাত্রাবতারত্বেন প্রতিপাদয়তি তত্রা-দৌমীনরূপেণ নৌকারূপপৃথিব্যাকর্ষণেনাহ প্রলয়েতি। ধৃতং স্বেচ্ছয়াবিষ্কৃতং মৎস্যাকারং শরীরং যেন হে তথাবিধ জয়। জয় জগদীশহরে ইত্যেবধ্রুবপদং প্রতিপদমনুবর্ত্তমানত্বাৎ যথোক্তং ধ্রুবত্বাচ্চ ধ্রুবঃপ্রোক্ত আভোগশ্চান্তিমে মত ইতি। তদাকর্ষণপ্রকারমাহ প্রলয়কালীনা যে সমুদ্রাস্তেষামেকীভূতে জলে মগ্নং বেদং অখেদং যথা স্যাত্তথা ধৃতবানসি তৎপ্রকারমাহ কৃতং নৌকায়াশ্চরিত্রং যত্র তৎ ইত্যপি ক্রিয়াবিশেষণং সত্যব্রতংপ্রলয়ক্লেশাদপা-দিত্যর্থঃ। অনেনৈব মীনস্য বীভৎসরসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং ॥ ১ ॥

ন কেবলং তদাকর্ষণমাত্রেণ অপি তু তদ্ধারণপূর্ব্বকস্থিত্যাপীত্যাহ ক্ষিতিরিতি। সর্ব্বত্র পূর্ব্ববম্মুখবন্ধযোজনা। হে ধৃতকচ্ছপরূপ তব পৃষ্ঠে ক্ষিতিস্তিষ্ঠতি ননু পঞ্চাশৎকোটিযোজনবিস্তীর্ণায়া মমপৃষ্ঠে স্থিতিঃ

কথং স্যাদিত্যত্রাহ অতিশয়েন বিপুলতরে পৃথ্যপেক্ষয়াপ্যধিকবিস্তীর্ণে পুনঃ কীদৃশে ধরণ্যা ধারণেন যৎ কিণচক্রং শুষ্কব্রণসমূহস্তেন কঠিনে অনেনৈব কূর্ম্মস্যাদ্ভুতরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং। কিণঃ শুষ্কব্রণেঽপি চেতি ত্রিকাণ্ডশেষঃ ॥ ২ ॥

ন চৈতাবতৈবোদ্বহনপূর্ব্বোদ্গমনেনাপীত্যাহ। হে ধৃতশূকররূপ তব দন্তাগ্রে ধরণী লোকধারণকর্ত্র্যপি লগ্না বসতি কুত্র কেব শশিনি চন্দ্রে নিমগ্না কলঙ্কস্য কলেব অত্র দশনস্য বালচন্দ্রেণোপমা ধরণ্যাঃ কলঙ্ককলয়া অতএব নিমগ্নশব্দোপাদানাৎ অনেনৈব বরাহস্য ভয়ানকরসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং ॥ ৩ ॥

নাত্মনঃ ক্লেশসহনমাত্রেণ পরপীড়য়াপীত্যাহ। হে ধৃতনরহরিরূপ তব করকমলবরে নখমস্তি কীদৃশং আশ্চর্য্যীভূতং শৃঙ্গমগ্রভাগো যস্য তাদৃশং অদ্ভুতত্বমেবাহ বিদারিতো হিরণ্যকশিপো দৈত্যস্য তনুরূপভৃঙ্গো যেন তৎ অন্যদ্ধি কমলাগ্রং ভৃঙ্গেণ দল্যতে ইদন্তু কমলাগ্রং ভৃঙ্গং বাদারীদিত্যদ্ভুতশৃঙ্গত্বং নখস্যেত্যর্থঃ। বিষাণোৎকর্ষয়োশ্চাগ্রে শৃঙ্গং স্যাদিতি বিশ্বঃ। অনেনৈব শ্রীনৃসিংহস্য বৎসলরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৪ ॥

অপি চ কপটদৈন্যাদিনাপীত্যাহ। হে ধৃতবামনরূপ হে অত্যদ্ভুতবামন বিক্রমণে পদাক্রমণনিমিত্তমুপাদায় বলিং বঞ্চয়সি পদনখনীরেণ জনিতং জনানাং পাবিত্র্যং যেন হে তাদৃশ জয় এতদদ্ভুতত্বং। অনেনৈব বামনস্য সখ্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৫ ॥

ন স্বকৃতমাত্রপরপীড়য়াঽস্বকৃতংপীড়য়াপীত্যাহ। হে ভৃগুপতিরূপ ক্ষত্রিয়াণাং যদ্রুধিরং তন্ময়ে পয়সি জলে জলরূপে কুরুক্ষেত্রস্থতীর্থে জগৎ প্রাণিমাত্রং অপগতপাপং যথা স্যাত্তথা স্নপয়সি কীদৃশং তেন স্নপনেন শমিতঃ সংসারতাপো যস্য তাদৃশং তৎস্নানেন পাপক্ষয়াৎ জ্ঞানোৎপত্ত্যা উত্তাপশান্তিরিত্যর্থঃ। অনেনৈব পরশুরামস্য রৌদ্ররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৬ ॥

নচৈতাবতা প্রিয়াবিয়োগাদিদুঃখসহনেনাপীত্যাহ। হে ধৃতরঘুপতিরূপ সংগ্রামে দশসু দিক্ষু রাবণস্য যে মস্তকাস্ত এবোপহারস্তং দদাসি কিমিত্যচেতনাসু দিক্ষু বলিদানং দিশাং পতীনামিন্দ্রাদীনামভীষ্টং তৈরপিকথং

স বলিঃ কাঙ্ক্ষ্যতে রমণীয়ং পবোদ্বেজকস্য রাবণস্য মৌলিবলি স্তেষাং রতিজনকইত্যর্থঃ। অনেনৈব শ্রীরামস্য করুণরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৭॥

নৈতাবন্মাত্রং স্বপ্রেয়সীশ্রমরূপক্লেশাপনোদনায়াত্মভক্তযমুনাকর্ষণা-দিনাপ্যাহ হে হলধররূপ ত্বং শুভ্রে বপুষি জলদবন্নীলং বসনং ধারয়সি তদ্রোৎপ্রেক্ষ্যতে হলেন হতি র্হননং তদ্ভীত্যা মিলিতা যমুনা তদ্বদাভা যস্য তৎ অনেনৈব শ্রীহলধরস্য হাস্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং॥ ৮ ॥

কিঞ্চ নিজাজ্ঞারূপবেদবিরুদ্ধবাদপ্রবর্ত্তনেনাপীত্যাহ। ত্বং যজ্ঞবিধের্যজ্ঞবিধায়কবেদবাক্যসমূহং নিন্দসীত্যহহেত্যস্ত্ তং স্বয়ং বেদানপ্রকাশ্য স্বয়মেবনিন্দসীত্যদ্ভুতত্বং দর্শিতং পশূনাংঘাতো যত্র তদ্যথা স্যাত্তথা কথং নিন্দসীত্যাহ পশুষু সদয়ং হৃদয়ং যস্য হে তাদৃশ অহিংসাপরমোধর্ম্ম ইত্যাদিনা দৈত্যমোহনায় পশুষু দয়াসহিতইত্যর্থঃ অহেঃপয়ঃ পোষ ইব দৈত্যানাং যজ্ঞকরণমনুচিতমিতি তন্মোহনং যুক্তমিত্যর্থঃ। অনেনৈব বুদ্ধস্য শান্তরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৯ ॥

যুদ্ধধর্ম্মং বিনা প্রাণিবধেনাপীত্যাহ। হে ধৃতকল্কিশরীর ত্বং ম্লেচ্ছনিবহস্য নাশনিমিত্তং করবালং খড়্গং কলয়সি কলিহল্যোঃ কামধেনু-ত্বাদ্ধারয়সি কীদৃশং কিমপি অনির্ব্বচনীয়ং অতিশয়মিত্যর্থঃ করালং ভয়ঙ্করং কিমপি ধূমকেতুনামা য ঔৎপত্তিকো গ্রহস্তমিব অনেনৈব কল্কিনো বীররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ১০ ॥ [এবং প্রত্যেকৈকাঙ্গরসাধিষ্ঠাতৃপুর-স্কারেণ নিবেদ্য সমুদিতাঙ্গরসাধিষ্ঠাতৃপুরস্কারেণ নিবেদয়তি হে দশবিধরূপ শ্রীকৃষ্ণ জয়। জয়দেবকবের্ম্মেদমুদিতং শৃণু কীদৃশং শুভদং জগন্মঙ্গল-প্রদং যত্তদবতারাণাং জন্মনঃসারং আবির্ভাবরহস্যং যত্র তৎ অতএবোদারং পরমং মহত্তরং সুখদং পরমানন্দপ্রদং জন্মগুহ্যমিতি শ্রীসূতোক্তেঃ ॥ ১১ ॥

অথ বর্ত্তমানপ্রত্যৈরবতারাণাং তত্তল্লীলানামপি নিত্যত্বং প্রতিপাদনেন শ্রীকৃষ্ণস্যনিত্যতত্তদবতারলীলত্বং বক্তুং উক্তগীতার্থমেকশ্লোকেন বিবৃণ্বন্নাহ বেদানিতি দশাবতারান্ কুর্ব্বতে শ্রীকৃষ্ণায় সর্ব্বাকর্ষণানন্দায় তুভ্যং নমোঽস্তু দশাকৃতিকৃতত্বংপ্রকটয়ন্নাহ মীনরূপেণ বেদোদ্ধারণংকুর্ব্বতে কূর্ম্মরূপেণ ভুবনানি বহতে বরাহরূপেণ পৃথিবীমণ্ডলমূর্দ্ধং নয়তে নৃসিংহরূপেণ হিরণ্য-কশিপুং দারয়তে বামনরূপেণ বলিং ছলয়তে ছলেন ছদ্মনাত্মসাৎকুর্ব্বতে পরশুরামরূপেণ দুষ্টক্ষত্রিয়াণাং নাশং কুর্ব্বতে শ্রীরামরূপেণ রাবণং জয়তে

বলভদ্ররূপেণ দুষ্টদমনায় হলং ধারয়তে বুদ্ধরূপেণ কারুণ্যং বিস্তারয়তে কল্কিরূপেণ ম্লেচ্ছান্নাশয়তে এতেষামবতারিত্বেন শ্রীকৃষ্ণস্য সর্ব্বরসত্বং সিদ্ধং। মল্লানামশনির্নৃণামিত্যাদ্যুক্তেঃ অতএব একাদশভিঃ পদৈঃ সমাপ্তিঃ। বুদ্ধো নারায়ণোপেন্দ্রৌ নৃসিংহো নন্দনন্দনঃ। বলঃ কূর্ম্মস্তথা কল্কী রাঘবো ভার্গবঃ কিরিঃ। মীন ইত্যেতাঃ কথিতাঃ ক্রমাদ্দ্বাদশদেবতাঃ। ইতি ভক্তিরসামৃতসিন্ধৌ রসাধিষ্ঠাতারঃ ॥ ১ ॥

অথ তেনৈব সর্ব্বোপাস্যত্বেঽপি ধ্যেয়বিশেষত্বং বদন্ ভূয়ঃ শ্রীকৃষ্ণস্য সর্ব্বনায়কশিরোবর্ত্তিতাপ্রতিপাদনায়, ধীরোদাত্তত্বাদিচতুর্ব্বিধগুণসমন্বয়েন সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তে শ্রিতকমলেত্যাদিভিঃ। গীতস্যাস্য গুর্জ্জরীরাগো নিঃসারতালঃ। তল্লক্ষণং যথা শ্যামা সুকেশী মলয়দ্রুমাণাং মৃদুল্লসৎপল্লবতল্পযাতা। শ্রুতেঃ স্বরাণাং দধতী বিভাগং তন্ত্রীমুখাদ্দক্ষিণগুর্জ্জরীয়ং। দ্রুতদ্বন্দ্বাল্লঘুদ্বন্দ্বং নিঃসারঃ স্যাদিতি। তত্র পরমব্যোমনাথত্বেন ধীরললিতত্বমাহ শ্রিতমাশ্রিতং লক্ষ্ম্যাঃ কুচমণ্ডলং যেন হে তাদৃশ অনেন বিদগ্ধত্বপরিহাসবিশারদত্বপ্রেয়সীবশত্বনিশ্চিন্তত্বানি সূচিতানি অতএব ধৃতে কুণ্ডলে যেন হে তাদৃশ ধৃতা সুন্দরী বনমালা যেন হে তাদৃশ অনেন বিশেষণদ্বয়েন নবতারুণ্যত্বং তেনৈব বেশবিন্যাসসিদ্ধেঃ। হে দেব হে হরে জয় উৎকর্ষমাবিষ্কুরু ইতি সর্ব্বত্রযোজনা নিষ্পাদ্যা স্বরেণ জয় জয়দেব হরে ইতি ধ্রুবপদং। বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ। নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশ ইত্যপি তত্রৈব ধীরললিতলক্ষণং ॥ ১ ॥ অথ সূর্য্যমণ্ডলান্তর্ধ্যেয়ত্বেন ধীরশান্তত্বমাহ সূর্য্যমণ্ডলং পূজাত্বোপপাদনেন ভূষয়তীতি হে তথাবিধ জয় ইতি ক্লেশসহনত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ অতএব মননশীলানাং মানসহংস মানসে সরসি হংসইব সদা তচ্চিত্তে স্থিতইত্যর্থঃ অতএব সমপ্রকৃতিকত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ। তেন তৎসংসারং নাশয়তীতি হে তাদৃশ ইতি বিবেচকত্বং। ধীরশান্তলক্ষণঞ্চ তত্রৈব। সমপ্রকৃতিকঃ ক্লেশসহনশ্চ বিবেচকঃ। বিনয়াদিগুণোপেতো ধীরশান্ত উদীর্য্যতে ॥ ২ ॥ নিজোপাস্যত্বেঽপি ধ্যেয়বিশেষত্বেন ধীরোদ্ধতত্বমাহ দ্বাভ্যাং কালিয়নামা বিষধরঃ সর্পস্তস্য গঞ্জনেন জনান্ বিনা মৎসেবনং জনা ইতিবৎ ব্রজজনান্ রঞ্জয়তীতি হে জনরঞ্জন কিমিতি তান্ রঞ্জয়ানীত্যাহ যদুকুলমেব নলিনং তস্য দিনেশ সূর্য্যইব যাদবানাং হিতার্থায় ধৃতো গিরিবরো ময়া ইত্যাদি বচনাদ্গোপাএব যাদবা অতো গোকুলপ্রকা-

শক ইত্যর্থঃ। কালিয়েতি মাৎসর্য্যবত্ত্বং জনরঞ্জনেতি যদুকুলেতি চ অহঙ্কারিত্বং অহন্তয়া মমতয়া চ জনরঞ্জনাদিসিদ্ধেঃ। ধীরোদ্ধতলক্ষণঞ্চ মাৎসর্য্যবানহঙ্কারী মায়াবী রোষণশ্চলঃ। বিকত্থনশ্চ বিদ্বদ্ভি ধীরোদ্ধত উদাহৃতঃ ॥ ৩ ॥ তস্যৈব দ্বারকাদ্যুপাস্যত্বেনাপ্যাহ মধুমুরনরকান্ বিনাশয়তীতি হে তথাবিধ। গরুড়ঃ পক্ষিরাজঃ সএব আসনং যস্য হে তাদৃশ সুরকুলকেলীনাং নিদানং আদিকারণং হে তাদৃশ এতৈর্ম্মায়াবিত্বাদিচতুষ্টয়ং ॥ ৪ ॥ সর্ব্বতাপোপশমনপূর্ব্বকসর্ব্বাভীষ্টপ্রদত্বয়া দেবসাহায়করূপেণ ধীরোদাত্তত্বমাহ দ্বাভ্যাং। নির্ম্মলকমলদলে ইব তাপশমকে লোচনে যস্য হে তাদৃশ জয় ইতি। তাদৃশলোচনোপলক্ষিতগম্ভীরত্বং কথং তাপশমকত্বং অত আহ ভবং সংসারং মোচয়তীতি তাদৃশ ইতি করুণত্বং তদপি কুতঃ ত্রিভুবনানাং ভবনস্য নিধানো নিধিরিবকারণং জনক ইত্যর্থঃ ইতি বিনয়িত্বং। ধীরোদাত্তলক্ষণং যথা॥ গম্ভীরো বিনয়ী ক্ষন্তা করুণঃ সুদৃঢ়ব্রতঃ। অকত্থনো গূঢ়গর্ব্বো ধীরোদাত্তঃ সুসত্ত্বভৃদিতি ॥ ৫ ॥ জনকসুতয়া কৃতং ভূষণং যস্য হে তাদৃশ জয় ইতি সুদৃঢ়ব্রতত্বং জিতো দূষণস্তন্নামা রাক্ষসো যেন তাদৃশ ইত্যকত্থনত্বং সংগ্রামে শমিতো রাবণো যেন তাদৃশ ইতি ক্ষন্তৃত্বগূঢ়গর্ব্বত্বসুসত্ত্বভৃত্ত্বানি ॥ ৬ ॥ অস্মিন্ ধীরললিতমুখ্যত্বপ্রতিপাদনায় অজিতরূপত্বেন সংপুটিতমিব পুনস্তমেবাহ অভিনবেতি হে নবীন মেঘবৎসুন্দর জয় ধৃতো মন্দরস্তন্নামাগিরির্যেন তাদৃশ ক্ষীরাব্ধিমথনে ইত্যধিগন্তব্যাং আভ্যাং নবতরুণত্বং তদধিগমঃ কুতঃ শ্রিয়ঃ সমুদ্রমথনাবির্ভূতায়া মুখচন্দ্রে চকোরইব সলালস ইতি প্রেয়সীবশত্বং এতেষু কেচিদ্গুণা অংশেন শ্রীকৃষ্ণস্য সর্ব্বএব পরিপূর্ণতয়া বিরাজন্ত ইতি সর্ব্বোৎকর্ষত্বং অতোঽত্রাপি নবপদৈঃ সমাপ্তিঃ ॥ ৭ ॥

অথস্বসহিতেষ্বে তচ্ছ্রোতৃবক্তৃষু প্রসাদং প্রার্থয়তে হে শ্রীকৃষ্ণ তবচরণে বয়ং প্রণতা ইতি ভাবয় জানীহি জ্ঞাত্বা কিং কর্ত্তব্যং প্রণতেষু অস্মাসু কুশলং তল্লীলানুভবসামর্থ্যং কুরু দেহি তল্লীলানুভবস্য তৎপ্রসাদং বিনানুপপত্তেঃ পরমানন্দরূপত্বাদিত্যর্থঃ॥ ৮ ॥ তত্র স্বানুভবং প্রমাণয়তি জয়দেবকবের্ম্মম মুদং করোতি ইদমিতি কিং মঙ্গলং মঙ্গলাচরণমাত্রং কীদৃশং উজ্জ্বলরসস্য গীতির্গানং যত্র তৎ এবঞ্চেৎ কিমুকেলীনামিত্যর্থঃ॥ ৯ ॥

এবং প্রার্থ্য শ্রোতৄন্ প্রত্যাশিষমাতনোতি পদ্মেতি। মধুসূদনস্য বক্ষ্যমাণরীত্যা শ্রীকৃষ্ণস্য উরো বো যুষ্মাকং প্রিয়ং বাঞ্ছিতং অনু নিরন্তরং

পূরয়তু কীদৃশং পদ্মা শ্রীরাধা তস্যাঃ পয়োধরপ্রান্তভাগপরিরম্ভলগ্ন-কুঙ্কুমেন মুদ্রিতং মুদ্রাংপ্রাপিতমিত্যর্থঃ অত্রান্যা মা বিশতু ইত্যভি-প্রায়েণৈবেতি ভাবঃ অতএব খেলতা অনঙ্গেন যঃ খেদস্তেন স্বেদাম্বুনাং পূরঃ প্রবাহো যত্র তৎ তত্রোৎপ্রেক্ষাতে ব্যক্তঃ প্রকটীভূতোঽনুরাগো যত্র তদিব। অন্তরুচ্ছলিতঃ প্রিয়ানুরাগো বহিঃ কাশ্মীররূপেণ উরসি আবির্ভূত ইত্যর্থঃ ॥ ১ ॥

